পুস্তক পরিচিতি
ও
মূল্য তালিকা

মাযহাবের গোড়ার কথা

মাযহাব ও তাকলীদ কি ও কেন
শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

হাদীসে রাসূল
সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
মুফতী মাওলানা মনসূরুল হক

ঈমান ও আকীদা
হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

হায়াতুল মুসলিমীন
আদর্শ মুসলিম জীবন
হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

হযরত থানভী রহ.-এর শ্রেষ্ঠতম ওয়াজ
আত্মার প্রশান্তি
হাকীমুল উম্মত মুজাদ্দিদে মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

বেহেশতের পথ ও পাথেয়
হযরত মাওলানা হাফেয মুহাম্মাদুল্লাহ হাফেজ্জী হুযুর রহ.

সাহাবা জীবনের আলোকময় কাহিনী
কিসরার মুকুট
নাসীম আরাফাত

কুরআন ও সুন্নাহর আলোকে
ইসলামী যিন্দেগী
মুফতী মাওলানা মনসূরুল হক

ছোটদের সহীহ হাদীস শিক্ষা
হাদীসের আলো

হাদীস ও সুন্নাহয়
নামাযের পদ্ধতি
মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক

মুফতী মাওলানা মুহাম্মাদ তাকী উসমানী
ইসলাম ও আধুনিকতা

আত্মশুদ্ধি
মুফতী মুহাম্মাদ শফী রহ.

খৃষ্টধর্মের স্বরূপ
শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

বিবাহ ও তালাক
শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

তালিবানে ইলমের রাহে মনযিল

সহীহ হাদীসের আলোকে তারাবীর রাকাআত সংখ্যা
সহীহ হাদীসের আলোকে ঈদের নামায
মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক

কিতাবুল ঈমান
মুফতী মাওলানা মনসূরুল হক

ইসলাম কি ও কেন?
মাওলানা মুহাম্মাদ মনযূর নো'মানী রহ.

কুরআনের ডাক ও আমাদের জীবন
হযরত প্রফেসর মুহাম্মাদ হামীদুর রহমান

তাসাওউফ কি ও কেন
মাওলানা মুহাম্মাদ মনযূর নো'মানী রহ.

আমালুস সুন্নাহ

ইসলাম ও আমাদের জীবন
যিক্‌র ও ফিক্‌র
শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

প্রিয় নবীর স.
প্রিয় সুন্নাত

মাকতাবাতুল আশরাফ

ইসলামী টাওয়ার, মাকতাবা-৫
১১, বাংলাবাজার, ঢাকা-১১০০
ফোন : ৯৫৮৯৩০৮, ০১৭১২-৮৯৫৭৮৫

ই-মেইল: support@maktabatulashraf.com, ওয়েবসাইট: www.maktabatulashraf.com

আল্লাহর নামে শুরু,
যিনি সকলের প্রতি দয়াবান,
পরম দয়ালু।

পুস্তক পরিচিতি ও মূল্য তালিকা

সংকলন ও পরিকল্পনা
মুহাম্মাদ হাবীবুর রহমান খান
স্বত্বাধিকারী : মাকতাবাতুল আশরাফ

গ্রাফিক্স ডিজাইন
সাইদুর রহমান

প্রকাশকাল
শাবান ১৪৩৮ হিজরী
মে ২০১৭ ঈসায়ী

বিশেষ দ্রষ্টব্য
মুদ্রণ সামগ্রীসহ অন্যান্য জিনিষের মূল্য বৃদ্ধি বা
অন্য কোনো কারণে প্রদত্ত মূল্য পরিবর্তন হতে পারে

সংক্ষিপ্ত পরিচিতি : লক্ষ্য ও উদ্দেশ্য

আখেরাতে বিশ্বাসী একটি জাতির নিজস্ব মূল্যবোধ থাকে। সে মূল্যবোধ হয় সুস্থ, উন্নত এবং দ্বীনকেন্দ্রিক। ধর্মকে বাদ দিয়ে জীবনের আঙ্গিনায় কোনো বাগিচা নির্মাণে সে মূল্যবোধ সম্মতি দেয় না। দ্বীন এবং দ্বীনকেন্দ্রিক সকল কিছুই তার মূল প্রতিপাদ্য। মাকতাবাতুল আশরাফ এমনই একটি সৌন্দর্যমণ্ডিত মূল্যবোধকে ধারণ করে ধীরে ধীরে প্রকাশনার ময়দানে এগিয়ে চলছে। প্রত্যেক মুমিনের জন্য জীবনগঠনমূলক গ্রন্থ, কুরআন-হাদীসের আলোচনা, ভাষণ, ইতিহাস, ফাযায়েল, মাসায়েল, ইসলাহ, তাসাওউফ, আত্মশুদ্ধি ও সমাজসংস্কার, সাধারণ সাহিত্য, কিশোর সাহিত্য এবং নবীজীবন, সাহাবাজীবনসহ আল্লাহওয়ালা বুযুর্গানে দ্বীনের জীবনকাহিনী, আদর্শ এবং সংশিষ্ট বহুধর্মী প্রকাশনা মাকতাবাতুল আশরাফ এর বিচরণক্ষেত্র।

মাকতাবাতুল আশরাফ বাজারের হাজার রকম বই-পত্রের ভিড়েও স্বতন্ত্র একটি বৈশিষ্ট্য নিয়ে পথ চলছে। আপনার সুস্থ দ্বীনী আবেগ ও রুচির এক সমন্বিত দস্তরখান মাকতাবাতুল আশরাফ। আপনার মেধা ও মননকে আরো সজীব, সৎ, সুস্থ ও আখেরাতমুখী করতে মাকতাবাতুল আশরাফ -এর প্রকাশনার সাহায্য গ্রহণ করুন।

মাকতাবাতুল আশরাফ দ্বীনী বিষয়বস্তুকে দ্বীনী মেজাযে আধুনিক আঙ্গিকে উপস্থাপনায় প্রতিশ্রুতিবদ্ধ। এই প্রতিশ্রুতিকে সামনে রেখে মাকতাবাতুল আশরাফ দিন দিন আরো উপযোগী, আরো আকর্ষণীয় সব প্রকাশনা আরো চমৎকার সব উপহার নিয়ে আপনাদের সামনে হাজির হচ্ছে।

আমাদের পথচলা সম্পর্কে কয়েকটি কথা

আমি বাবা-মার কনিষ্ঠ সন্তান হওয়ার সুবাদে ভাই-বোন সবাই আমার বড়। স্বাভাবিকভাবেই পড়া-শোনায়ও তারা অগ্রসর ছিলেন। শুরু জীবনে স্কুলে পড়ার সময় প্রত্যেক ক্লাশেই নতুন বছরের শুরুতে সামান্য কয়েকদিনে নিজের বই একা একা পড়ে শেষ করে, বড়দের পাঠ্য ও নোটবই সবই লুকিয়ে লুকিয়ে পড়তে থাকতাম। সে সময় হতেই নতুন বইয়ের প্রতি এক ধরনের প্রবল আকর্ষণ অনুভব করতাম। এরপর একসময় মেজো ভাইয়ের শ্বশুর-বাড়িতে বই-পুস্তকের বিশাল এক ভাণ্ডারের সন্ধান পেলাম। কলকাতায় তাদের সম্ভবত প্রেস ও বাইন্ডিং কারখানা ছিল। সে সুবাদে গল্প, উপন্যাস রম্যরচনাসহ অনেক প্রকারের বই সে বাড়িতে ছিল। আমি সুযোগ পেলেই সেখানে চলে যেতাম। বাছ-বিচার ছাড়াই সব রকমের বই গিলতে থাকতাম। লেখালেখির সূচনা অবশ্য মাদরাসায় ভর্তি হওয়ার পরে হয়েছে। আর নিজের বই নিজে ছাপানোর সূচনাও ছাত্রজীবনে দেশের বাইরে হয়েছে।

জীবনের প্রথম লেখা ছাপা হয়েছিল আজ থেকে তিন যুগের বেশি সময় আগে। আশরাফাবাদ মাদরাসা নূরিয়া থেকে প্রকাশিত 'আলআশরাফ' নামক একটি বার্ষিকীতে। দৈনিক পত্রিকায় প্রথম লেখা ছাপা হয় এর কয়েক বছর পর লালবাগ মাদরাসায় পড়ার সময়, সে সময়ের বহুল প্রচারিত দৈনিক আজাদ পত্রিকার মুকুল-এর মাহফিলে। এরপর তো অনেক লেখাই অনেক দৈনিকে ছাপা হয়েছে।

পড়া-শোনা শেষে দেশে ফিরে আসার পর পরই মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ্ আবরারুল হক ছাহেব রহ.-এর 'তা'লীমুস সুন্নাহ' শীর্ষক একটি বয়ান অনুবাদ করে যখন ছাপানোর উদ্যোগ গ্রহণ করি, তখন আমার মুরুব্বী হযরত প্রফেসর হামীদুর রহমান ছাহেব দামাত বারাকাতুহুমের সাথে পরামর্শকালে তাঁকে অনুরোধ করি, হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর নামযুক্ত করে একটি প্রকাশনীর নাম রেখে দিতে। তখন তিনি বললেন, মদীনা শরীফে মসজিদে নববীর উত্তর গেট 'বাবে মাজিদী'

দিয়ে বের হলে, দূরে উত্তর-পশ্চিম কর্নারে একটি কুতুবখানার সাইনবোর্ড দেখা যায় "মাকতাবাতুল ঈমান", তুমি তোমার প্রকাশনীর নাম রাখতে পার "মাকতাবাতুল আশরাফ"। ১৪১৬ হিজরীর রবিউস সানী মাসে আমার মুরুব্বীর এ প্রস্তাবনা থেকেই আমাদের প্রতিষ্ঠানের নাম মাকতাবাতুল আশরাফ রাখা হয়।

প্রথম দিকে কোথায়ও আমাদের কোনো নিজস্ব বিক্রয়কেন্দ্র ছিল না। বাসার ঠিকানায় বই প্রকাশ করে, বিভিন্ন লাইব্রেরিতে বিক্রির জন্য দেওয়া হতো। অধিকাংশ লাইব্রেরি থেকে পাওনা টাকা পরিশোধ করার ক্ষেত্রে খুব গড়িমসি করত। আমাদের পুরোনো হিসাবের খাতায় যে সকল ব্যক্তি ও লাইব্রেরির নিকট টাকা পাওনার কথা লেখা আছে, তাদের মধ্যে এমনও কয়েকজন আছেন যাদের পরবর্তীতে খুঁজে পাওয়া যায়নি। তাদের কেউ হয়তো ব্যবসা গুটিয়ে চলে গেছেন। আবার কেউ কেউ দুনিয়া থেকেই বিদায় নিয়েছেন।

এরপর আমাদের একজন আলেম-প্রকাশক বন্ধুর পীড়াপীড়িতে ২০০০ ঈসায়ী সনের জুন মাসের ২৭ তারিখে, ৫০, বাংলাবাজারস্থ পাঠকবন্ধু মার্কেটের আন্ডার গ্রাউন্ডে নিজস্ব একটি বিক্রয়কেন্দ্র খোলা হয়। সেখানে আমরা পাঁচ বছর ব্যবসা পরিচালনা করি। এরপর ২০০৫ সালের মে মাসের ২৩ তারিখে আমাদের কয়েকজন হিতাকাঙ্ক্ষীর অনুরোধে ইসলামী টাওয়ারের নির্মাণকাজ চলাকালে এখানে স্থানান্তরিত হই। আলহামদুলিল্লাহ! আমরা এখন ইসলামী টাওয়ারের অন্যান্য লাইব্রেরিমালিক ও কর্মচারীদের ভালোবাসা নিয়ে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে সুন্দরভাবে দ্বীনপ্রচারের কাজ করতে পারছি।

ইসলামী টাওয়ার কেবল সমগ্র বাংলাদেশেই ইসলামী বই-পত্রের মার্কেট হিসেবে পরিচিত নয়, বরং সমগ্র মুসলিমবিশ্বেই এ মার্কেটের পরিচিতি রয়েছে। আল্লাহ পাক এ মার্কেটসংশ্লিষ্ট সবাইকে কবুল করুন এবং এখান থেকে কেয়ামত পর্যন্ত দ্বীনপ্রচারের কাজ নিন। আমীন।

মাকতাবাতুল আশরাফ কেন্দ্রিক আমাদের কিছু স্বপ্ন আছে। সে সকল স্বপ্ন বাস্তবায়নের জন্য আমরা সকলের দু'আ চাই। বিশেষত হাকীমুল উম্মত হযরত থানভী রহ.-এর রচনাভাণ্ডার হতে সাধারণ মানুষের উপযোগী রচনাসমূহ, মালফূযাত-এর ত্রিশ খণ্ড, খুতুবাত-এর বত্রিশ খণ্ডের অনুবাদ করে তা পাঠকসমাজের হাতে পৌঁছে দেওয়া। এবং সাধারণ মানুষের উপযোগী দৈনন্দিন প্রয়োজনীয় মাসয়ালা-মাসায়েল-এর একটি প্রামাণিক বৃহৎ সংকলন যা ন্যূনতম দশ খণ্ডের হবে, প্রকাশ করার স্বপ্ন দেখছি। আরো একটি বড় স্বপ্ন আছে, আর তা হলো, কলজেছেঁচা খুন, হৃদয়নিংড়ানো ভক্তি-ভালোবাসা ও গভীর নিশিতে মুনাজাতে অশ্রুজড়ানো চোখের অধিকারী কোনো আল্লাহওয়ালার কলমের 'শাহকার' হিসাবে স্বীকৃতিলাভের পরিপূর্ণ অবয়ব নিয়ে রচিত অনন্য ও নির্ভরযোগ্য একখানা সীরাতগ্রন্থ (যা হবে সার্বিক অর্থেই প্রামাণিক ও আধুনিক) প্রকাশ করা, যে স্বপ্ন আমাকে ব্যাকুল করে রেখেছে। এ কাজগুলো সুন্দরভাবে আঞ্জাম দেওয়ার জন্য আমরা ইসলামী টাওয়ারের চতুর্থ তলায় একটি 'দারুত তাসনীফ' প্রতিষ্ঠা করেছি। আল্লাহ পাক আমাদের সকল ভুল-ত্রুটি ক্ষমা করে এ সকল প্রচেষ্টাকে কবুল করুন। আমাদের দ্বারা তাঁর দ্বীনের খেদমত কবুল করুন। এ দু'আ আমরা নিজেরাও করছি এবং সকলের নিকট এ দু'আ বিনীতভাবে কামনা করছি।

আল্লাহ পাক আমাদের সবাইকে তাঁর সন্তুষ্টির পথে চালান। এ জীবনে হায়াতে তাইয়্যেবা এবং পরকালে জান্নাত দান করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

তারিখ
২৭ রজব ১৪৩৮ হিজরী
২৪ এপ্রিল ২০১৭ ঈসায়ী
রাত ১১ : ৪৫ মিনিট

বিনীত
মুহাম্মাদ হাবীবুর রহমান খান
স্বত্বাধিকারী : মাকতাবাতুল আশরাফ
ইসলামী টাওয়ার, চতুর্থ তলা, ১১ বাংলাবাজার, ঢাকা
ই-মেইল : habibkhan.dhaka@gmail.com

তাফসীরে তাওযীহুল কুরআন (১-৩ খণ্ড)

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম
পৃষ্ঠা : ৬৪০ (১ম খণ্ড), ৬০৮ (২য় খণ্ড), ৬৯৬ (তৃতীয় খণ্ড)
মুদ্রিত মূল্য : ২,১৩০.০০ টাকা মাত্র (অফসেট পেপার, পূর্ণসেট)
বর্তমান ছাড়মূল্য ৯০০/= (নয়শত টাকা মাত্র)

তাফসীরে তাওযীহুল কুরআন (সমগ্র)

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম
পৃষ্ঠা : ১৩২০
মুদ্রিত মূল্য : ১৪০০.০০ টাকা মাত্র
বর্তমান ছাড়মূল্য ৭০০/= (সাতশত টাকা মাত্র)

প্রথম খণ্ড সূরা ফাতেহা হতে সূরা তাওবা। দ্বিতীয় খণ্ড সূরা ইউনুস হতে সূরা আনকাবুত। তৃতীয় খণ্ড সূরা রূম হতে সূরা নাস।

আয়াতুল কুরআনের সহজ-সরল, সাবলীল ও নিকটতম অনুবাদ, সংক্ষিপ্ত সারগর্ভ ব্যাখ্যা, প্রয়োজনীয় শানে নুযূল ও সংশ্লিষ্ট মাসআলা-মাসায়েল সম্বলিত সর্বাধুনিক এ তাফসীরগ্রন্থখানি অতি যত্নে বিদগ্ধ উলামায়ে কেরামের সতর্ক প্রুফ সংশোধনসহ উন্নত কাগজ, ঝকঝকে ছাপা, মজবুত বাঁধাই ও আকর্ষণীয় প্রচ্ছদে প্রকাশিত হয়েছে।

উলামা-তালাবা, ইমাম-খতীব এবং ওয়ায়েয ও সাধারণ শিক্ষিত মুসলমানদের মধ্যে সাম্প্রতিককালের সর্বাধিক বিক্রিত ও ব্যাপক সাড়া জাগানো এই তাফসীরগ্রন্থটি এখন পাওয়া যাচ্ছে দেশের সকল সম্ভ্রান্ত ইসলামী পুস্তকালয়ে অতি সুলভ মূল্যে। কুরআনপ্রেমীদের সংগ্রহে রাখার মতো এই তাফসীরগ্রন্থ ইনশাআল্লাহ আপনাকে দান করবে কুরআনের নূর।

বিশেষত প্রথম খণ্ডের শুরুতে মারকাযুদ দাওয়াহ্ আল ইসলামিয়া ঢাকা-এর আমীনুত তা'লীম মাওলানা মুহাম্মাদ আবদুল মালেক ছাহেব দামাত বারাকাতুহুম কর্তৃক লিখিত দুটি ভূমিকা [প্রথমটির শিরোনাম হলো, 'কুরআনুল কারীমের কতিপয় হক ও আদব' এবং দ্বিতীয়টির শিরোনাম হলো, "কুরআন বোঝার চেষ্টা : কিছু নিয়মকানুন"] এবং "ওহী কী ও কেন?" শীর্ষক মূল লেখকের একটি চমৎকার লেখা, যাতে ওহীর প্রয়োজনীয়তা, ওহী নাযিলের পদ্ধতি, কুরআন নাযিলের তারিখ, সর্বপ্রথম অবতীর্ণ আয়াত, মক্কী ও মাদানী আয়াত, পর্যায়ক্রমিক অবতরণ, শানে নুযূল, কুরআন সংরক্ষণের ইতিহাস, ওহী লিপিবদ্ধকরণ, কুরআন সংকলন, হিযব, মনযিল, পারা বা জুয, রুকু, ওয়াক্ফ, তাফসীরশাস্ত্র, তাফসীর সম্বন্ধে বিভ্রান্তি ইত্যাদি অতি প্রয়োজনীয় সব আলোচনা সংক্ষেপে করা হয়েছে। সর্বোপরি প্রায় অধিকাংশ সূরার শুরুতে "পরিচিতি" শিরোনামে অতি মূল্যবান আলোচনা এমনভাবে করা হয়েছে যে, এতে সূরার বিষয়বস্তুর সার-সংক্ষেপ এসে গেছে।

বর্তমানে এ তাফসীরগ্রন্থ দুটি সাইজে পাওয়া যাচ্ছে। ভিন্ন তিন খণ্ডে। যার মুদ্রিত মূল্য ২,১৩০/= (দুই হাজার একশত ত্রিশ টাকা)। কিন্তু এখন বিশেষ ছাড়মূল্যে মাত্র ৯০০/= (নয়শত টাকায়) সংগ্রহ করতে পারেন।

বড় সাইজের এক খণ্ডে (প্রায়) ১৩২০ পৃষ্ঠা। যার মুদ্রিত মূল্য ১৪০০/= (এক হাজার চারশত টাকা) কিন্তু এখন বিশেষ ছাড়মূল্যে মাত্র ৭০০/= (সাতশত টাকায়) পাওয়া যাচ্ছে। আপনার কপি আজই সংগ্রহ করুন।

ওহী কী ও কেন?

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম
পৃষ্ঠা : ৩২
মূল্য : ৫০.০০ টাকা মাত্র

প্রতিটি মুসলিম জানেন আল্লাহ তাআলা মানুষকে এ পৃথিবীতে পরীক্ষার জন্য পাঠিয়েছেন। সে লক্ষ্যে তিনি তার প্রতি কিছু দায়িত্ব-কর্তব্য ন্যস্ত করেছেন এবং সমগ্র সৃষ্টিকে তার সেবায় নিয়োজিত করেছেন। অতএব পৃথিবীতে আসার পর মানুষের জন্য দুটি কাজ অপরিহার্য হয়ে দাঁড়িয়েছে। এক তো এই যে, সে এই জগৎ এবং এতে সৃষ্ট বস্তুরাজি দ্বারা যথাযথ কাজ নেবে আর দ্বিতীয় এই যে, সৃষ্টিজগতের বস্তুনিচয়কে ব্যবহার করার সময় আল্লাহ তাআলার হুকুম-আহকামকে সামনে রাখবে এবং এমন সব কাজ পরিহার করে চলবে, যা আল্লাহ তাআলার পসন্দ নয়।

মানুষের জন্য অপরিহার্য এই যে দুটি কাজের কথা বলা হলো, এর জন্য তার 'ইলম' প্রয়োজন। কেননা সে যতক্ষণ পর্যন্ত না জানবে এই সৃষ্টিজগতের হাকীকত কী, এর কোন বস্তুর কী বৈশিষ্ট্য এবং এর দ্বারা কীভাবে উপকার গ্রহণ সম্ভব, ততক্ষণ পর্যন্ত জগতের কোনও একটি জিনিসকেও সে নিজ কাজে ব্যবহার করতে পারবে না। এমনিভাবে সে যতক্ষণ পর্যন্ত জানতে না পারবে, আল্লাহ তাআলার মর্জি কী এবং তিনি কোন কাজ পসন্দ ও কোন কাজ অপসন্দ করেন, ততক্ষণ পর্যন্ত তার পক্ষে আল্লাহ তাআলার মর্জি মোতাবেক জীবন যাপন করা সম্ভব নয়।

আর এ বিষয়টি একমাত্র ওহীর মাধ্যমেই জানা সম্ভব। তাই যুগে যুগে আল্লাহ পাক মানুষের হেদায়েতের জন্য যেরূপভাবে অনেক নবী-রাসূল প্রেরণ করেছেন, তদ্রূপ তাঁদের বিভিন্নজনের উপরে বিভিন্ন প্রত্যাদেশ নাযিল করে স্বীয় বিধানও তাঁদের জানিয়ে দিয়েছেন। আর এটাকেই ওহী বলা হয়। আমাদের প্রকাশিত 'ওহী কী ও কেন?' ওহীর পরিচয় সম্পর্কিত একটি পুস্তিকা।

আল কুরআনুল কারীম : কতিপয় হক ও আদব এবং অধ্যয়নের পথ ও পন্থা

রচনা : মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক
আমীনুত তা'লীম : মারকাযুদ দাওয়াহ্ আলইসলামিয়া ঢাকা
পৃষ্ঠা : ৩২
মূল্য : ৫০.০০ টাকা মাত্র

এ পুস্তিকাটি মূলত হযরত মাওলানা মুহাম্মাদ আবদুল মালেক ছাহেব দামাত বারাকতুহুম-এর দুটি লেখার সমন্বিত রূপ। প্রথম লেখাটি তাফসীরে তাওযীহুল কুরআনের প্রথম খণ্ডের ভূমিকারূপে লেখা হয়েছিল। যাতে কুরআন তিলাওয়াতের গুরুত্ব ও কুরআনুল কারীমের হকসমূহ হতে গুরুত্বপূর্ণ কয়েকটি হক নিয়ে আলোচনা করা হয়েছে। দ্বিতীয় লেখাটি "কুরআন বোঝার চেষ্টা : কিছু নিয়ম-কানুন"। এখন এ দুটি লেখাকে পুস্তিকা আকারে প্রকাশকালে আমরা এর নামকরণ করেছি "আল কুরআনুল কারীম : কতিপয় হক ও আদব এবং অধ্যয়নের পথ ও পন্থা"।

আলহামদুলিল্লাহ! কলেবরে ছোট হলেও কুরআনুল কারীমের হকসমূহ ও কুরআন বোঝার সঠিক পদ্ধতি ও কুরআনের বিধানের উপর আমলের উপায় সম্পর্কে রাহনুমায়ী করার সাথে সাথে এ বিষয়ে যে সকল ভ্রান্তির শিকার হয়ে মানুষ হেদায়েতের পরিবর্তে গোমরাহীর প্রসার ঘটায় তাও চিহ্নিত করে তার প্রতিকার বলে দেওয়া হয়েছে।

এ কিতাবটি উলামায়ে কেরাম, তালাবায়ে ইযাম, খতীব ছাহেবান, ইমাম ছাহেবান, ওয়ায়েজীনসহ সকল শ্রেণীর কুরআনী ইলমের প্রতি আগ্রহী ব্যক্তিবর্গের জন্য উপযুক্ত উপহার হিসেবে বিবেচিত হবে ইনশাআল্লাহ্।

নূরানী কায়েদাহ

মূল : মৌলবী নূর মুহাম্মাদ ছাহেব লুধ্‌য়ানভী রহ.
সম্পাদনা ও পরিমার্জন : মুহিউস্ সুন্নাহ্ হযরত মাওলানা শাহ্ আবরারুল হক ছাহেব রহ.
পৃষ্ঠা : ৫৬
মূল্য : ৩০ টাকা মাত্র

যে কায়দাটি বহুকাল পূর্বে সর্বপ্রথম মৌলবী নূর মুহাম্মাদ ছাহেব লুধ্‌য়ানভী রহ. সংকলন করেছেন। পরবর্তীতে মুহিউস্ সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক ছাহেব রহ.-এর তত্ত্বাবধানে অনেক অর্থ ব্যয় করে, অনেক উপকারী বিষয় সংযোজন করে পুনরায় নতুনভাবে সংকলন করা হয়েছে। যা শিশুদের খুব সহজে কুরআনুল কারীম পাঠের উপযোগী করে গড়ে তোলে।

আলফিয়াতুল হাদীস (মতন-মূলপাঠ)

সংকলন : মাওলানা মুহাম্মাদ মনযুর নোমানী রহ.
পৃষ্ঠা : ২৪৮
মূল্য : ১৯০.০০ টাকা মাত্র

জগদ্বিখ্যাত আলেমে দ্বীন ও দাঈ হযরত মাওলানা মুহাম্মাদ মনযুর নোমানী রহ.-এর অপূর্ব এক হাদীস সংকলন। যাতে এক সহস্র সহীহ হাদীস সূত্রসহ ফিকহী আবওয়াব-এর তারতীবে সংকলিত হয়েছে। যা ফিক্‌হে হানাফীর অন্যতম দলীল ভাণ্ডাররূপে বিবেচিত হয়ে আসছে এবং উপমহাদেশের অধিকাংশ কওমী মাদরাসার পাঠ্যতালিকাভুক্ত হয়ে উলামা ও তলাবাদের মধ্যে ব্যাপক পাঠকপ্রিয়তা লাভ করেছে। আমরা এ কিতাব তাহকীক, তা'লীক ও তাখরীজসহ প্রকাশ করেছি।

ছোটদের সহীহ হাদীস শিক্ষা
হাদীসের আলো

সংকলন : শাইখ মুহিউদ্দীন মুহাম্মাদ আওয়ামা (মদীনা মুনাওয়ারাহ)
অনুবাদ : মাওলানা হেদায়েতুল্লাহ
সম্পাদনা : মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক
পৃষ্ঠা : ১৮৪
মূল্য : ১৮০.০০ টাকা মাত্র

প্রাথমিক স্তরে শিক্ষারত মুসলিম শিশুদের কুরআন হিফয করার সাথে সাথে হিফযে হাদীসের জন্য রচিত সহীহ হাদীসের একটি নির্বাচিত সংকলন। এতে স্থান পেয়েছে তিন শতাধিক সহীহ হাদীস। উদ্ধৃতি ও অনুবাদসহ কিতাবটি অফসেট পেপারে আকর্ষণীয় প্রচ্ছদে মজবুত বাঁধাইসহ প্রকাশিত হয়েছে। যা ইতোমধ্যেই এ দেশের শীর্ষস্থানীয় বহু দ্বীনী মাদরাসার পাঠ্যতালিকাভুক্ত হয়েছে।

হিফযে নুসূস

ইসলামে দলীল-প্রমাণের গুরুত্ব অপরিসীম এবং দলীলবিহীন যে কোনো বিষয় ইসলামের দৃষ্টিতে ভিত্তিহীন। দ্বীন ও শরীয়তের সকল বিষয় দলীল দ্বারা প্রমাণিত। এখানে আন্দাজ-অনুমানের কোনো স্থান নেই।

জাগতিক বিষয়েও ইসলামের বিধান :

(তরজমা) যে বিষয়ে তোমার কোনো জ্ঞান নেই তার পেছনে পড়ো না। নিশ্চয় কান, চোখ ও হৃদয় প্রত্যেকটি সম্পর্কে কৈফিয়ত তলব করা হবে। -সূরা ইসরা : ৩৬

(তরজমা) কোনো ব্যক্তি মিথ্যাবাদী হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে যা শোনে সব বর্ণনা করে। -সহীহ মুসলিম (মুকাদ্দিমা) : ৫

পারিবারিক ও সামাজিক বিষয়ে ইসলামের আদেশ :

(তরজমা) হে মুমিনগণ! তোমরা অনেক ধারণা পরিহার করো। কারণ কোনো কোনো ধারণা পাপ...। -সূরা হুজুরাত : ১২ [সূত্র : হাদীসের আলো, পৃষ্ঠা : ২৭-২৮]

হাকীমুল উম্মত হযরত থানভী রহ. কর্তৃক রচিত প্রায় এক সহস্র কিতাব হতে নির্বাচিত এগারখানা কিতাবের সমষ্টি

ইসলাহী নেসাব

মূল : হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ৯২৮

মূল্য : ৬৪০.০০ টাকা মাত্র

হযরত থানভী রহ. রচিত প্রায় এক সহস্র কিতাব হতে অতি বিচক্ষণতার সাথে হযরত রহ.-এর আস্থাভাজন খলীফা ডা. আব্দুল হাই আরেফী রহ. কর্তৃক নির্বাচিত এবং অন্যান্য প্রায় সকল খলীফা কর্তৃক সমর্থিত ও নিজ নিজ মুরীদদের জন্য নির্দেশিত এগারখানা কিতাবের সমষ্টি, যা আল্লাহর পথের পথিকদের পাথেয় হিসেবে বিবেচিত। সকল মুসলমানেরই তা পাঠ করা উচিত। যাতে করে দ্বীনী বিষয়ে অজ্ঞতার অবসান হয় এবং অতি প্রয়োজনীয় বিষয় সম্পর্কে জেনে তা যথাযথ মেনে চলে আল্লাহ পাকের সন্তুষ্টি লাভ হয়। সাথে সাথে সুন্নাহ অনুসরণের নামে যাতে বিদ'আতে লিপ্ত না হয় এবং পুণ্য অর্জনের দোহাই দিয়ে পাপে ডুবে না যায়। এ সকল কিতাব কেবল একবার পাঠ করার জন্য নয়। বরং বারবার পাঠ করে ঈমান-আমলে মজবুত হওয়ার চেষ্টা করা উচিত।

গোনাহের চিকিৎসা

হযরত থানভী রহ. বলেন, কুদৃষ্টির চিকিৎসা এই যে, আল্লাহওয়ালাগণের জীবনী নিয়মিতভাবে পড়বে এবং কোনো একসময় নির্জনে বসে গোনাহের যে সমস্ত শাস্তি ও ধমকির কথা কুরআন-হাদীসে বর্ণিত হয়েছে সেগুলো নিয়ে চিন্তা-ফিকির করবে। গোনাহের ওয়াসওয়াসা জাগলেও নতুন করে এসবের কথা চিন্তা করবে। তাহলে ইনশাআল্লাহু তা'আলা মনের এ চাহিদা চলে যাবে। এরপরও যদি হালকা চাহিদা থাকে, তাহলে হিম্মত করে এর মোকাবেলা করবে। হিম্মত না করলে কোনো তদবিরই যথেষ্ট নয়। (কামালাতে আশরাফিয়া : ৬২ পৃষ্ঠা)

হাকীমুল উম্মতের শ্রেষ্ঠ রচনা

হায়াতুল মুসলিমীন

আদর্শ মুসলিম জীবন

মূল : হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ২৫৬

মূল্য : ২৪০.০০ টাকা মাত্র

হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. প্রায় এক সহস্র কিতাব রচনা করেছেন। তাঁর সকল কিতাব উম্মতের রূহানী রোগের ব্যবস্থাপত্র। সেই ব্যবস্থাপত্র অনুযায়ী আমল করে যুগ যুগ ধরে মুসলমানগণ উপকৃত হয়েছেন। কিন্তু হযরত-রচিত 'হায়াতুল মুসলিমীন' সম্পর্কে স্বয়ং হযরত রহ. যে কথা বলেছেন তা আর অন্য কিতাব সম্পর্কে শোনা যায়নি। হযরত রহ. বলতেন, "আমার নিজের রচনা সম্পর্কে এ খেয়াল হয় না যে তা আমার নাজাতের উপায় হবে। অবশ্য হায়াতুল মুসলিমীন সম্পর্কে আমার প্রবল ধারণা যে এ কিতাব দ্বারা আমার নাজাত হয়ে যাবে। আমি এ কিতাবকে আমার সমগ্র জীবনের কামাই এবং পুঁজি মনে করি। কিন্তু লোকেরা এ কিতাবটি উর্দু ভাষায় রচিত বলে মূল্যায়ন করে না। এ কিতাবের প্রকৃত মূল্যায়ন ঐ সকল আলেম করতে পারবেন যাঁরা হাদীস শরীফ পড়ান। তাঁরা লক্ষ করবেন যে, সামান্য কথায় কত বিরাট বিরাট প্রশ্ন ও সমস্যার সমাধান কত সহজে করা হয়েছে... এ কিতাব তো কেবল ঐ সকল আমলের সূচিপত্র যা দ্বারা নিশ্চিতভাবে দুনিয়াবী ও দ্বীনী সফলতা অর্জিত হবে। (ফয়যানে তাসানীফে হাকীমুল উম্মত, ডা. আবদুল হাই আরেফী রহ., পৃ. ১৪২-১৪৩)

এ ছাড়া হযরত থানভী রহ.-এর প্রায় সকল খলীফাই তাদের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গকে এ কিতাব নিয়মিত পাঠ করার ব্যাপারে কঠোরভাবে তাকীদ করতেন। মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক ছাহেব রহ.-এর খেদমতে আগত সালেকীনদেরকে তো এ কিতাব পাঠ্য তালিকাভুক্ত কিতাবের ন্যায় প্রতিদিন নির্ধারিত ঘণ্টায় সবকে সবকে পড়ানো হতো।

জাযাউল 'আমাল–আমলের প্রতিদান

মূল : হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত
হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৮০
মূল্য : ১১০.০০ টাকা মাত্র

বর্তমানে আল্লাহর হুকুম পালনে অলসতা ও উদাসীনতা এবং পাপ কাজে লিপ্ততা ও নির্ভীকতার যে অবস্থা আমাদের মধ্যে বিরাজ করছে, তা বলার অপেক্ষা রাখে না। গভীরভাবে চিন্তা-ভাবনা করে এর বড় কারণ এই বুঝে এসেছে যে, নেক ও বদ আমলের ফলাফল শুধু আখিরাতে পাওয়া যাবে মনে করা হয়। এ বিষয়ে মোটেও খবর নেই যে, দুনিয়াতেও এর কিছু শুভ-অশুভ প্রতিক্রিয়া হয়ে থাকে।

এ বিষয়টিই হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. জাযাউল আ'মাল তথা আমলের প্রতিদান নামক গ্রন্থে সুন্দরভাবে উপস্থাপন করেছেন।

কাজের আগ্রহ সৃষ্টির উপকরণসমূহ ক্ষমতাভুক্ত

হযরত থানভী রহ. বলেন, কাজের আগ্রহ নিঃসন্দেহে আল্লাহপ্রদত্ত একটি জিনিস, তবে নিজের মধ্যে আগ্রহ সৃষ্টি করার কিছু উপকরণ মানুষের ক্ষমতাধীন। কারো মধ্যে যদি খোদাপ্রদত্ত অনুরাগ না থাকে, তাহলে তার কিছু উপকরণ অবলম্বন করে নিজের মধ্যে আগ্রহ সৃষ্টি করবে। সে ক্ষেত্রেও আগ্রহ আল্লাহপ্রদত্তই হবে। কিন্তু আল্লাহ তা'আলা বান্দাকে দান করার জন্যে এমন কিছু উপকরণ দিয়েছেন, যা মানুষ নিজ চেষ্টায় অর্জন করতে পারে এবং সেগুলো অবলম্বন করলে তিনি দান করে থাকেন। উদ্দেশ্য হলো, আল্লাহর দান পাওয়া। সে দান আপনা-আপনিই লাভ হোক বা তোমার চেষ্টার মাধ্যমে লাভ হোক, উভয়টি সমান। কারণ, উদ্দেশ্য তো লাভ হলো। (কামালাতে আশরাফিয়া : ৭০)

হুকূকুল ইসলাম–ইসলামের হকসমূহ

মূল : হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ২৪
মূল্য : ৪০.০০ টাকা মাত্র

হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. প্রায় এক সহস্র কিতাব রচনা করেছেন। তাঁর সকল কিতাব উম্মতের রূহানী রোগের ব্যবস্থাপত্র। সেই ব্যবস্থাপত্র অনুযায়ী আমল করে যুগ যুগ ধরে মুসলমানগণ উপকৃত হয়েছেন।

হযরত রহ.-এর একটি ক্ষুদ্র পুস্তিকা "হুকূকুল ইসলাম : ইসলামের হকসমূহ" যে পুস্তিকা রচনাপ্রসঙ্গে হযরত রহ. নিজেই লিখেছেন—

হামদ ও সালাতের পর স্পষ্টভাবে জানা উচিত যে, কুরআন-হাদীস ও যুক্তি-প্রমাণের নিরিখে একথা প্রমাণিত যে, আমাদের নিকট থেকে কিছু হক ও অধিকার দাবি করা হয়েছে। তার মধ্যে কিছু হক আল্লাহ তাআলার, আর কিছু হক বান্দার। বান্দার হকসমূহের মধ্যে কিছু আছে দ্বীন-সংক্রান্ত, আর কিছু আছে দুনিয়া-সংক্রান্ত। দুনিয়া-সংক্রান্ত হকসমূহের মধ্যে কিছু আছে আত্মীয়-স্বজনের, আর কিছু আছে অনাত্মীয়ের, কিছু আছে বিশেষ লোকদের, আর কিছু আছে সাধারণ মুসলমানের। কিছু নিজের থেকে বড়দের, কিছু ছোটদের আর কিছু সমকক্ষদের। এভাবে আরো বহু প্রকারের হক ও অধিকার রয়েছে।

অজ্ঞতার কারণে বেশির ভাগ মানুষের কতিপয় হক সম্পর্কে অবগতিও নেই, আর কিছু লোকের আমল খারাপ হওয়ার কারণে এগুলো আদায় করার প্রতি কোনো গুরুত্ব নেই।

তাই এ বিষয়ে ছোট একটি পুস্তিকা সংকলনের বাসনা মনে জাগল এবং এতে মানুষের উপকার হবে বলে আশা হলো। এ বিষয়ে কাজী সানাউল্লাহ ছাহেব রহ.-এর পুস্তিকা 'হাকীকাতুল ইসলাম'—যার উদ্ধৃতি অধম 'ফুরূউল ঈমান'-এ দিয়েছি—পূর্ণাঙ্গ ও যথেষ্ট ছিল, তাই এ পুস্তিকারই সারসংক্ষেপ তুলে ধরা যথেষ্ট মনে করা হয়েছে। তবে প্রয়োজনীয় কোনো কোনো ক্ষেত্রে কিছু কিছু বিষয় বাড়ানো হয়েছে। এখন আল্লাহর নামে আরম্ভ করছি। এ পুস্তিকার নামকরণ করছি 'হুকূকুল ইসলাম'। এতে কয়েকটি অনুচ্ছেদ রয়েছে এবং প্রত্যেক অনুচ্ছেদে একটি একটি হকের বর্ণনা রয়েছে।

হুকূকুল ওয়ালিদাইন–বাবা-মার হকসমূহ

মূল : হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৩২
মূল্য : ৪০.০০ টাকা মাত্র

হযরত হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত মাওলানা আশরাফ আলী থানভী রহ. প্রায় এক সহস্র কিতাব রচনা করেছেন। তাঁর সকল কিতাব উম্মতের রূহানী রোগের ব্যবস্থাপত্র। সেই ব্যবস্থাপত্র অনুযায়ী আমল করে যুগ যুগ ধরে মুসলমানগণ উপকৃত হয়েছেন। হযরত রহ.-এর একটি ক্ষুদ্র পুস্তিকার নাম "হুকূকুল ওয়ালিদাইন : বাবা-মার হকসমূহ", এ কিতাবের ভূমিকায় হযরত রহ. লিখেছেন,

দীর্ঘদিন ধরে দেখে আসছি যে, কিছু কিছু মুসলমান ভাই মা-বাবার হক আদায়ের ক্ষেত্রে এ পরিমাণ বাড়াবাড়ি ও অতিরঞ্জন করে যে, তাতে অন্য হকদারদের হক নষ্ট হয়ে যায়। ফলে মহান আল্লাহর নাফরমানী হয়ে থাকে। অধিকন্তু তারা এ আচরণকে উত্তম বলে গণ্য করে। তারা বলে যে, ইসলাম আমাদের মা-বাবার আনুগত্য এভাবেই শিখিয়েছে। উপরন্তু নিজেদের বক্রবুদ্ধি অনুপাতে কুরআনের আয়াত এবং হাদীসসমূহ পেশ করে থাকে। তাদের এ অশালীন আচরণ দেখে মন ব্যথিত হয়। এখন মহান আল্লাহর অনুগ্রহে এ বিষয়ে একটি পুস্তিকা লেখার ইচ্ছা করেছি। রাহমান ও রাহীম দয়ালু ও প্রিয় প্রভুর সমীপে পুস্তিকাটি সমাপনের জন্য এবং সঠিক পথ প্রাপ্তির জন্য দু'আ করছি। আল্লাহ তাআলা যেন সঠিক পন্থায় পুস্তিকাটিকে পূর্ণতা দান করেন। পুস্তিকার শেষভাগে একটি পরিশিষ্ট যোগ করা হবে। তাতে স্বামীর হক এবং উস্তাদের হকের ক্ষেত্রে অতিরঞ্জনের আলোচনা করে সত্য বিষয়টি স্পষ্ট করে দেওয়া হবে। উপরোক্ত বিষয়সমূহই পুস্তিকার মূল বিষয়, তবে প্রসঙ্গত অন্যান্য বিষয়ও আলোচনা করা হবে।

খুব গুরুত্বসহকারে এবং স্পষ্টভাবে বোঝা এবং মনে রাখা উচিত যে, আমাদের আল্লাহ তাআলা তাঁর আনুগত্যের জন্য সৃষ্টি করেছেন। সেই মহান স্রষ্টার আনুগত্যই আমাদের মূল এবং প্রধান দায়িত্ব। অন্যান্য যাদের আনুগত্য আল্লাহ তাআলা আমাদের দায়িত্বে অর্পণ করেছেন, সেগুলো দ্বিতীয় স্তরের এবং পরোক্ষ উদ্দেশ্য। বলাবাহুল্য যে, মূল ও প্রধান কর্তব্য সর্বদা পরোক্ষ ও শাখা কর্তব্যের উপর অগ্রগণ্য হয়ে থাকে। পরোক্ষ ও শাখার আনুগত্য দ্বারা যদি মূল ও প্রত্যক্ষ কর্তব্যে ত্রুটি হয়, তাহলে সে আনুগত্য ভর্ৎসনাযোগ্য ও নাজায়েয হবে। একথা কুরআন-হাদীস, যুক্তি-বুদ্ধি ও প্রচলিত নিয়ম সবকিছুর আলোকেই প্রমাণিত। অন্যথায় মূল শাখায় এবং শাখা মূলে পরিবর্তিত হয়ে যাবে। যা উল্টো পথে চলার নামান্তর। এটা অবান্তর ও বিপথগামিতা।

তাই এ মূলনীতি সামনে রেখে কুরআন, হাদীস ইত্যাদি দ্বারা মূল বিষয় প্রমাণিত করছি। খুব ভালোভাবে বুঝুন। ইনশাআল্লাহ এ পুস্তিকা বিশেষ ও সাধারণ সর্বস্তরের লোকের ভ্রান্তি দূর করবে।

তা'লীমুদ দ্বীন–দ্বীন শিক্ষা

মূল : হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ১৬৮
মূল্য : ১৬০.০০ টাকা মাত্র

'তা'লীমুদ দ্বীন' হযরত থানভী রহ. রচিত অপূর্ব এক কিতাব। হাদীসের গ্রন্থসমূহের বিষয়-তালিকা উল্টিয়ে দেখলে যেখানে 'কিতাবুল ঈমান' (ঈমানের আলোচনা) 'কিতাবুস সালাত' (নামাযের আলোচনা) 'কিতাবুয যাকাত' (যাকাতের আলোচনা) দৃষ্টিগোচর হবে, তার নিচেই 'কিতাবুল বুয়ূ' (বেচা-কেনার আলোচনা) 'কিতাবুন নিকাহ' (বিবাহের আলোচনা) 'কিতাবুত তালাক' (তালাকের আলোচনা) 'কিতাবুল আদাব' (আদবের আলোচনা) ও 'কিতাবুর রিকাক' (মন বিনম্রকারী হাদীসসমূহের আলোচনা) পরিদৃষ্ট হবে। বিধায় এরূপ ধারণা পোষণের সুযোগ কোথায় যে, ইসলাম কেবল আকীদা ও আমল শিখিয়েছে? মু'আমালাত, মু'আশারাত ও তাসাওউফ শিক্ষা দেয়নি। বরং উপরের আলোচনা দ্বারাই নিষ্ঠাবান ব্যক্তির বিশ্বাস হয়ে যাবে যে, ইসলাম পাঁচটি বিষয়েরই শিক্ষা দান করেছে। ইসলাম আমাদের কারো মুখাপেক্ষী করে রাখেনি। বরং বিজাতিদের মধ্যেও এমন নিষ্ঠাবান লোক রয়েছেন, যারা নিজেরাই ইসলাম থেকে শিক্ষার আলোলাভের স্বীকৃতি প্রদান করে থাকেন।

মোটকথা, যখন এ ভ্রান্ত ধারণা বিশ্বব্যাপী বিস্তার হতে এবং সর্বশ্রেণির লোকের এর দ্বারা ক্ষতিগ্রস্ত হতে দেখা গেল, তখন ইসলামী সহমর্মিতা ও ভ্রান্তির সংশোধন এবং এ বিষয়ে এমন একটি পুস্তিকা রচনা করার দাবি উত্থাপন করল, যার মধ্যে উপরিউক্ত পাঁচ বিষয়কে কুরআন ও সুন্নাহ থেকে সংগ্রহ করে সংক্ষেপে প্রয়োজন পরিমাণ সংকলন করা হবে। এ পুস্তক দ্বারা সমস্ত মুসলমানকে উপকৃত করার লক্ষ্য তো আছেই, তবে বিশেষত আধ্যাত্মিকতার পথের পথিকদের বিদগ্ধ হৃদয়ের আবেদন পূরণ করাই অধিকতর লক্ষ্য। তাই প্রত্যেক মুসলমানের ব্যাপকভাবে এবং আধ্যাত্মিকতার পথের পথিকদের বিশেষভাবে এ বই অধ্যয়ন করা এবং অল্প অল্প করে প্রতিদিন নিয়মিত ওযীফারূপে পাঠ করা জরুরি।

ফুরুউল ঈমান–ঈমানের শাখা-প্রশাখা

মূল : হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ১২৮
মূল্য : ১২০.০০ টাকা মাত্র

হাকীমুল উম্মাত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর আন্তর্জাতিক ব্যক্তিত্ব সর্বজনস্বীকৃত ও সর্বজনবিদিত। হযরত থানভী রহ.–এর অসাধারণ প্রজ্ঞা, ইলমী রূহানী খেদমত ও মুসলিম উম্মাহর জন্য তাঁর সংস্কারমূলক বিরাট অবদানের কারণে তাঁকে হাকীমুল উম্মত [উম্মতের (আধ্যাত্মিক রোগের) চিকিৎসক] ও মুজাদ্দিদুল মিল্লাত (মুসলিম জাতির সংস্কারক) খেতাবে ভূষিত করা হয়েছে।

হযরত থানভী রহ. প্রায় এক সহস্র কিতাব রচনা করেছেন। তাঁর রচনা-ভাণ্ডারের অন্যতম কিতাব "ফুরুউল ঈমান : ঈমানের শাখা-প্রশাখা"। এ কিতাব সম্পর্কে হযরত রহ. লিখেছেন,

"দীর্ঘদিন ধরে আমার ইচ্ছা ছিল, ঈমানের এ শাখাসমূহকে আমার স্বদেশি মুসলমান ভাইদের অবগতির জন্যে সহজবোধ্য উর্দুতে লিখে দেই। যাতে করে তারা জানতে পারেন, যে ঈমানের দাবি আমরা করি, তার এতগুলো শাখা রয়েছে। এবং চিন্তা করে দেখে যে, আমাদের মধ্যে এসব শাখার কতগুলো বিদ্যমান রয়েছে এবং কতগুলো নেই। তাহলে এর দ্বারা নিজের ঈমানের পূর্ণতা ও অপূর্ণতার পরিমাপ করতে পারবে। যে সমস্ত গুণের অভাব নিজেদের মধ্যে পাবে সেগুলো অর্জনের এবং পূর্ণতাসাধনের চেষ্টা করবে এবং সেগুলো পূর্ণ না করে পরিপূর্ণ ঈমানের দাবি করতে লজ্জাবোধ করবে। যদিও দ্বীনের মূল বিষয়গুলো স্বীকার করলে নিম্নস্তরের ঈমানের অধিকারী হওয়া যায়। কিন্তু সে ঈমান তেমনই, যেমন ল্যাংড়া, লুলা, অন্ধ, কানা, পঙ্গু মানুষকে মানুষ বলা হয়। সবাই জানে যে, এ রকম মানুষ কোন পর্যায়ের মানুষ।

এ সমস্ত শাখা আলোচনা করার আরেকটি উদ্দেশ্য এও যে, বিজাতিরা জানতে পারবে যে, ইসলামের শিক্ষা যথেষ্ট ও পরিপূর্ণ। (এ জন্যই সবক'টি শাখা-সংক্রান্ত আয়াত ও হাদীসসমূহ উল্লেখ করা হয়েছে, যেন তারা জানতে পারে যে, এ সমস্ত শিক্ষা শরীয়ত নিজেই দিয়েছে। এগুলো কারো ধারণা বা বুদ্ধি দ্বারা উদ্ভাবিত নয়) এবং ইসলাম ঐ ব্যক্তিকেই পূর্ণ মুসলমান বলে জানে, যার মধ্যে এ সমস্ত উত্তম চরিত্র ও পূর্ণতার বৈশিষ্ট্য বিদ্যমান রয়েছে। অসম্পূর্ণ মুসলমানদের দেখে তারা ইসলামের শিক্ষাকে যেন গুরুত্বহীন মনে না করে। কারণ, ইসলামের কাজ বলে দেওয়া। জোর-জবরদস্তি কাউকে মুসলমান বানিয়ে দেওয়া নয়। এ সমস্ত ত্রুটি আমাদের; ইসলামের উপর এর কোনো দায়িত্ব ও দোষ চাপানো যাবে না।"

কসদুস সাবীল–আল্লাহ প্রাপ্তির পথ

মূল : হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৫৬
মূল্য : ৬০.০০ টাকা মাত্র

আল্লাহর পথের পথিকের পথনির্দেশ, হক্কানী পীর ও মাশায়েখের পরিচয়, গুণাবলি ও নিদর্শন বর্ণনার পাশাপাশি সালেকের করণীয় ও বর্জনীয় বিষয়সহ দৈনন্দিন আমল, অযীফা ও যিকিরের বিস্তারিত বর্ণনা এ কিতাবে বিবৃত হয়েছে, যা প্রত্যেক সালেকের তথা আল্লাহর পথের পথিকের জন্য অবশ্যপাঠ্য।

ইসলামের সামাজিক বিধান
আদাবুল মুআশারাত

মূল : হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৪৮
মূল্য : ৫০.০০ টাকা মাত্র

ইসলামে আছে পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা। জীবনের সকল স্তরের বিস্তারিত পথনির্দেশ ইসলামের শিক্ষায় রয়েছে। ইসলামের সামাজিক বিধানের লক্ষ্য ও উদ্দেশ্য হলো কারো দ্বারা কেউ ক্ষতিগ্রস্ত না হওয়া। কিন্তু আমরা অনেকেই এ বিষয়টি লক্ষ করি না। এ কিতাবে সামাজিক শান্তি প্রতিষ্ঠার জন্য করণীয়, ইসলামের সামাজিক বিধান তথা সামাজিক অঙ্গনে কোন কাজ কীভাবে করলে সকলের হক আদায় হবে এবং সকলেই অন্যের অনিষ্ট থেকে রক্ষা পাবে, সে বিষয়টিই বিস্তারিতভাবে বর্ণিত হয়েছে।

আগলাতুল আওয়াম
সাধারণ্যে প্রচলিত ভুল-ভ্রান্তি

মূল : হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত
হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৩২
মূল্য : ৪০.০০ টাকা মাত্র

হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. রচিত কিতাবসমূহের মধ্যে "আগলাতুল আওয়াম : সাধারণ্যে প্রচলিত ভুল-ভ্রান্তি", যদিও ক্ষুদ্র একটি পুস্তিকা। কিন্তু তার উপকারিতা অনেক বেশি।

এ কিতাব সম্পর্কে হযরত থানভী রহ. লিখেছেন,

"অধিকাংশ সাধারণ মানুষ, বরং সাধারণতুল্য শিক্ষিতদের মাঝেও এমন কিছু ভুল মাসআলা প্রসিদ্ধ ও প্রচলিত রয়েছে, যেগুলোর শরীয়তে কোনো ভিত্তি নেই। সেগুলোর উপর তাদের এমন নিশ্চিত বিশ্বাস যে, সেগুলোর ব্যাপারে তাদের কোনো সন্দেহও সৃষ্টি হয় না যে, আলেমগণের নিকট থেকে যাচাই করে নেবে। অধিকাংশ আলেমেরও সাধারণ মানুষের এসবের মধ্যে লিপ্ত থাকার কথা জানা নেই যে, তারা সময়-সুযোগমতো সেগুলো সংশোধন করে দিবে। এ সমস্ত মাসআলার ব্যাপারে যেহেতু সাধারণত মানুষের পক্ষ থেকেও যাচাই করা হয় না, আবার আলেমদের পক্ষ থেকেও সতর্ক করা হয় না, তাই এ সমস্ত ভুল-ভ্রান্তি সংশোধনেরও কোনো পথ হয় না। এ কারণে দীর্ঘদিন ধরে এ সমস্ত ভুল মাসআলা যতদূর জানা সম্ভব লিপিবদ্ধ করার ইচ্ছা পোষণ করে আসছিলাম।

আল্লাহর মেহেরবানীতে এখন তা বাস্তবে রূপ নিচ্ছে। আলেমগণ যেমনিভাবে হাদীস শাস্ত্রের 'মওযুআত' বা জাল হাদীসসমূহ সংকলন করেছেন, তেমনিভাবে এ পুস্তিকা ফিক্‌হশাস্ত্রের 'মওযুআতের' তথা ভুল মাসায়েলের সংকলন।

সাফাইয়ে মু'আমালাত–লেন-দেনে স্বচ্ছতা

মূল : হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৫৬
মূল্য : ৯০.০০ টাকা মাত্র

হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. রচিত কিতাবসমূহের মধ্যে "সাফাইয়ে মু'আমালাত : লেনদেনে স্বচ্ছতা", যদিও ক্ষুদ্র একটি পুস্তিকা। কিন্তু তার উপকারিতা অনেক বেশি। কারণ এতে উপার্জনের হালাল-হারাম সম্পর্কে আলোচনা করা হয়েছে। আর যদি রিযিক হালাল না হয় বরং হারাম হয় তাহলে আল্লাহ পাক বান্দার আমল ও দুআ সাধারণত কবুল করেন না। এ জন্য হালাল উপার্জনের গুরুত্ব শরীয়তে অনেক বেশি।

কুরআন ও হাদীসের সুস্পষ্ট ভাষ্য দ্বারা প্রমাণিত যে, পরিশুদ্ধ লেনদেন এবং বিশুদ্ধ কারবার দ্বীনের অন্যতম অংশ। কোনো কোনো দিক থেকে এটি বরং অধিকতর গুরুত্বপূর্ণ। কিন্তু আমাদের এ যুগে এ বিষয়েই সর্বাধিক ত্রুটি করা হচ্ছে এবং একে অগ্রাহ্য করা হচ্ছে। তাই এ বিষয়ের অধিক প্রচলিত দিকসমূহের বিধানাবলি সংক্ষেপে সাবলীল ভাষায় সংকলন করে দেওয়ার তীব্র প্রয়োজন অনুভব করে এ কিতাব সংকলন করা হয়েছে। যাতে করে এগুলো জানার মাধ্যমে আমলের তাওফীক হয়।

আল্লাহর প্রিয় হওয়ার উপায়

হযরত থানভী রহ. বলেন, আল্লাহ তা'আলাকে ভালোবাসতে চাইলে এবং তাঁর ভালোবাসার পাত্র হতে চাইলে হিম্মত করে শরীয়তের যাহেরী ও বাতেনী হুকুমসমূহের উপর নিয়মিত আমল করো, 'আল্লাহ' 'আল্লাহ' করো এবং মাঝে মাঝে আল্লাহওয়ালাদের সোহবতে যাও এবং তাঁদের অবর্তমানে তাঁরা যেসব কিতাবের কথা বলেন সেগুলো পাঠ করো। (কামালাতে আশরাফিয়া : ৮৮)

ইসলামের সৌন্দর্য (দুই খণ্ডে সমাপ্ত)

মূল : হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত
হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.
অনুবাদ : মাওলানা মুশতাক আহমাদ ও মাওলানা মনসূর আহমাদ
সর্বমোট পৃষ্ঠা সংখ্যা : ৭০৪
মূল্য : ৬৭০.০০ টাকা মাত্র (পূর্ণ সেট)

ইসলাম ধর্ম যেমন সৌন্দর্যমণ্ডিত ও যৌক্তিক, তদ্রূপ তার সকল বিধি-বিধানের মধ্যেও রয়েছে অপার সৌন্দর্য ও যৌক্তিকতা। মানুষ যখন তা পূর্ণরূপে অনুধাবন করে, তখন তার জন্য সে সকল বিধান মেনে চলাটা অনেক সহজ হয়ে যায়। সবকিছুর বিনিময়ে হলেও সে ইসলামকে জীবনের সকল অঙ্গনে বাস্তবায়ন করে সফলতা লাভ করতে প্রয়াসী হয়। হাকীমুল উম্মত হযরত থানভী রহ. তার এ বয়ানে মূলত ইসলামী বিধানের সৌন্দর্য ও কল্যাণ আর তা অমান্য করার ক্ষতি ও বিপর্যয়ের বিবরণ সবিস্তারে আলোচনা করেছেন।

হযরত থানভী রহ.-এর শ্রেষ্ঠতম ওয়াজ আত্মার প্রশান্তি

মূল : হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত
হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান
পৃষ্ঠা : ৮০
মূল্য : ১০০.০০ টাকা মাত্র

আত্মার শান্তিই প্রকৃত শান্তি। এ বিষয়টি লাভ হয় একমাত্র আল্লাহর যিকিরের মাধ্যমে। কিন্তু আমরা বিষয়-সম্পত্তি ও বৈষয়িক উপকরণের মধ্যেই শান্তি খুঁজে বিভ্রান্ত হই। আত্মার শান্তি থেকে যায় আমাদের নাগালে বাইরে। কীভাবে আত্মার শান্তি অর্জিত হবে এ কিতাবে আছে তার হৃদয়গ্রাহী বিবরণ।

মুনাজাতে মাকবূল ও মাসনূন দু'আ

মূল : হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত
হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.
অনুবাদ : মাওলানা যাকারিয়া আবদুল্লাহ
পৃষ্ঠা : ২২৪ (বড়); মূল্য : ২০০ টাকা
পৃষ্ঠা : ২৫৬ (পকেট); মূল্য : ১০০ টাকা

হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. কর্তৃক সংকলিত কুরআন ও হাদীসের নির্বাচিত ও নির্ভরযোগ্য দুআসমূহের অপূর্ব সংকলন, যা সাত মঞ্জিলে বিভক্ত। খুব অল্প সময়ে খুব সহজে প্রতিদিন এক মঞ্জিল করে পাঠ করে সাত দিনে সমাপ্ত করা যায়। মানবজীবনের সকল প্রয়োজন মেটানোর জন্য যথেষ্ট। এ কিতাবটি বড় ও পকেট দু-সাইজে ছাপা হয়েছে।

ঈমান ও আকীদা

মূল : হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত
হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.
অনুবাদ ও সংকলন : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান
সম্পাদনা : মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক
পৃষ্ঠা : ৩২
মূল্য : ৪০.০০ টাকা মাত্র

ঈমান ও আকীদা ইসলামের মৌলিক বিষয় এবং মুমিনের কর্ম ও জীবনের প্রধান ভিত্তি। অথচ এ বিষয়টি এ যুগের মুসলমানদের চরম অবহেলার শিকার। এ কিতাবে অতি সংক্ষেপে ঈমান-আকীদার মৌলিক কথা আলোচনা করা হয়েছে, যাতে করে ঈমান-আকীদা সহীহ করা যায়। সাথে আছে বিভিন্ন প্রকার গোনাহ্ ও কু-প্রথার আলোচনা, যেন তা পরিহার করে চলা যায়।

আত্মশুদ্ধির পরশমণি বাসায়েরে হাকীমুল উম্মত

সংকলন : আরেফ বিল্লাহ হযরত ডাক্তার আবদুল হাই আরেফী রহ.
অনুবাদ : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম
পৃষ্ঠা : ৬৭২
মূল্য : ৫৪০.০০ টাকা মাত্র

'বাছায়েরে হাকীমুল উম্মত' তাসাওউফ ও সুলুকের হাকীকত এবং সংশয়-সন্দেহ নিরসনমূলক একখানা অনবদ্য গ্রন্থ।

তাসাওউফ ও সুলূক বিষয়ক এক অসাধারণ সঞ্চয়ন। হাকীমুল উম্মত, মুজাদ্দিদে মিল্লাত হযরত মাওলানা শাহ মুহাম্মাদ আশরাফ আলী থানভী কুদ্দিসা সিররুহু-এর বিভিন্ন রচনা ও সংকলন থেকে সংগৃহীত। সংশ্লিষ্ট বিষয়ে হযরত রহ.-এর সংস্কারধর্মী ও সংশোধনমূলক বয়ান-রচনার চৌম্বক সব অংশ। কুরআন-সুন্নাহর মজবুত দলীলের আলোকে তাসাওউফের বিভিন্ন মাসআলার চমৎকার ব্যাখ্যা। সংশোধন ও সংস্কারকার্যে তাঁর বৈশিষ্ট্যমণ্ডিত কীর্তির সুসমঞ্জস বিষয়বিন্যাস ও আকর্ষণীয় শিরোনামায় উপস্থাপন করা হয়েছে এই কিতাবে।

এ কিতাব মূলত হযরত থানভী রহ.-এর নিকট তারবীয়তপ্রার্থী সালেকদের বিভিন্ন চিঠি-পত্রের উত্তর সম্বলিত রচনা 'তারবিয়াতুস সালেক' (যা যুগ যুগ ধরে সালেকীনের পথ-প্রদর্শনকারীর ভূমিকা পালন করে আসছে)-এর সুবিন্যস্ত রূপ। আল্লাহ্ পাকের ভালোবাসা ও নৈকট্যপ্রত্যাশী সকলের জন্য বিস্ময়কর এক উপহার। যা পাঠ করে খুব সহজেই সালেকগণ খোদাপ্রাপ্তির পথ অতিক্রম করে মঞ্জিলে মাকসূদে পৌঁছে যেতে পারেন।

মুরাকাবা : কী ও কেন?

আল্লাহ তা'আলার 'যাত' ও সিফাত কিংবা অন্য কোনো বিষয়ে অধিকাংশ সময় বা সুনির্দিষ্ট কোনো সময়ে গভীরভাবে ধ্যান ও চিন্তা করা এবং অন্তরে এই উদ্দেশ্য পোষণ করা যে, এই অনুধ্যানের ফলে এর দাবি অনুযায়ী আমল করা সম্ভব হবে–এরই নাম মুরাকাবা। এটা অন্তরের মুখ্য আমলসমূহের অন্তর্ভুক্ত। (আত-তাকাশ্‌শুফ, পৃ. ৩২৩-৩৩৭) (বাসায়েরে হাকীমুল উম্মত : ২২২ পৃষ্ঠা)

কামালাতে আশরাফিয়া

গ্রন্থনা : হযরত মাওলানা মুহাম্মাদ ঈসা ছাহেব রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৬৯৬
মূল্য : ৬২০.০০ টাকা মাত্র

আল্লাহওয়ালা বুযুর্গানে দ্বীনের ওয়াজ ও বয়ান, মালফূযাত ও বাণী কেবল উপস্থিত শ্রোতাদের জন্যই উপকারী নয় বরং তাদের বাণী যদি কারো নিকট অন্য কোনো ব্যক্তির মাধ্যমে বা মুদ্রিত আকারেও পৌঁছে, তাহলে সেটাও তার পাঠক ও শ্রোতাদের জন্য খুবই উপকারী হয়ে থাকে।

হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর প্রায় ত্রিশোর্ধ্ব খণ্ডে প্রকাশিত মালফূযাত উপমহাদেশের উলামায়ে কেরাম ও দ্বীনদার-শ্রেণির মানুষদের যুগ যুগ ধরে রাহবারী করে আসছে। এত বৃহৎ কলেবরের মালফূযাতের সবকিছু অধ্যয়ন অনেকের জন্যই সম্ভব নয়। এ সকল খণ্ড থেকে প্রায় দেড় সহস্র নির্বাচিত মালফূযাত নিয়েই সংকলিত হয়েছে 'কামালাতে আশরাফিয়া'। যা হযরতের প্রায় সকল খলীফাই তাঁদের নিকট আগত ইসলাহ-প্রত্যাশীদের নিয়মিত পাঠ করার জন্য বলে থাকেন।

কামেল মুকাম্মালের পরিচয়

হযরত থানভী রহ. বলেন, কামেল মুকাম্মাল সে-ই, যে সর্বক্ষেত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পদচিহ্ন ধরে চলে। যার বাহ্যিক অবস্থা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বাহ্যিক অবস্থার অনুরূপ হয় এবং আভ্যন্তরীণ অবস্থা হয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আভ্যন্তরীণ অবস্থার অনুরূপ। অর্থাৎ, সব বিষয়ে এবং সব অবস্থায় একমাত্র রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামই তার আদর্শ এবং অনুসরণীয়। (কামালাতে আশরাফিয়া : ৮৬)

মাজালিসে হাকীমুল উম্মত

হযরত থানভী রহ.-এর মালফূযাত

সংকলন : মুফতী মুহাম্মাদ শফী রহ.
অনুবাদ : মাওলানা খন্দকার মুশতাক আহমাদ শরীয়তপুরী
পৃষ্ঠা : ৫২০
মূল্য : ৪৬০.০০ টাকা মাত্র

হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর বিভিন্ন মজলিসে প্রদত্ত জ্ঞানগর্ভ আলোচনার নির্বাচিত অংশের সংকলন। যুগ যুগ ধরে যার তা'লীম আল্লাহ্ওয়ালাদের মজলিসে নিয়মিতভাবে হচ্ছে। উলামা-তলাবা, ইমাম-খতীব, ওয়ায়েয ও সাধারণ মুসলমান সকলের জন্যই সমানভাবে উপকারী।

আত্মশুদ্ধি

মূল : মুফতী মুহাম্মাদ শফী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান
পৃষ্ঠা : ১৫২
মূল্য : ১৫০.০০ টাকা মাত্র

দেহ ও আত্মার সমন্বয়ে মানুষ। ইসলামে যেমন দেহসম্পর্কিত বিধান আছে তদ্রূপ আত্মাসম্পর্কিতও বহু বিধান রয়েছে। কিন্তু আমরা অনেকেই এ বিষয়ে অজ্ঞ। অথচ দ্বীনী জীবনে এর গুরুত্ব অপরিসীম। আত্মার পরিশুদ্ধি ব্যতীত নাজাতের আশা করা যায় না। আদর্শ মুসলিম হওয়ার জন্য আত্মশুদ্ধির গুরুত্ব সর্বাধিক। কিন্তু আমাদের বাস্তব জীবনে এ বিষয়টি একেবারে অবহেলার শিকার। আত্মশুদ্ধির গুরুত্ব সম্পর্কে অত্যন্ত আকর্ষণীয়রূপে বিস্তারিতভাবে এ কিতাবে আলোচনা করা হয়েছে।

দুটি জিনিস

সুলূক ও তরীকত তথা খোদাপ্রাপ্তির পথের সারাংশ দুটি জিনিস। ফাযায়েল (উত্তম গুণাবলী) হাসিল করা, যাকে তাছাওউফের পরিভাষায় تحلية বলে এবং رذائل (দোষসমূহ) হতে মুক্ত হওয়া, যাকে সুফিয়ায়ে কেরাম تخلية বলে আখ্যায়িত করে থাকেন। (আত্মশুদ্ধি : ৫৯)

আল্লাহওয়ালা

মূল : মুফতী মুহাম্মাদ শফী রহ.
সংকলন ও অনুবাদ : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান
পৃষ্ঠা : ১১২
মূল্য : ১২০.০০ টাকা মাত্র

আল্লাহর নৈকট্য অর্জন করে যারা আল্লাহর ভালোবাসা লাভ করেন তাদেরই আল্লাহওয়ালা বলা হয়। আল্লাহ পাকের ভালোবাসা ও নৈকট্য অর্জন করাটাই নাজাতের উপায়। এজন্য প্রতিটি মুমিনের আল্লাহওয়ালা হওয়া আবশ্যক। এ কিতাবে কুরআনের আলোকে আল্লাহর প্রিয়ভাজন হওয়ার উপায় বিস্তারিতভাবে বিবৃত হয়েছে। এটি মূলত সূরা ফুরকানের ৬৩ হতে ৭৭ পর্যন্ত আয়াতের ব্যাখ্যা। সাথে সাথে সূরা মুমিনুন-এর শুরুতে বর্ণিত মুমিনের ৭টি গুণের সামান্য ব্যাখ্যা। এ গুণসমূহ অর্জন করে যে কেউ আল্লাহ্ওয়ালা হতে পারবে, ইনশাআল্লাহ।

শোনো হে মুমিন

মূল : মুফতী আযম মুফতী মুহাম্মাদ শফী রহ.
সংকলন ও অনুবাদ সম্পাদনা : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান
পৃষ্ঠা : ৬৮৮
মূল্য : ৫৮০.০০ টাকা মাত্র

আল-কুরআনুল কারীম আল্লাহ পাক প্রদত্ত হিদায়াতনামা। যা তিনি মানুষের পথ প্রদর্শনের জন্য তাঁর প্রিয় রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতি নাযিল করেছেন। যাতে মানুষ কুরআনের নিদের্শনা অনুযায়ী চলে এবং তার বিধানের অনুসরণ করে।

কুরআনই হলো, উম্মাতে মুসলিমার প্রাণশক্তি। এ কুরআনের সাথেই তাদের শৌর্য-বীর্য, শক্তি-সামর্থ্য, জীবন-মরণ, মর্যাদা ও সম্মানের সম্পর্ক।

কুরআনের মাধ্যমেই উম্মাতে মুসলিমা জীবনীশক্তি লাভ করে, তাঁর অন্তর স্পন্দিত হয়, কুরআনের বাণীই তাকে আমলে নিয়োজিত করে। কুরআন ব্যতীত উম্মাতে মুসলিমা জীবনীশক্তিহীন এমন এক জড় পদার্থ হয়ে যায়, পৃথিবীর রক্ষণাবেক্ষণ ও উন্নয়নে যার কোনো অবদান ও ভূমিকা নেই।

কুরআন এমন এক নূর (আলোকবর্তিকা) যা মানুষকে সীরাতে মুস্তাকীমের রাহনুমায়ী করে বেহেশতে পৌঁছে দেয়।

কুরআন মানুষকে কুফ্‌র, শিরক, বিদ'আত ও অজ্ঞতার অন্ধকার থেকে বের করে ঈমান, তাওহীদ, সুন্নাহ্‌ ও জ্ঞানের আলোকিত ভুবনে এনে শ্রেষ্ঠত্বের মর্যাদায় উন্নীত করে।

এজন্যই ইসলামের সূচনালগ্ন হতে আল্লাহর পথের সত্যিকারের পথিকগণ কুরআন নিয়েই ব্যস্ত থেকেছেন, এভাবেই যিন্দেগীকে মূল্যবান বানিয়েছেন। এতেই জীবনের সার্থকতা খুঁজে পেয়েছেন। কুরআনের ছায়ায় অতিবাহিত জীবনই উন্নতি ও সফলতা খুঁজে পায়। যাদের জীবন কুরআনের আলোকে যাপিত হয় তারাই পার্থিব ও পারলৌকিক উভয় জীবনে সফলতা লাভ করতে পারে।

আল-কুরআনুল কারীমে আল্লাহ পাক বান্দাকে বিভিন্ন অভিধায় অভিহিত করেছেন, এর মধ্যে হতে বান্দার জন্য সবচেয়ে সম্মানজনক অভিধা হলো يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓا۟ (হে ঈমানদারগণ)! বান্দার জন্য এর চেয়ে সম্মানজনক সম্বোধন আর নেই। কুরআনুল কারীমে এ ধরনের আয়াতের সংখ্যা উননব্বই। এ সকল আয়াতের ব্যাখ্যা-বিশ্লেষণমূলক কিতাব আরব-অনারব উলামায়ে কেরামের অনেকেই লিখেছেন।

আমাদের বর্তমান আয়োজন 'শোনো হে মুমিন' এ বিষয়ক বাংলা কিতাব। এ কিতাবের উপর আমল করে একজন মুমিন নিঃসন্দেহে আল্লাহ পাকের নৈকট্য অর্জন করতে পারবে ইনশাআল্লাহ্‌।

মাজালিসে মুফতীয়ে আযম

মালফূযাত : মুফতী মুহাম্মাদ শফী রহ.
গ্রন্থনা : মুফতী আবদুর রউফ সখ্‌রবী
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৬৮৮
মূল্য : ৫৮০.০০ টাকা মাত্র

মুফতী মুহাম্মাদ শফী রহ. এক বিস্ময়কর ব্যক্তিত্ব। এই উপমহাদেশের প্রতিটি মুসলিম পরিবারের জন্য তাঁর অসাধারণ অবদান রয়েছে। সাধারণভাবে আকাবিরে উলামায়ে দেওবন্দের সোহবত এবং বিশেষভাবে হাকীমুল উম্মত হযরত থানভী রহ.-এর সোহবত হযরত মুফতী ছাহেব রহ.কে বাহ্যিক ইলমী উন্নতির মতো আধ্যাত্মিক দিক দিয়েও উন্নতির চরম শিখরে পৌঁছে দেয়। ফলে তিনি যখন হিজরত করে পাকিস্তান চলে যান, তখন সেখানে আল্লাহ পাক তাঁর মাধ্যমে দ্বীনী ইলমের মারকায 'দারুল উলূম করাচী' প্রতিষ্ঠা করান। যে প্রতিষ্ঠানের মাধ্যমে হাজার হাজার তালিবুল ইলমের জ্ঞানপিপাসা নিবারণের ব্যবস্থা হয়। অপরদিকে হাজারো খোদাপ্রেমিকের হৃদয়ে আল্লাহ পাকের মহব্বত ও ভয়ের চেরাগ প্রজ্বলিত করে তাদের মিল্লাতের রাহবার হিসেবে গড়ে তোলেন।

হযরত মুফতী মুহাম্মাদ শফী ছাহেব রহ. কী রকম দরদ, মহব্বত, ব্যাকুলতা ও যৌক্তিকতার সাথে মানুষকে দ্বীনের কথা, আল্লাহর পথের কথা শোনাতেন, রাহনুমায়ী করতেন, তার কিছু ঝলক আমাদের বর্তমান আয়োজন "মাজালিসে মুফতীয়ে আযম" পাঠ করলে অনুধাবন করা যাবে।

এ কিতাব সংকলন করেছেন, মুফতী মুহাম্মাদ শফী রহ.-এর বিশিষ্ট ও স্নেহধন্য খলীফা, দারুল উলূম করাচীর সম্মানিত উস্তায মুফতী আব্দুর রউফর সখ্‌রবী ছাহেব দামাত বারাকাতুহুম। এ কিতাব আল্লাহ পাকের মুহাব্বত ও নৈকট্যপ্রত্যাশী সকলের জন্যই অপূর্ব এক দস্তরখান।

মাওয়ায়েযে আবরার-১ আখেরাতের পাথেয়
মাওয়ায়েযে আবরার-২ আদর্শ জীবন গঠনের ইসলামী পদ্ধতি
মাওয়ায়েযে আবরার-৩ আমাদের অধঃপতন ও উত্তরণের পথ

মূল : মুহিউস সুন্নাহ্ হযরত মাওলানা শাহ্ আবরারুল হক রহ.

অনুবাদ : মাওলানা হাসান সিদ্দীকুর রহমান

পৃষ্ঠা : ২২৪ (১ম খণ্ড) ২৪৮ (২য় খণ্ড) ২২৪ (৩য় খণ্ড)

মূল্য : ১৯০.০০ (১ম খণ্ড) ১৯০.০০ (২য় খণ্ড) ১৯০.০০ (৩য় খণ্ড) টাকা মাত্র

হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর সর্বশেষ খলীফা মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক ছাহেব রহ.-এর বিভিন্ন মজলিসে প্রদত্ত জ্ঞানগর্ভ আলোচনা তিনটি খণ্ডে প্রকাশিত হয়েছে। **প্রথম খণ্ড "আখেরাতের পাথেয়"** যার উল্লেখযোগ্য শিরোনামসমূহ, মুমিনের পরিচয়, মুমিনের মর্যাদা, কৃতজ্ঞতা আদায়ের প্রয়োজনীয়তা ও পদ্ধতি, বর্তমান সংকট–উত্তরণের সহজ উপায়, দ্বীনের ক্ষতি থেকে বাঁচার উপায়, ইখলাসের প্রয়োজনীয়তা ও পদ্ধতি, ধৈর্য, আনুগত্য ও আবদিয়্যাত, জান্নাত লাভের উপায়, কুরআনে কারীম শুদ্ধ করার প্রয়োজনীয়তা ও গুরুত্ব, আলেম সমাজ : দায়িত্ব ও কর্তব্য, আত্মশুদ্ধির গুরুত্ব ও প্রয়োজনীয়তা। **দ্বিতীয় খণ্ড "আদর্শ জীবন গঠনের ইসলামী পদ্ধতি"** যার উল্লেখযোগ্য শিরোনামসমূহ, আদর্শ জীবনগঠনের ইসলামী পদ্ধতি, সফলতা লাভের উপায়, তুহফাতুল হুজ্জাজ, নাহী আনিল মুনকার : গুরুত্ব ও প্রয়োজনীয়তা, মুক্তির পথ ও নাজাতের উপায়, সহনশীলতার গুরুত্ব ও উপায়, মুমিনের বৈশিষ্ট্য ও গুণাবলী। **তৃতীয় খণ্ড "আমাদের অধঃপতন ও উত্তরণের পথ"** যার উল্লেখযোগ্য শিরোনামসমূহ, তালিবে ইলমের দায়িত্ব ও কর্তব্য, দুঃখ-কষ্টের প্রতিষেধক, মহান আল্লাহর খাস বান্দাদের পরিচয়, আমাদের অধঃপতন ও উত্তরণের পথ, অন্যায় সংশোধনের তীব্র প্রয়োজনীয়তা, বাহ্যিক ও আত্মিক পরিশুদ্ধি, তালিবে ইলমের পথ ও পাথেয়, গীবতের ক্ষতি ও তার প্রতিকার, মাহে রামাযান : আমাদের করণীয়, নিয়্যতই আমলের ভিত্তিমূল, পাশ্চাত্য সভ্যতা : মিষ্টি বিষ। ইত্যাদি।

এ সকল কিতাব (তিন খণ্ড) একত্রে "মাওয়ায়েযে আবরার সমগ্র" নামেও প্রকাশিত হচ্ছে।

দৈনন্দিন কাজে প্রিয় নবীর সা. প্রিয় সুন্নাত

মূল : মুহিউস সুন্নাহ হযরত মাওলানা আবরারুল হক ছাহেব রহ. ও আরেফ বিল্লাহ হযরত মাওলানা হাকীম মুহাম্মাদ আখতার ছাহেব রহ.

অনুবাদ : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পৃষ্ঠা : ৯৬

মূল্য : ১১০.০০ টাকা মাত্র

মানবজীবনের সফলতা হলো, আল্লাহ পাকের সকল হুকুম ইখলাসের সাথে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাহ্ মোতাবেক পালন করার মধ্যে। এ জন্য যুগ যুগ ধরে উলামায়ে কেরাম সুন্নাহ-বিষয়ক অনেক কিতাব সংকলন করেছেন। সে ধরনের একটি কিতাব, "প্রিয় নবীর সা. প্রিয় সুন্নাত"–ঘুম হতে জাগ্রত হওয়া থেকে নিয়ে পুনরায় ঘুমানো পর্যন্ত অযু, নামায, খানা খাওয়া, কাপড় পরা, সমাজে বসবাস করাসহ দৈনন্দিন জীবনের প্রায় সকল কাজের সুন্নাতের বিস্তারিত বিবরণ উদ্ধৃতিসহ এ কিতাবে পাওয়া যাবে।

রাসায়েলে আবরার

মূল : মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক রহ.
অনুবাদ : মাওলানা হাসান সিদ্দীকুর রহমান
পৃষ্ঠা : ২৮০
মূল্য : ২৩০.০০ টাকা মাত্র

আল্লাহ পাক তাঁর কোনো কোনো খাস বান্দার অন্তরকে স্বীয় মা'রেফাতের নূরে এমন আলোকিত করেন যে, তাঁরা তাঁদের অভ্যন্তরের নূরকে যতই লুকানোর চেষ্টা করেন, আতরের সুবাসের ন্যায় তা শুধু ছড়াতেই থাকে এবং কোনো কোনো ক্ষেত্রে তা তাঁদের প্রতিটি আচরণ ও উচ্চারণ থেকে ঠিকরে বের হতে থাকে। এ ধরনের বুযুর্গদের চেনার জন্য বুযুর্গ হওয়ারও প্রয়োজন নেই। সাধারণ ও বিশেষ নির্বিশেষে যে কেউ একটু সচেতন হলেই তাঁদের চিনতে পারে। এ পর্যায়ের বুযুর্গ ছিলেন আমাদের মুরুব্বী ও শায়েখ মুহিউস্ সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক ছাহেব রহ.। হযরতের রচনাসমূহের মধ্য থেকে নির্বাচিত দশটি পুস্তিকার সমন্বয়ে এই কিতাব সংকলিত হয়েছে। এতে সমাজের বিভিন্ন স্তরের লোকদের মধ্যে ব্যাপকভাবে ছড়িয়ে পড়া বিভিন্ন দ্বীনী দুর্বলতা ও বাড়াবাড়ির ব্যাপারগুলো চিহ্নিত করে তার যথোপযুক্ত প্রতিকার বাতলে দেওয়া হয়েছে। আশা করা যায় এ সকল প্রতিকারমূলক ব্যবস্থা অনুপাতে আমল করলে, আমরা আমাদের কাঙ্ক্ষিত গন্তব্যে খুব সহজেই পৌঁছতে পারব। ইনশাআল্লাহ্।

নামাযের পর স্বীয় আমলের মুরাকাবা ও মুহাসাবা

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ রহ. বলেন : পূর্বের যমানার বুযুর্গগণ রাত্রে ঘুমানোর পূর্বে "মুরাকাবা" করার কথা বলতেন। কিন্তু এখন তো মানুষ ক্লান্ত হয়ে বিছানায় শোয়ার সাথে সাথেই ঘুমিয়ে পড়ে। এ জন্য যে কোনো নামাযের পর স্বীয় আমলের মুহাসাবা ও মুরাকাবা করবে। অর্থাৎ জাহান্নাম, কবরের আযাব, কবরের ভয়াবহ দৃশ্য ইত্যাদি স্মরণ করবে। কয়েক মিনিটই যথেষ্ট। (মাজালিসে আবরার : ১৩৪)

মাজালিসে আবরার

মালফূযাত : মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক রহ.
গ্রন্থনা : আরেফ বিল্লাহ হযরত মাওলানা হাকীম মুহাম্মাদ আখতার রহ.
অনুবাদ : মাওলানা হাসান সিদ্দীকুর রহমান
পৃষ্ঠা : ৩২৬
মূল্য : ২৫০.০০ টাকা মাত্র

মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক ছাহেব রহ. যার জীবন সূচনা থেকে নিয়ে সমাপ্তি পর্যন্ত দ্বীনী বিপ্লব। তাঁর মুখনিঃসৃত নূরানী বাণীসমূহের এক অপূর্ব ভাণ্ডার এ গ্রন্থ। যা প্রতিটি মুমিনকেই সীরাতে মুস্তাকীমে অটল-অবিচল থেকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাহ্ অনুসরণ করে জীবনকে সার্থক করার প্রেরণা জোগায়।

মালফূযাতে মুজাদ্দিদে দীন

মালফূয : মুহিউস সুন্নাহ্ হযরত মাওলানা শাহ্ আবরারুল হক রহ.
সংকলন : মুফতী মনসূরুল হক
পৃষ্ঠা : ১৬৮
মূল্য : ১৬০.০০ টাকা মাত্র

হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর সর্বশেষ খলীফা মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক ছাহেব রহ.-এর বিভিন্ন মজলিসে প্রদত্ত জ্ঞানগর্ভ আলোচনা ও তাঁর সংকলিত কিতাবসমূহ থেকে নির্বাচিত বাণী-সংকলন, যা সকলের দ্বীনী ইলমকে সমৃদ্ধ করবে ইনশাআল্লাহ।

মাসীহুল উম্মাত রহ.-এর মালফূযাত

মা'আরেফে মাসীহুল উম্মাত

মালফূযাত : হযরত মাওলানা মাসীহুল্লাহ খান ছাহেব রহ.
গ্রন্থনা : জনাব মেহেরবান আলী বাড়ুতী ছাহেব
অনুবাদ : মাওলানা হাসান সিদ্দীকুর রহমান
পৃষ্ঠা : ২৫৬
মূল্য : ২৪০ টাকা মাত্র

"মা'আরেফে মাসীহুল উম্মাত" হযরত মাওলানা মাসীহুল্লাহ্ খান ছাহেব রহ.-এর মালফূযাত (বাণী-সংকলন)। হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর যে কয়েকজন খলীফার নিকট হযরত নিজেই বিভিন্ন লোককে আত্মশুদ্ধির জন্য পাঠাতেন। তাদের অন্যতম হযরত মাওলানা মাসীহুল্লাহ খান ছাহেব রহ. ও হযরত মাওলানা ঈসা ছাহেব রহ.। হযরত হাফেজ্জী হুজুর রহ.ও নিজ পুত্রদের হযরত মাওলানা মাসীহুল্লাহ খান ছাহেব রহ.-এর খেদমতে আত্মশুদ্ধির জন্য পাঠিয়েছিলেন।

এ কিতাবে মাসীহুল উম্মাত রহ.-এর মালফূযাত হতে নির্বাচিত তিন শতাধিক বাণী সংকলিত হয়েছে। যা আল্লাহর পথের পথিক ও আল্লাহ্ পাকের নৈকট্যপ্রত্যাশীদের জন্য রাহবার হিসেবে ভূমিকা রাখবে ইনশাআল্লাহ্।

মালফূযাতে ফুলপুরী

মালফূযাত : হযরত মাওলানা শাহ আবদুল গণী ফুলপুরী রহ.
গ্রন্থনা : হযরত মাওলানা হাকীম মুহাম্মাদ আখতার ছাহেব রহ.
অনুবাদ : মাওলানা হাসান সিদ্দীকুর রহমান
পৃষ্ঠা : ১৬৮
মূল্য : ১৬০ টাকা মাত্র

আল্লাহ্ওয়ালা বুযুর্গানে দ্বীনের ওয়াজ ও বয়ান, মালফূযাত ও বাণী কেবল উপস্থিত শ্রোতাদের জন্যই উপকারী নয় বরং তাদের বাণী যদি কারো নিকট অন্য কোনো ব্যক্তির মাধ্যমে বা ছাপানো আকারেও পৌঁছে, তাহলে সেটাও তার পাঠক ও শ্রোতাদের জন্য খুবই উপকারী হয়ে থাকে। এ বিষয়টি মাথায় রেখেই আমরা বিভিন্ন বুযুর্গানে দ্বীনের মালফূযাত তথা বাণী-সংকলন প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করেছি। এই ধারাবাহিকতায় হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর বিশিষ্ট খলীফা ও উপমহাদেশের অন্যতম বুযুর্গ ওলী হযরত মাওলানা শাহ্ আবদুল গণী ফুলপুরী রহ.-এর নির্বাচিত বাণী-সংকলন "মালফূযাতে ফুলপুরী" নামে প্রকাশ করা হলো। এ সংকলনটি ইতোমধ্যেই আল্লাহওয়ালা বুযুর্গানে দ্বীনের ভূয়সী প্রশংসা কুড়িয়েছে। আলহামদুলিল্লাহ্।

সৎকাজের আদেশপ্রদানের ক্ষেত্রে তাড়াহুড়া করবে না

হযরতওয়ালা মাসীহুল উম্মাত (রহ.) বলেন : আমর বিল মারূফ বা সৎকাজের আদেশপ্রদানের ক্ষেত্রে তাড়াহুড়া করা অনুচিত। উপকারের আশা থাকলে সৎকাজের আদেশ করবে নতুবা করবে না। (মা'আরেফে মাসীহুল উম্মাত : ৪৭)

হযরত থানভী রহ.-এর পবিত্র রামাযানের মামূল

হযরতওয়ালা ফুলপুরী রহ. বলেন : আমাদের হযরত থানভী রহ. রামাযানুল মুবারকে অন্য সকল মামূল কমিয়ে দিয়ে কুরআনে কারীমের তিলাওয়াত বেশি বেশি করতেন।
(মালফূযাতে ফুলপুরী : ১১২)

কুরআনের আলোকে

দাওয়াত ও তাবলীগের মূলনীতি

মূল : হযরত মাওলানা কারী মুহাম্মাদ তাইয়্যেব ছাহেব রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ হেমায়েত উদ্দীন
পৃষ্ঠা : ১১২
মূল্য : ১২০.০০ টাকা মাত্র

আল-কুরআনুল কারীমে বর্ণিত দাওয়াত ও তাবলীগের সে সকল মূলনীতির বিস্তারিত বিবরণ যার অনুসরণ দাওয়াতকে সর্বজনগ্রাহ্য বানায় এবং কাঙ্ক্ষিত ফললাভে সহায়ক হয়। যে সকল মূলনীতি সকল দাওয়াত-কর্মীর জেনে নেওয়া ও মেনে চলা একান্ত প্রয়োজন। যাতে করে দাওয়াতী কার্যক্রমে প্রাণ সঞ্চার হয়।

মাযহাবের গোড়ার কথা

মূল : হাকীমুল ইসলাম ক্বারী মুহাম্মাদ তাইয়্যেব ছাহেব রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৯৬
মূল্য : ১১০.০০ টাকা মাত্র

"মাযহাবের গোড়ার কথা" গ্রন্থটি ঐতিহাসিক ইসলামী বিদ্যাপিঠ দারুল উলূম দেওবন্দের অর্ধশতাব্দীর ও অধিককালের সফল মুহতামিম, হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর অন্যতম খলীফা, হাকীমুল ইসলাম হযরত মাওলানা ক্বারী মুহাম্মাদ তাইয়্যেব ছাহেব রহমাতুল্লাহি আলাইহির অপূর্ব রচনা। এ রচনায় তিনি মাযহাব ও তাকলীদের অপরিহার্যতা, দালীলিক ও যৌক্তিকভাবে তুলে ধরেছেন। উলামা, তালাবা, খতীব, ইমাম, ওয়ায়েজসহ সকল শ্রেণীর সচেতন পাঠকের জন্য অনন্য তোহ্ফা।

হেদায়েতের জন্য কিতাবুল্লাহ ও রিজালুল্লাহ উভয়টিই জরুরী

মূল : হাকীমুল ইসলাম ক্বারী মুহাম্মাদ তাইয়্যেব ছাহেব রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৪৮
মূল্য : ৬০.০০ টাকা মাত্র

পৃথিবীর সূচনাকাল থেকে আল্লাহ পাক হেদায়াতের দুটি ধারা অব্যাহত রেখেছেন। একটি ধারার নাম হলো, কিতাবুল্লাহ। আর অপর ধারার নাম হলো, রিজালুল্লাহ।

আল্লাহ পাক যুগে যুগে মানুষের হেদায়েতের জন্য বিভিন্ন নবী-রাসূল আলাইহিমুস সালামকে প্রেরণ করেছেন এবং তাঁদের কারো কারো প্রতি কিতাব নাযিল করেছেন। এভাবে উপরিউক্ত দু-ধারার সমন্বয়ে হেদায়েতের পথ উদ্ভাসিত হয়েছে।

এ দুটি ধারার মধ্যে আবার রিজালুল্লাহ্র গুরুত্ব অধিক হওয়ায় বিভিন্ন সময় এমনও হয়েছে যে, আল্লাহ পাক নবী তো পাঠিয়েছেন কিন্তু তাঁর উপর নতুন কোনো কিতাব নাযিল করা হয়নি। বরং তাঁকে পূর্বের কিতাব অনুসরণের নির্দেশ দেওয়া হয়েছে। কিন্তু এমন কখনো ঘটেনি নবী ছাড়াই কিতাব নাযিল করা হয়েছে। এতে বোঝা যায় রিজালুল্লাহ্র গুরুত্ব বেশি।

অথচ সঠিক পথ হতে বিচ্যুত কিছু অজ্ঞ লোক মানুষকে রিজালুল্লাহ্ থেকেই বিচ্ছিন্ন করতে চায়। এমনটি হলে দ্বীন থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ার সম্ভাবনা হয় প্রবল এবং মানুষের ধর্মীয় দিকটি মারাত্মক ঝুঁকিতে পড়ে যায়।

আমাদের এ পুস্তকে সংক্ষিপ্তাকারে এ বিষয়টি বুঝানোর চেষ্টা করা হয়েছে। এ ব্যাপারে যে সকল অপপ্রচার একশ্রেণির লোক চালিয়ে থাকে, তাদের সে সকল বাড়াবাড়ির উত্তরও সুন্দরভাবে দেওয়া হয়েছে।

ভাষণ সমগ্র-১

উলামা-তলাবা

পরিচিতি, মর্যাদা, দায়িত্ব ও কর্তব্য

মূল : মুফাক্কিরে ইসলাম সাইয়্যেদ আবুল হাসান আলী নদভী রহ.

অনুবাদ : মাওলানা আব্দুল গাফফার

মুহাদ্দিস, জামেআতুল উলূমিল ইসলামিয়া মুহাম্মাদপুর, ঢাকা

পৃষ্ঠা : ৩৮৪

মূল্য : ৩৬০.০০ টাকা মাত্র

ভাষণ সমগ্র-২

দাওয়াত ও তাবলীগ

দাওয়াত ও তাবলীগের ফাযায়েল, মাসায়েল, আদব এবং দায়ীর মর্যাদা, বৈশিষ্ট্য, দায়িত্ব ও কর্তব্য

মূল : মুফাক্কিরে ইসলাম সাইয়্যেদ আবুল হাসান আলী নদভী রহ.

অনুবাদ : মাওলানা আব্দুল গাফফার

মুহাদ্দিস, জামেআতুল উলূমিল ইসলামিয়া মুহাম্মাদপুর, ঢাকা

পৃষ্ঠা : ৪৫৬

মূল্য : ৩৯০ টাকা মাত্র

মুফাক্কিরে ইসলাম হযরত মাওলানা সাইয়্যেদ আবুল হাসান আলী নদভী রহ.কে আল্লাহ পাক এ আখেরী যমানায় দ্বীনের যে বহুমুখী খেদমতের তাওফীক দিয়েছেন এবং তাঁর যবান ও কলম পুরো আলমে ইসলাম জুড়ে বরং অমুসলিম-সমাজেও দ্বীনী দাওয়াত যে হৃদয়গ্রাহী পন্থায় পৌঁছে দিয়েছে সে সম্পর্কে কোনো সচেতন মুসলমান অনবহিত নন।

আল্লাহ পাক হযরত মাওলানাকে উম্মতের প্রতি এমন দয়ার্দ্রচিত্ত বানিয়েছিলেন যে, তিনি পতনের এই যুগে উম্মাহ্র গাফলত ও আত্মঘাতী অবস্থাদর্শনে অস্থির হয়ে পৃথিবীর প্রায় সকল রাষ্ট্রেই ছুটে বেড়িয়েছেন। অন্তরের সবটুকু দরদ ঢেলে দিয়ে মুসলমানদের গাফলতের নিদ থেকে জাগিয়ে আত্মসচেতন করার সর্বাত্মক চেষ্টা চালিয়েছেন। বিশেষত উম্মাহ্র নেতৃত্ব ও কর্তৃত্ব যাদের হাতে সে সকল নেতৃবৃন্দ ও উলামায়ে কেরাম ও ভবিষ্যৎ নেতৃত্ব যাদের হাতে সেই সকল যুবক ও তালেবানে ইলমের পরিচিতি, মর্যাদা, দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বলতে গিয়ে তো তিনি স্বীয় ব্যথিত হৃদয়কেই তাদের সামনে খুলে রেখে দিয়েছেন।

যদিও ভাষণ সমগ্রের প্রথম খণ্ডটি বিশেষভাবে উলামায়ে কেরাম ও তালেবান ইলমের জন্য কিন্তু ব্যাপকভাবে মুসলমানমাত্রের জন্যই এতে চিন্তার খোরাক আছে। আছে হৃদয়ে উত্তাপ গ্রহণের পর্যাপ্ত সামান।

ভাষণ সমগ্রের দ্বিতীয় খণ্ড 'দাওয়াত ও তাবলীগ' শীর্ষক গ্রন্থখানি বিশেষভাবে উলামায়ে কেরাম ও দাঈ-এ ইসলামের জন্য রাহবারস্বরূপ। এ খণ্ডেও ব্যাপকভাবে মুসলমানমাত্রের জন্যই চিন্তার খোরাক আছে। আছে নিজ দায়িত্ব-কর্তব্য সম্পর্কে সচেতনতা লাভের পর্যাপ্ত সামান। সাথে সাথে উম্মাহ্র দরদ অন্তরে সৃষ্টি করে সমগ্র পৃথিবী তথা কুল-মাখলুকের কল্যাণে কাজ করার প্রেরণা হাসিলের উপকরণ। অতএব ভাষণ সমগ্রের সবক'টি খণ্ডই সকলের পাঠ করা উচিত।

ইলম ও জ্ঞান

আমি বিশ্বাস করি যে, ইলম ও জ্ঞান একক ও অবিমিশ্র এক সত্তা, যা অবিভাজ্য। ইলম ও জ্ঞানকে নতুন ও পুরাতন, প্রাচ্য ও পাশ্চাত্য কিংবা দর্শনগত ও কর্মগত ইত্যাদি ভাগে বিভক্ত করা শুদ্ধ নয়, সিদ্ধ নয়।

আল্লামা ইকবাল যেমনটা বলেছেন : (তরজমা) 'নতুন ও পুরাতনের স্লোগান দৃষ্টি-দুর্বলতার প্রমাণ।'

ইলম ও জ্ঞানকে আমি এক মহাসত্য বলে মনে করি। ইলম ও জ্ঞান মূলত আল্লাহ তা'আলার ঐ দ্বীন যার মালিকানা কোনো জাতি বা দেশ-বিশেষের জন্য নির্দিষ্ট নয়, নির্দিষ্ট হওয়া উচিতও নয়। ইলম ও জ্ঞানের আধিক্যের মধ্যেও আমি একত্ব দেখতে পাই। সেই একত্ব হচ্ছে সত্যতা, সত্যের অন্বেষণ, সত্য-পিপাসা, সত্যপ্রাপ্তির আনন্দ। (উলামা-তলাবা : ৭)

মহানবী ﷺ ও সভ্য পৃথিবীর ঋণ স্বীকার

মূল : সাইয়্যেদ আবুল হাসান আলী নদভী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ ইউসুফ নূর
পৃষ্ঠা : ৬৪
মূল্য : ৮০.০০ টাকা মাত্র

পৃথিবীর সকল মানুষ ও আল্লাহর সকল মাখলুকের জন্য মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন আল্লাহর রহমত। তাঁর অসামান্য অনুগ্রহে সৃষ্টিকুল তাঁর কাছে ঋণী, এ বাস্তবতা যৌক্তিক উপায়ে বিবৃত হয়েছে এই পুস্তিকায়।

ইসলাম কি ও কেন?

মূল : মাওলানা মুহাম্মাদ মনযূর নো'মানী রহ.
অনুবাদ : মাওলানা মাহ্দী হাসান
পৃষ্ঠা : ১৯২
মূল্য : ১৬০.০০ টাকা মাত্র

ইসলামের পরিচয় সম্বলিত এ অপূর্ব কিতাবটি প্রথম প্রকাশিত হয় উর্দু ভাষায় ১৯৪৯ সালে। এ পর্যন্ত এর লক্ষ লক্ষ কপি মুদ্রিত হয়েছে। এর অনুবাদ ইংরেজি, ফরাসি, বার্মিজ, হিন্দি, গুজরাটি, বাংলা ইত্যাদি ভাষায় প্রকাশিত হয়ে পাঠকপ্রিয়তা অর্জন করেছে। সর্বস্তরের মুসলমানের সাথে সাথে ইসলাম সম্পর্কে জানতে আগ্রহী সকলের জন্য এ কিতাবটি পাঠ করা একান্ত কর্তব্য।

আলোকিত জীবনের পথ

মূল : সাইয়্যেদ আবুল হাসান আলী নদভী রহ.
অনুবাদ : মাওলানা খন্দকার মনসূর আহমদ
পৃষ্ঠা : ১৮৪
মূল্য : ১৮০.০০ টাকা মাত্র

তালেবে ইলমের পরিচয়, দায়িত্ব, কর্তব্য ও মর্যাদা যা সে নিজেও উপলব্ধি করতে পারে না। হৃদয়ের সবটুকু দরদ দিয়ে তালিবে ইলমদের খেদমতে সে কথাটিই আরয করেছেন, তাদের সচেতন করার আন্তরিক প্রয়াস চালিয়েছেন মুফাক্কিরে ইসলাম হযরত মাওলানা সাইয়্যেদ আবুল হাসান আলী নদভী রহ. তাঁর এ সকল ভাষণে। যে কোনো তালিবুল ইলম হযরত রহ.-এর এ দরদভরা কথায় আমল করে জীবনকে সার্থক ও সফল যেমন করতে পারেন। তদ্রূপ নিজেকে করতে পারেন আখেরাতে নাজাত ও মুক্তিপ্রাপ্তদের অন্তর্ভুক্ত।

শাশ্বত সত্যের পয়গাম

মূল : মাওলানা মুহাম্মাদ মনযূর নো'মানী রহ.
অনুবাদ : মাওলানা শরীফ মুহাম্মাদ
পৃষ্ঠা : ২২৪
মূল্য : ১৭০.০০ টাকা মাত্র

জগদ্বিখ্যাত আলেমে দ্বীন ও দাঈ হযরত মাওলানা মুহাম্মাদ মনযূর নোমানী রহ.-এর বিভিন্ন মজলিসে প্রদত্ত হৃদয়-নিংড়ানো ভাষণ-সংকলন, যাতে ইসলামের পরিচয়, অপরিহার্যতা ও ইসলামের উপকারিতা যৌক্তিকভাবে উপস্থাপন করা হয়েছে। বইটি প্রতিটি হৃদয়কেই আলোকিত করবে ইনশাআল্লাহ।

তাসাওউফ কি ও কেন?

মূল : মাওলানা মুহাম্মাদ মনযূর নো'মানী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান
পৃষ্ঠা : ৬৪
মূল্য : ৬০.০০ টাকা মাত্র

তাযকিয়া ও তাসাওউফের উদ্দেশ্য হচ্ছে ভেতর ও বাহিরের পরিশুদ্ধি, যা ছাড়া মানুষ সত্যিকারের মানুষ হতে পারে না। অথচ বিষয়টি আমাদের সমাজে চরম বিভ্রান্তি ও অবহেলার শিকার। এ কিতাবে আছে এ বিষয়ের সুন্দর ও বিস্তারিত বিবরণ।

নামাযের হাকীকত

মূল : মাওলানা মুহাম্মাদ মনযূর নো'মানী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ আব্দুল ওয়াদূদ
পৃষ্ঠা : ১৪৪
মূল্য : ১৩০.০০ টাকা মাত্র

নামায যথাযথভাবে ইখলাসের সাথে মাসআলা অনুযায়ী সুন্নাত মোতাবেক আদায় করে বান্দা অতি সহজেই আল্লাহর ভালোবাসা ও নৈকট্য অর্জন করতে পারে। কিন্তু আমাদের অনেকেই নামাযের হাকীকত উপলব্ধি না করে দায়সারাভাবে নামায আদায় করে থাকে, যদ্দরুন কাঙ্ক্ষিত ফললাভে বঞ্চিত হয়। এ কিতাবে নামাযের হাকীকত অত্যন্ত সহজ-সরলভাবে উপস্থাপিত হয়েছে। এ কিতাব পাঠ করলে নামাযে মনোযোগী হওয়া সহজ হয়। লাভ করা যায় নামাযের কাঙ্ক্ষিত সুফল।

কুরআন ও হাদীসের আলোকে
উন্নতির চাবিকাঠি

মূল : মাওলানা আশেক ইলাহী বুলন্দশহরী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান
পৃষ্ঠা : ৯৪
মূল্য : ১০০.০০ টাকা মাত্র

উন্নতিলাভের প্রত্যাশা সকলেরই আছে। উন্নতির পথ ও ধারণা মুমিন ও কাফেরের ক্ষেত্রে এক নয়। তা সত্ত্বেও অজ্ঞতার কারণে মুমিন ও কাফের অভিন্ন পথে উন্নতি খুঁজে বেড়ায়। এ কিতাবে মুমিনের উন্নতির সঠিক পথ হৃদয়গ্রাহী উপায়ে বিবৃত হয়েছে।

কুরআন ও হাদীসের আলোকে
সফলতার পথ

মূল : মাওলানা আশেক ইলাহী বুলন্দশহরী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান
পৃষ্ঠা : ৯৬
মূল্য : ১০০.০০ টাকা মাত্র

প্রতিটি মানুষ সফলতা চায়। কিন্তু মুমিনের সফলতার পথ ও কাফেরের সফলতার পথ এক নয়। তা সত্ত্বেও অজ্ঞতার কারণে মুমিন ও কাফের একই পথে সফলতা খুঁজে বেড়ায়। এ কিতাবে মুমিনের সফলতার সঠিক পথনির্দেশ হৃদয়গ্রাহী উপায়ে বিবৃত হয়েছে।

কিয়ামতের আলামত

মূল : মাওলানা আশেক ইলাহী বুলন্দ শহরী রহ.
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ যাইনুল আবিদীন
পৃষ্ঠা : ১০৪
মূল্য : ১২০.০০ টাকা মাত্র

এ পৃথিবীর পরিসমাপ্তি ঘটবে কিয়ামতের মাধ্যমে। কিয়ামত ইসলামী আকীদার একটি মৌলিক বিষয়। কিয়ামত সংঘটিত হওয়ার পূর্বে যেসব আলামত প্রকাশিত হবে তা সহীহ হাদীসে বিস্তারিতভাবে বর্ণিত হয়েছে। এ কিতাবে তারই সংক্ষিপ্ত ব্যাখ্যা দেওয়া হয়েছে।

আলোর কাফেলা সমগ্র

মূল : ড. আব্দুর রহমান রাফাত পাশা রহ.
অনুবাদ : মাওলানা নাসীম আরাফাত ও
মাওলানা মাসউদুয যামান শহীদ
পৃষ্ঠা : ৬৬৪
মূল্য : ৫২০.০০ টাকা মাত্র

বিখ্যাত আরব আলেম ও সাহিত্যিক ড. আব্দুর রহমান রাফাত পাশা রহ.-এর অপূর্ব কীর্তি ‘সুয়ারুম মিন হায়াতিস সাহাবা’-এর বঙ্গানুবাদ। অর্ধশতাধিক বিখ্যাত সাহাবীর জীবনের বিরল-বিচিত্র ও বিস্ময়কর ঈমান উদ্দীপক ঘটনা অত্যন্ত হৃদয়গ্রাহীরূপে আলোচনা করা হয়েছে এ কিতাবে। পূর্বে পৃথক তিন খণ্ডে প্রকাশিত হয়েছিল। এখন একত্রে অখণ্ডরূপে প্রকাশ করা হয়েছে।

আলোর মিছিল সমগ্র

[আলোর মিছিল ১-৬ এক মলাটে]

মূল : ড. আব্দুর রহমান রাফাত পাশা রহ.
অনুবাদ : মুহাক্কেকীন উলামায়ে কেরাম
পৃষ্ঠা : ৫৬৮
মূল্য : ৪৬০.০০ টাকা মাত্র

বিখ্যাত আরব আলেম ও সাহিত্যিক ড. আব্দুর রহমান রাফাত পাশা রহ.-এর অপূর্ব কীর্তি ‘সুয়ারুম মিন হায়াতিত তাবেঈন’-এর বঙ্গানুবাদ। অর্ধশতাধিক বিখ্যাত তাবেঈর জীবনের বিরল-বিচিত্র ও বিস্ময়কর ঈমান উদ্দীপক ঘটনা অত্যন্ত হৃদয়গ্রাহীরূপে বর্ণিত হয়েছে এ কিতাবে। বইটি ছয় খণ্ডে প্রকাশিত হয়ে আসছে দীর্ঘ দিন যাবৎ। এখন সকল খণ্ড একত্রে সংকলিত করা হয়েছে ‘আলোর মিছিল সমগ্র’ নামে।

গীবত শত্রুতার পিতাও এবং পুত্রও

হযরত থানভী রহ. বলেন, গীবত শত্রুতার পিতাও এবং পুত্রও। অর্থাৎ, কখনো শত্রুতার কারণে গীবত করা হয়, আর কখনো গীবতের কারণে শত্রুতা সৃষ্টি হয়। যার মূল ও শাখা এমন জঘন্য, তা পরিত্যাজ্য হওয়ার জন্যে এতটুকুই যথেষ্ট। তা ছাড়া কেউ যখন অন্যের পেছনে লাগে, তখন অভিজ্ঞতায় দেখা গেছে যে, দ্বীনের প্রতি তার মোটেও খেয়াল থাকে না। তখন সে প্রতিপক্ষকে কষ্ট দেওয়া থেকেও বিরত থাকে না এবং মিথ্যা বলা ও ধোঁকা দিতেও দ্বিধাবোধ করে না। প্রত্যেকে এটাই চায় যে, আমার সব শেষ হয়ে গেলেও শত্রুর ক্ষতি হোক ।

(কামালাতে আশরাফিয়া, পৃষ্ঠা : ৬৮)

গুনাহের বিষ সারা শরীরে ছড়িয়ে পড়ে

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ রহ. বলেন : সাপ যে কোনো অঙ্গেই দংশন করুক না কেন মানুষ মারা যায়। কেননা ঐ অঙ্গ থেকে সারা শরীরে বিষ ছড়িয়ে পড়ে। গুনাহের বিষয়টিও এমনই গুনাহ যে কোনো অঙ্গের সাহায্যেই করা হোক না কেন তার বিষ অর্থাৎ, অশুভ প্রতিক্রিয়াও সারা শরীরে ছড়িয়ে পড়ে। (মাজালিসে আবরার : ২০৬)

দ্বীনি বয়ান সংকলন-১ **তাযকিরাতুল আখেরাহ্**
দ্বীনি বয়ান সংকলন-২ **কুরআনের ডাক ও আমাদের জীবন**
দ্বীনি বয়ান সংকলন-৩ **ইসলামের দাবী ও আমাদের বাস্তব জীবন**
দ্বীনি বয়ান সংকলন-৪ **ইসলামের ডাক**
দ্বীনি বয়ান সংকলন-৫ **AN APPEAL TO COMMON SENSE**

বয়ান : হযরত প্রফেসর মুহাম্মাদ হামীদুর রহমান ছাহেব

সাবেক প্রফেসর, বুয়েট ও আইইউটি; বিশিষ্ট খলীফা, হযরত হাফেজ্জী হুজুর রহ. ও মুহিউস সুন্নাহ্ শাহ আবরারুল হক রহ.

পৃষ্ঠা : ৩১২ (১ম খণ্ড) ২৭২ (২য় খণ্ড) ২৬৪ (৩য় খণ্ড) ২২৪ (৪র্থ খণ্ড) ১৩৬ (৫ম খণ্ড)

মূল্য : ২৫০/- (১ম খণ্ড) ২৪০/- (২য় খণ্ড) ২৫০/- (৩য় খণ্ড) ৩০০/- (৪র্থ খণ্ড) ৩০০/- (৫ম খণ্ড) টাকা মাত্র

প্রবীণ প্রফেসর। তড়িৎ প্রকৌশলী। বুয়েট-এর অবসরপ্রাপ্ত ও আইইউটির সাবেক খণ্ডকালীন শিক্ষক। হযরত মাওলানা মুহাম্মাদুল্লাহ্ হাফেজ্জী হুজুর রহ. ও মুহিউস সুন্নাহ্ হযরত মাওলানা শাহ আবরারুল হক ছাহেব রহ.-এর স্নেহধন্য বিশিষ্ট খলীফা ও অন্যান্য অনেক বুযুর্গের সোহবতপ্রাপ্ত ব্যক্তিত্ব হযরত প্রফেসর মুহাম্মাদ হামীদুর রহমান ছাহেব-এর দ্বীনী আলোচনার চারটি সংকলন। এ সকল গ্রন্থে যুগের মানসিকতা বুঝে তার উপযোগী করে ইসলাম ও কুরআনের আবেদনকে তুলে ধরা হয়েছে অত্যন্ত হৃদয়গ্রাহীভাবে। আলেম, শিক্ষক, বুদ্ধিজীবীসহ সর্বশ্রেণীর ঈমানদারের জন্যই আত্মার খোরাক আছে এ সকল বইতে।

প্রথম খণ্ড **“তাযকিরাতুল আখেরাহ”** যার উল্লেখযোগ্য শিরোনামসমূহ : কুরআন ও বাস্তব প্রেক্ষাপট, দুনিয়া ও আখিরাতের ব্যবসা, আল্লাহর পথে সংগ্রাম, দুনিয়ার জীবনের মোহ, দ্বীনের জন্য আত্মত্যাগ, নেয়ামত ও শোকর, ইসলামের নামে অজ্ঞতার প্রসার, কুরআন এবং ইসলাম, রূহের মাগফেরাত, ইলম ও তাকওয়া, আল্লাহর প্রতি বিশ্বাস, দাওয়াতুল হক, অহংকার, আধিক্যের মোহ, ইত্যাদি।

দ্বিতীয় খণ্ড “কুরআনের ডাক ও আমাদের জীবন” যার উল্লেখযোগ্য শিরোনামসমূহ : নেক আমল করার সহজ পদ্ধতি, মাদরাসা শিক্ষার গুরুত্ব, দুনিয়ায় আখেরাতের ব্যবসা, ঈদে মিলাদুন্নবী সম্পর্কে ইসলামের দৃষ্টিভঙ্গি, মুসলমান হিসেবে দায়িত্ব ও কর্তব্য, কুরআন পড়ার গুরুত্ব, আল্লাহ্র তাসবীহ্ পড়ার গুরুত্ব, আখেরাতের ফিকির ও আমাদের করণীয়, পিতা-মাতার প্রতি সন্তানের দায়িত্ব, রাসূলের প্রতি মহব্বত, আধুনিক ধর্মীয় বুদ্ধিজীবী প্রসঙ্গে, রমযানের তারাবীহ ও লাইতুল কদর, ইত্যাদি।

তৃতীয় খণ্ড **“ইসলামের দাবী ও আমাদের বাস্তব জীবন”** যার উল্লেখযোগ্য শিরোনামসমূহ : কুরআন ও বিজ্ঞান, জিহাদ করার তাৎপর্য, বাংলা খুতবা প্রসঙ্গে, তাক্বওয়ার মর্মকথা, আখেরাতের জন্য খরচ করা, অবিশ্বাসীদের আমল প্রসঙ্গে, ইসলামের প্রথম ক্বারী-প্রথম মুক্বরী, মাদরাসা শিক্ষার্থীর অভিভাবকদের দায়িত্ব, জুমু'আর দিন একটি বিশেষ দিন, হজ্জ : ইসলামকে অনুভবের আমল, আল্লাহর একত্ববাদ, ইত্যাদি।

চতুর্থ খণ্ড “ইসলামে ডাক” যার উল্লেখযোগ্য শিরোনামসমূহ : মানুষকে আল্লাহর দিকে আহ্বান করার পদ্ধতি, আল্লাহর মহত্ত্বের অনুভূতি, দুনিয়ার জীবনে আখেরাতের জন্য প্রেরণ, যিকির কী ও কেন, সূরা ইয়াসিন–হার্ট অব দি কুরআন, আল্লাহর রাস্তায় খরচ করা, মাসনূন দু'আ–অলৌকিক ভাবের উদ্ভাস, আল্লাহর নেয়ামতের প্রচার, শবে বরাত প্রসঙ্গে, শরীয়তের দৃষ্টিতে যৌথ ব্যবসায় অংশীদারদের করণীয়, ইত্যাদি। **AN APPEAL TO COMMON SENSE** গ্রন্থে হযরতের কয়েকটি ইংরেজি বয়ান সংকলন করা হয়েছে। যা ইংরেজি শিক্ষিত মুসলমানদের জন্য পাথেয় হিসেবে গণ্য।

ইসলাম ও আমাদের জীবন-১

ইসলামী আকীদা-বিশ্বাস

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম
পৃষ্ঠা : ৪১৬
মূল্য : ৩৬০.০০ টাকা মাত্র

"ইসলাম ও আমাদের জীবন" সিরিজ মূলত শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী দামাত বারাকাতুহুমের ইসলাহী খুতুবাত, ইসলাহী মাজালিস, ইসলাহী মাওয়ায়েয, ইসলাহী বয়ান তথা সকল বয়ান সংকলন এবং নির্বাচিত রচনাসমগ্র। যা সম্পর্কে তিনি নিজেই বলেছেন,

"বছরের পর বছর ধরে কলম ও যবান নিজ সামর্থ্য অনুযায়ী কসরত করে যাচ্ছে। উদ্দেশ্য—জীবনের প্রতিটি ক্ষেত্রে ইসলামের যে কালজয়ী দিকনির্দেশনা রয়েছে, তা দ্বারা নিজেও উপকৃত হওয়া এবং অন্যদের কাছেও সে দিকনির্দেশকে পৌঁছে দেওয়া। বিভিন্ন বিষয়বস্তু সম্পর্কে এজাতীয় লেখাজোখা ও বক্তৃতা-বিবৃতি যেমন পত্র-পত্রিকায় ছাপা হয়েছে, তেমনি স্বতন্ত্র পুস্তক-পুস্তিকা কিংবা বিশেষ সংকলনের অংশরূপেও প্রকাশিত হয়েছে। সেগুলোর একটি বিষয়ভিত্তিক সমগ্রের রূপ দেয়া হয়েছে 'ইসলাম ও আমাদের জীবন' সিরিজে।

এ সিরিজের প্রথম খণ্ডের নাম **'ইসলামী আকীদা-বিশ্বাস'**;এ খণ্ডে তাওহীদ, কালেমা তাইয়েবার দাবি, বুদ্ধির কর্ম-পরিধি, পূর্ণাঙ্গ ঈমানের চারটি আলামত, ঈমানের দাবি, ইসলাম-এর হাকীকত, 'দ্বীন'-এর হাকীকত-১, দ্বীন-এর হাকীকত-২, শুকরের গুরুত্ব ও শুকর আদায়ের পন্থা, আল্লাহ তা'আলার হুকুম বিনা বাক্যে শিরোধার্য, তাকদীরে সন্তুষ্ট থাকা, ফিতনার যুগ ও তার আলামতসমূহ, বিদ'আত কেন হারাম?, তাবিজ-কবয ও ঝাড়-ফুঁক, দুনিয়ার হাকীকত, আখিরাতের চিন্তা, মৃত্যুর আগে মৃত্যুর প্রস্তুতি, পুরস্কার ও শাস্তির চিন্তা, জান্নাতের নয়নাভিরাম দৃশ্য, ইসলামের দৃষ্টিতে স্বপ্ন, শরী'আতের দৃষ্টিতে তাবাররুক, রোগ-ব্যাধি ও বিপদাপদও এক নি'আমত, মুনাফিকীর আলামত শীর্ষক আলোচনাসমূহ সংকলিত হয়েছে।

সুতরাং স্বীয় ঈমান-আমলকে সহীহ করে আল্লাহ পাকের সন্তুষ্টিলাভের জন্য এ কিতাব সকল মুসলিমের পাঠ করা কর্তব্য।

ইসলাম ও আমাদের জীবন-২

ইবাদাত-বন্দেগী

হাকীকত, ফযীলত ও আদব

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৪৪০
মূল্য : ৩৬০.০০ টাকা মাত্র

এ সিরিজের দ্বিতীয় খণ্ডের নাম **'ইবাদাত-বন্দেগী : হাকীকত, ফযীলত ও আদব'**; এ খণ্ডের উল্লেখযোগ্য শিরোনাম হলো, বিসমিল্লাহ, ইবাদতের গুরুত্ব, ইবাদতের আবেগ ও আদব, আমলের পার্থিব ফলাফল, সাহায্য আসবে আমলের পর, নেক কাজে বিলম্ব করো না, নফল ইবাদতের গুরুত্ব, নামাযের গুরুত্ব, নামায একটি বিনয়সিক্ত ইবাদত, নামাযের হেফাজত করুন, নামায এবং ব্যক্তির পরিশুদ্ধি, একনজরে নামাযের রুকনসমূহ, সুন্নাত মোতাবেক নামায পড়ুন, নামাযের মধ্যে উদিত বিভিন্ন চিন্তা থেকে বাঁচার উপায়, চোখ বন্ধ করে নামায পড়া, সমস্যা সমাধানে ও বিপদমোচনে সালাতুল হাজাত, রোযার দাবি, বরকতের মাস, হজ্জের গুরুত্ব, হজ্জ একটি প্রেমসিক্ত ইবাদত, হজ্জ করতে বিলম্ব কেন?, হজ্জ প্রসঙ্গে কয়েকটি নিবেদন, যাকাতের গুরুত্ব ও তার নেসাব, যাকাত সম্পর্কিত কয়েকটি গুরুত্বপূর্ণ মাসআলা, আপনি কীভাবে যাকাত দিবেন?, যিকিরের গুরুত্ব, যিকিরের বিভিন্ন পদ্ধতি, যিকিরের কতিপয় আদব, দাওয়াত ও তাবলীগের মূলনীতি, জিহাদ ও দাওয়াত-তাবলীগ ইত্যাদি।

সুতরাং স্বীয় ইবাদত-বন্দেগীকে সহীহ করে আল্লাহ পাকের সন্তুষ্টিলাভের জন্য এ কিতাব সকল মুসলিমের পড়া উচিত।

ইসলাম ও আমাদের জীবন-৩

ইসলামী মু'আমালাত

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ মুহিউদ্দীন
পৃষ্ঠা : ৪১৬
মূল্য : ৩৬০.০০ টাকা মাত্র

এ সিরিজের তৃতীয় খণ্ডের নাম **'ইসলামী মু'আমালাত : ইসলামী অর্থব্যবস্থার শ্রেষ্ঠত্ব, আয়-ব্যয় ও লেনদেনের ইসলামী বিধান'**;এ খণ্ডের উল্লেখযোগ্য শিরোনাম হলো, ব্যবসা দ্বীনও দুনিয়াও, ব্যবসার ফযীলত, উপায় অবলম্বন ও জীবিকা, ব্যবসার কিছু রীতি-নীতি, পাপের পরিণতি : জীবিকা থেকে বঞ্চনা, এ যুগে মুসলিম ব্যবসায়ীদের কর্তব্য, আধুনিক অর্থনীতি ও ইসলাম, সুদভিত্তিক অর্থব্যবস্থার অপকারিতা ও তার বিকল্প, প্রচলিত সুদ ও বর্তমান ব্যাংকিং ব্যবস্থা, সুদ খেলে কৃপণতা বাড়ে, কোনো বস্তু হালাল বা হারাম হওয়া, হারাম সম্পদ থেকে বেঁচে থাকুন এবং সব সময় সত্য বলুন, হারাম উপার্জন থেকে বিরত থাকা, ওজনে কম দেওয়া ও তার ভয়াবহ পরিণতি, পরিমাপে দু-মুখো নীতি, হালাল পেশা পরিত্যাগ করবেন না, হালাল জীবিকার অন্বেষণ একটি দ্বীনি কর্তব্য, লেনদেন পরিষ্কার রাখুন, লেনদেনে পরিচ্ছন্নতা ও ঝগড়া-বিবাদ, আমাদের অর্থনীতি, মুসলিম উম্মাহ্র অর্থব্যবস্থা ও ইসলামের ভিত্তিতে তাদের ঐক্য, ইসলাম ও আধুনিক অর্থনীতি : সমস্যা ও সমাধান, প্রচলিত জমিদারী ব্যবস্থা : ইতিহাস ও সূচনা, ইসলাম গণতন্ত্র ও সমাজতন্ত্র, অধিকার ও কর্তব্য, চুরি এটাও, সম্পদে বরকত, ঘুষ খাওয়ার গুনাহ মদপান এবং ব্যভিচার অপেক্ষাও মারাত্মক, যাকাত কীভাবে আদায় করবেন, যাকাত আদায় সংক্রান্ত কতগুলো গুরুত্বপূর্ণ প্রশ্ন ইত্যাদি।

সুতরাং স্বীয় মু'আমালাত তথা কামাই-রুজিকে সহীহ করে আল্লাহ পাকের সন্তুষ্টিলাভের জন্য এ কিতাব সকল মুসলিমের পাঠ করা দরকার।

ইসলাম ও আমাদের জীবন-৪

ইসলামী মু'আশারাত

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৩৮৪
মূল্য : ৩৬০.০০ টাকা মাত্র

এ সিরিজের চতুর্থ খণ্ডের নাম **'ইসলামী মু'আশারাত : পরস্পরের প্রতি কর্তব্য ও অধিকার সুন্দর ও সুখী সমাজ প্রতিষ্ঠায় ইসলামের কালজয়ী আদর্শ'**;এ খণ্ডের উল্লেখযোগ্য শিরোনাম হলো, আল্লাহ্র সৃষ্টিকে ভালোবাসুন, অন্যকে খুশি করুন, অন্যের অবস্থার প্রতি লক্ষ রাখুন, হাসিমুখে সাক্ষাৎ করা সুন্নাত, গরীবদেরকে তুচ্ছ মনে করবেন না, মিসকীনদের ফযীলত, গোনাহগারকে তিরস্কার করবেন না, গোনাহগারকে হেয় প্রতিপন্ন করবেন না, বড়োদের আনুগত্য ও আদবের দাবি, বড়োদেরকে সম্মান করুন, বড়োদের থেকে সম্মুখে অগ্রসর হয়ো না, ভ্রাতৃত্ব একটি ইসলামী বন্ধন, অন্যকে কষ্ট দিবেন না, মুসলমান হয়ে অন্যকে কষ্ট দেওয়া, বন্ধুত্ব ও শত্রুতার মধ্যে ভারসাম্য, মন্দের বদলা ভালোর মাধ্যমে দিন, অন্যের জিনিস ব্যবহার করা, অন্যের জন্য পছন্দের মাপকাঠি, প্রতিবেশী, প্রতিবেশীর হক আদায় করুন, ক্ষণিকের সঙ্গী, প্রত্যেক সংবাদ যাচাই করা জরুরী, ন্যায়সঙ্গতভাবে অন্যের সঙ্গ দাও, বান্দার হক থেকে তওবা করার পদ্ধতি, মুসলমানের উপর মুসলমানের হক, মুমিন আয়নাস্বরূপ, মৃত ব্যক্তির দোষ চর্চা করো না, ইসলামী সামাজিকতার রূপরেখা, ইত্যাদি।

সুতরাং স্বীয় মু'আশারাত তথা অন্যের প্রতি দায়িত্ব-কর্তব্য ও হক আদায়ের ব্যাপারে সচেতন হওয়া এবং আল্লাহ পাকের সন্তুষ্টিলাভের জন্য এ কিতাব সকল মুসলিমের পাঠ করা উচিত।

ইসলাম ও আমাদের জীবন-৫

ইসলাম ও পারিবারিক জীবন

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম

পৃষ্ঠা : ৩৭৬

মূল্য : ৩৬০.০০ টাকা মাত্র

এ সিরিজের পঞ্চম খণ্ডের নাম **'ইসলাম ও পারিবারিক জীবন : বিবাহের আহকাম, আদব, খুতবা, প্রচলিত রসম-রেওয়াজ, স্বামী-স্ত্রীর হকসমূহ, সুন্দর ও সুখী পরিবার গঠনের ইসলামী নীতিমালা'**'এ খণ্ডের উল্লেখযোগ্য শিরোনাম হলো, বিবাহের আহকাম ও আদবসমূহ, বিবাহ ইন্দ্রিয়চাহিদা নিবারণের বৈধ উপায়, বিবাহের খুতবা : গুরুত্ব ও তাৎপর্য, বিবাহের খুতবায় কী বার্তা দেওয়া হয়?, শর'ঈ মোহ্‌র প্রসঙ্গ, বিয়ের দাওয়াত ও বরযাত্রা, বিবাহ ও ওলীমা : কয়েকটি প্রশ্ন ও তার উত্তর, তালাকের সঠিক পদ্ধতি, ইহ্‌সান ও দাম্পত্যজীবন, শরী'আতের আলোকে স্ত্রীর অধিকার, শরী'আতের দৃষ্টিতে স্বামীর অধিকার, স্ত্রীকে ভালোবাসা দুনিয়াদারী নয়, পিতামাতার খেদমত দ্বারা জান্নাত লাভ, সন্তানদের তারবিয়াত কীভাবে করবেন?, কন্যা সন্তানের লালন-পালন দ্বারা জান্নাত লাভ করা যায়, ছোটর প্রতি বাড়াবাড়ি হয়ে গেলে ক্ষমা লাভের উপায়, পরিবার ব্যবস্থা, আত্মীয়দের প্রতি সদ্ব্যবহার, সম্পর্ক রক্ষার শিক্ষা, পারিবারিক কলহ ও তা সমাধানের উপায়, প্রথম সমাধান : পারস্পরিক মিল-মহব্বত, দ্বিতীয় সমাধান : ধৈর্য ও সহনশীলতা, তৃতীয় সমাধান : ক্ষমা ও উদারতা, চতুর্থ সমাধান : লেনদেনে স্বচ্ছতা, পঞ্চম সমাধান : তর্ক-বিতর্ক ও ঠাট্টা-বিদ্রূপ পরিহার, ষষ্ঠ সমাধান মিথ্যা পরিহার, ইত্যাদি।

সুতরাং স্বীয় পারিবারিক জীবনকে শরী'আতের বিধান এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাহ্ অনুযায়ী ঢেলে সাজানো এবং আল্লাহ পাকের সন্তুষ্টি লাভের জন্য এ কিতাব পাঠ করা উচিত।

ইসলাম ও আমাদের জীবন-৬

তাসাওউফ ও আত্মশুদ্ধি

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ৩৯২

মূল্য : ৩৪০.০০ টাকা মাত্র

এ সিরিজের ষষ্ঠ খণ্ডের নাম **'তাসাওউফ ও আত্মশুদ্ধি : আত্মশুদ্ধির গুরুত্ব, প্রয়োজনীয়তা পথ-পদ্ধতি ও ভ্রান্তি নিরসন'**; এ খণ্ডের উল্লেখযোগ্য শিরোনাম হলো, তাসাওউফের স্বরূপ ও তার দাবি, তাসাওউফের উদ্দেশ্য ও শাইখের প্রয়োজনীয়তা, 'তাযকিয়া'র ব্যাখ্যা ও তাৎপর্য, সমাজ-সংস্কার কীভাবে হবে?, আত্মশুদ্ধির চিন্তাও করুন, আত্মার পবিত্রতা ও তার প্রভাবসমূহ, আল্লাহ তাআলার নেয়ামতসমূহ নিয়ে চিন্তা করুন, আল্লাহ তাআলার ভালোবাসা সৃষ্টি করার উপায়-উপকরণ ও পদ্ধতি, প্রেম প্রথমে প্রেমাস্পদের অন্তরে সৃষ্টি হয়, আল্লাহর নিকট আল্লাহর ভালোবাসার প্রার্থনা করুন, নফসের সংঘাত, আত্মার ব্যাধি ও আধ্যাত্মিক চিকিৎসকের প্রয়োজনীয়তা, দিল থেকে দুনিয়া বের করে দিন, ধনলিপ্সা আধ্যাত্মিক ব্যাধি, অলসতার প্রতিষেধক কর্মতৎপরতা, কুদৃষ্টি একটি ধ্বংসাত্মক ব্যাধি, দৃষ্টি নত করা শিখুন, চোখ অনেক বড়ো নেয়ামত, গোনাহ ছাড়ুন আবেদ হতে পারবেন, আল্লাহর ভয় গোনাহের প্রতিষেধক, মুজাহাদার গুরুত্ব ও প্রয়োজনীয়তা, আল্লাহ তাআলার সঙ্গে সম্পর্ক স্থাপনের সহজ পদ্ধতি, ওয়াসওয়াসার প্রতিকার, বিভিন্ন ওয়াসওয়াসা আসার মধ্যেও হিকমত রয়েছে, ইত্যাদি।

সুতরাং স্বীয় আত্মার ব্যাধিসমূহের চিকিৎসা করিয়ে আত্মার গুণাবলির বিকাশ ঘটিয়ে আল্লাহ পাকের সন্তুষ্টিলাভের জন্য এ কিতাব সকল মুসলিমের অবশ্যপাঠ্য।

ইসলাম ও আমাদের জীবন-৭

মন্দ চরিত্র ও তার সংশোধন

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম
পৃষ্ঠা : ৪০৮
মূল্য : ৩৬০.০০ টাকা মাত্র

এ সিরিজের সপ্তম খণ্ডের নাম **'মন্দ চরিত্র ও তার সংশোধন : আধ্যাত্মিক রোগের ভয়াবহতা ও তা থেকে মুক্তি লাভের উপায়'**; এ খণ্ডের উল্লেখযোগ্য শিরোনাম হলো, মিথ্যা ও তার নানা রূপ, ওয়াদা ভঙ্গ ও তার নানা রূপ, খেয়ানত ও তার নানা রূপ, নিন্দা করা ও খোঁচা দেওয়া, গীবত : জবানের এক মহাপাপ, গীবত ও তার প্রতিকার, অতিকথন ও তার প্রতিকার, ওয়াসওয়াসা ও তার এলাজ, কুধারণা ও তার প্রতিকার, রাগ ও তার প্রতিকার, হাসাদ ও তার এলাজ, বিদ্বেষ ও তার প্রতিকার, রিয়া ও প্রদর্শনেচ্ছা এবং তার প্রতিকার, অহংকার ও তার চিকিৎসা, উজব (আত্মগুণমুগ্ধতা) ও তার প্রতিকার, অন্যকে তাচ্ছিল্যজ্ঞানের প্রতিকার, কৃপণতা কাকে বলে, কৃপণতার প্রতিকার, অপব্যয় ও তার প্রতিকার, ইত্যাদি।

মন্দ চরিত্র মানুষকে মনুষ্যত্ব থেকে পশুত্বের স্তরে নামিয়ে দেয়। সুতরাং স্বীয় মন্দ চরিত্র সংশোধন করে উত্তম চরিত্রের বিকাশ ঘটিয়ে আল্লাহ পাকের সন্তুষ্টিলাভের জন্য সকল মুসলিমের এ কিতাব অবশ্যপাঠ্য।

আখেরাতের সফরের জন্য প্রস্তুতিগ্রহণ

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ রহ. বলেন : এক দেশ থেকে অন্য দেশে যেতে কী পরিমাণ পেরেশানী হয়! পাসপোর্ট নেওয়া, ভিসা নেওয়া, বিভিন্ন স্থানে দৌড়াদৌড়ি করা, মেডিক্যাল সার্টিফিকেট নেওয়া, যাতে বোঝা যায় সে কোনো ভাইরাসজনিত রোগে আক্রান্ত কি না। তাহলে আখেরাতের সফর কেমন হবে? যেখানে এক জগৎ থেকে অন্য জগতে সফর করতে হবে। তার জন্য কত বেশি প্রস্তুতি গ্রহণ করা দরকার। (মাজালিসে আবরার : ৯৮)

ইসলাম ও আমাদের জীবন-৮

উত্তম চরিত্র

ফযীলত, প্রয়োজনীয়তা ও অর্জনের উপায়

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৩৯২
মূল্য : ৩৬০.০০ টাকা মাত্র

এ সিরিজের অষ্টম খণ্ডের নাম **'উত্তম চরিত্র : ফযীলত, প্রয়োজনীয়তা ও অর্জনের উপায়'**; এ খণ্ডের উল্লেখযোগ্য শিরোনাম হলো, উত্তম চরিত্রের ব্যাখ্যা, বিনয় : মর্যাদা ও শ্রেষ্ঠত্ব লাভের মাধ্যম, গোনাহের বিনাশক তাওবা, আত্মশুদ্ধির প্রথম ধাপ 'তাওবা', তাওবার পূর্ণতার জন্য গোনাহ ছাড়ার সংকল্প করুন, ইস্তিগফারের জন্য সময় নির্ধারণ করুন, ভ্রাতৃত্ব একটি ইসলামী বন্ধন, দয়ার প্রতিদান দয়া, ত্যাগ ও কুরবানীর ফযীলত, আমানতের গুরুত্ব, আমানতের ব্যাপক অর্থ, অঙ্গীকারের গুরুত্ব, প্রতিশ্রুতি ও অঙ্গীকারের ব্যাপক অর্থ, বিপদে ধৈর্য ধারণ করুন, দান খয়রাত, ভয় ও আশা উভয়টিই কাম্য, তাওয়াক্কুলের হাকীকত, আল্লাহর জন্য বাঁচা-মরা, আল্লাহর শোকর আদায় করুন, অল্পে তুষ্টি অবলম্বন করুন, চারটি বিরাট গুণ ইত্যাদি।

উত্তম চরিত্র মানুষকে ফেরেশতার চেয়েও অগ্রগামী করে দেয়। কাজেই প্রতিটি মানুষের উচিত উত্তম চরিত্র অবলম্বন করে স্বীয় জীবনকে সফল করা। কীভাবে মন্দ চরিত্র সংশোধন করে উত্তম চরিত্রের অধিকারী হওয়া যায়, সে বিষয়ে এ কিতাব পথ প্রদর্শন করবে। ইনশাআল্লাহ্।

কলবের হিম্মত দুর্বল হয়ে পড়লে করণীয়

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ রহ বলেন : যখন গাড়ি স্টার্ট হয় না তখন ব্যাটারি চার্জ করানো হয়। অনুরূপভাবে যখন দ্বীনের গাড়ি অর্থাৎ কলবের হিম্মত দুর্বল হয়ে পড়ার কারণে চলতে না পারে তখন কোনো আল্লাহওয়ালার নিকট সেটার ব্যাটারি চার্জ করাবে; তবেই সেটা চলতে শুরু করবে। (মাজালিসে আবরার : ৯১)

ইসলাম ও আমাদের জীবন-৯

ইসলামী জীবনের কল্যাণময় আদব

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম

পৃষ্ঠা : ৪৫৬

মূল্য : ৩৮০.০০ টাকা মাত্র

এ সিরিজের নবম খণ্ডের নাম **'ইসলামী জীবনের কল্যাণময় আদব'**; এ খণ্ডের উল্লেখযোগ্য শিরোনাম হলো, পানাহারের আদব, পান করার আদব, দা'ওয়াতের আদবসমূহ, পোশাকের শর'ঈ নীতিমালা ও আদবসমূহ, রোগী দেখতে যাওয়ার আদব, জানাযার আদব, হাঁচি দেওয়ার আদব : তার দু'আ ও জবাবী দু'আ, সালামের আদবসমূহ, মুসাফাহার আদব, সাক্ষাৎ করা ও ফোন করার আদব, খেদমতের আদব, ঘুমানোর আদব, সুপারিশের নিয়ম-কানুন, কথাবার্তার আদব, জবানের হেফাজত করুন, অপ্রয়োজনীয় প্রশ্ন পরিহার করা, আওয়াজ উঁচু করো না, নিজেকে গুনাহের সন্দেহ থেকে বাঁচানো, সুস্থতা ও সুযোগের মূল্য দাও, সময়ের মূল্য, নিয়ম-শৃঙ্খলা, পবিত্রতা ও পরিচ্ছন্নতা, রিযকের সঠিক ব্যবহার, গলত পরিচয় দান পরিহার করুন, বৈদ্যুতিক আলোয় ছড়িয়ে পড়ছে অন্ধকার, নিজের খবর নিন ইত্যাদি।

আদব মানুষকে উন্নত করে ও মহত বানায়। কাজেই স্বীয় জীবনকে সফল ও মর্যাদাপূর্ণ করার জন্য ইসলামী আদবকে নিজ জীবনে অবলম্বন করা অপরিহার্য। অতএব আল্লাহ পাকের সন্তুষ্টিলাভের জন্য ইসলামী আদব-কায়দায় অভ্যস্ত হওয়া সকল মুসলিমের অবশ্যকর্তব্য।

যিকিরের মাধ্যমে মনের প্রশান্তি

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ রহ. বলেন : উদ্দেশ্য হাসিল হলে মনে প্রশান্তি আসে। কাজেই যে ব্যক্তি যিকিরের দ্বারা প্রশান্তি পাচ্ছে না, বুঝতে হবে সে যিকিরকে উদ্দেশ্য মনে করে না, তার অন্য কোনো মতলব আছে। (মাজালিসে আবরার : ৯১)

ইসলাম ও আমাদের জীবন-১০

দৈনন্দিন কাজে প্রিয় নবীর ﷺ প্রিয় দুআ ও আমল

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ : মাওলানা আবদুল গাফফার

পৃষ্ঠা : ৩৪৪

মূল্য : ৩৬০.০০ টাকা মাত্র

এ সিরিজের দশম খণ্ডের নাম **'দৈনন্দিন কাজে প্রিয় নবীর ﷺ প্রিয় দুআ ও আমল'**; এ খণ্ডের উল্লেখযোগ্য শিরোনাম হলো, মাসনূন দুআসমূহ, প্রত্যেক কাজের শুরুতে বিসমিল্লাহ, সালাতুল হাজত : সকল পেরেশানীর চিকিৎসা, ইস্তিখারার সুন্নতসম্মত পদ্ধতি, পরামর্শ : একটি কল্যাণকর আমল, নিদ্রা হতে জাগ্রত হয়ে পাঠ করার মাসনূন দুআ, বায়তুলখালায় (বাথরুমে) প্রবেশের দুআ ও বায়তুলখালা (বাথরুম) হতে বের হওয়ার দুআ, ওযু : জাহেরী ও বাতেনী পবিত্রতার মাধ্যম, ওযুর মাসনূন দুআ, ওযুতে প্রত্যেক অঙ্গ ধৌত করার সময়ে ভিন্ন ভিন্ন দুআ, ওযুর পরের দুআ, ফজরের নামাযে যাওয়ার দুআ, মসজিদে প্রবেশের দুআ, মসজিদ হতে বের হওয়ার দুআ, সূর্য উদয়কালের দুআ, সকালে পাঠ করার দুআসমূহ, সকালের আরেকটি দুআ, ঘর হতে বের হওয়ার দুআ এবং বাজারে যাওয়ার দুআ, ঘরে প্রবেশের দুআ, খাবার সামনে আসলে যে দুআ পাঠ করতে হয়, খাওয়ার পূর্বের ও পরের দুআ, সফরের বিভিন্ন দুআ, জানাযার আদব, হাঁচি দেওয়ার আদব, বিপদের সময়ে পাঠ করার দুআ, সুস্থতার জন্য দুআ করা সুন্নত, ঘুমানোর পূর্বেকার দুআ ও যিক্‌র ইত্যাদি।

দুআ মূলত মুমিনের হাতিয়ার। যে মুমিন দুআর হাতিয়ারে সর্বদা সুসজ্জিত থাকে সে নফস ও শয়তানের ধোঁকা থেকে খুব সহজেই আত্মরক্ষা করে আল্লাহ পাকের নৈকট্য অর্জন করতে পারে। সুতরাং প্রতিটি মুমিনেরই উচিত দৈনন্দিন কাজে প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শেখানো দুআ ও আমল-এর অনুসরণ অনুকরণ করে আল্লাহ পাকের নৈকট্য অর্জন করা।

ইসলাম ও আমাদের জীবন-১১

ইসলামী মাসসমূহ ফাযায়েল ও মাসায়েল করণীয় ও বর্জনীয়

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ হেদায়াতুল্লাহ
পৃষ্ঠা : ৩০৪
মূল্য : ৩২০.০০ টাকা মাত্র

এ সিরিজের একাদশ খণ্ডের নাম **'ইসলামী মাসসমূহ : ফাযায়েল ও মাসায়েল, করণীয় ও বর্জনীয়'**; এ খণ্ডের উল্লেখযোগ্য শিরোনাম হলো, জীবনের প্রতিটি মুহূর্তের কদর করুন, সময় অনেক মূল্যবান সম্পদ, সময়সূচীর গুরুত্ব, শরীয়তের দৃষ্টিতে জুমু'আর দিন, মুহাররাম ও আশুরার তাৎপর্য, সীরাতুন নবীর জলসা জুলূস, রজব মাস : কিছু ভ্রান্তি ও তার নিরসন, শবে বরাতের তাৎপর্য, রমযান কেন এসেছে? রমযান কিভাবে কাটাব?, রমযান মাসে দুআ কবুল হয়, রমযানে আমাদের ত্রুটিসমূহ, রমযান মাসে আমাদের দায়িত্ব, রমযান রহমতের বিশেষ মাস, রমযানের জন্য নেক কাজ বিলম্বিত করা, শবে কদরের ফযীলত, রমযানের শেষ দশক, বিদায় হজ্জের তাৎপর্য, ঈদুল ফিত্‌র, ঈদ মুবারক, ঈদুল ফিত্‌র একটি ইসলামী উৎসব, চার পয়সার লাভ, কুরবানির দু'আ, মহান দুই ইবাদত : হজ্ব ও কুরবানি, যিলহজ্জের প্রথম দশকে নফল ইবাদত, যিলহজ্ব মাস : আহকাম ও মাসায়েল, হজ্জের গুরুত্ব, হজ্জে বিলম্ব কেন?, হজ্জ সম্পর্কে কিছু আবেদন ইত্যাদি।

সুতরাং পূর্ণ বছরের সকল মাসের ফযীলত সম্পর্কে অবগত হয়ে আমলের মাধ্যমে আল্লাহ পাকের নৈকট্য অর্জন করার জন্য এ গ্রন্থ সহায়ক হবে ইনশাআল্লাহ্।

ইসলাম ও আমাদের জীবন-১২

সীরাতে রাসূল ﷺ ও আমাদের জীবন

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৪১৬
মূল্য : ৩৬০.০০ টাকা মাত্র

এ সিরিজের দ্বাদশ খণ্ডের নাম **'সীরাতে রাসূল ﷺ ও আমাদের জীবন'**; এ খণ্ডের উল্লেখযোগ্য শিরোনাম হলো, নবীজীর সীরাত ও আমাদের জীবন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, পারিবারিক জীবন, সামাজিক জীবন, ইত্তিবায়ে সুন্নাতের বরকত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাতের বিরুদ্ধাচরণ এক মহাঅপরাধ, সুন্নাত নিয়ে ঠাট্টা করবেন না, খানা খাওয়ার সুন্নাত তরীকা, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পবিত্র দুআসমূহ গাফলতের প্রতিষেধক, মাসনূন দুআসমূহ অধিক পরিমাণে আল্লাহর যিকির করার মাধ্যম, রহমাতুল্লিল আলামীন সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও মানবাধিকার, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের তা'লীম ও তারবিয়াতের ধরন ও তার বৈপ্লবিক প্রভাব, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অর্থনৈতিক জীবন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও ইলমে গায়েব, স্বপ্নযোগে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যিয়ারত লাভ, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বৈশিষ্ট্যাবলী, তাওরাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পবিত্র গুণাবলীর উল্লেখ, সংকল্প ও সাহসিকতা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুপম আদর্শ, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ন্যায়বিচার, মদীনা শরীফে হিজরতের কারণ, পবিত্র মদীনায় হিজরতের ঘটনা, বদর যুদ্ধ, সীরাতুন নবীর জলসা ও সমাবেশ, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অন্তিম অসীয়ত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মহান পূর্ব-পুরুষ হযরত ইবরাহীম আলাইহিস সালাম ইত্যাদি।

সীরাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহপ্রদত্ত শরীয়ত ও রাসূল প্রদর্শিত সুন্নাহ্-এর উপর আমলের একমাত্র মাধ্যম। এবং রাসূলের অনুসরণই আল্লাহর প্রিয় হওয়ার উপায়। সুতরাং আল্লাহর ভালোবাসা অর্জন করে জীবনকে সফল ও সার্থক করার জন্য এ গ্রন্থ সকল মুমিনের অবশ্যই পাঠ করা দরকার।

ইসলাম ও আমাদের জীবন-১৩

দ্বীনী মাদরাসা, উলামা ও তলাবা

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম
পৃষ্ঠা : ৪৪০
মূল্য : ৩৮০.০০ টাকা মাত্র

এ সিরিজের ত্রয়োদশ খণ্ডের নাম **'দ্বীনী মাদরাসা উলামা ও তলাবা : ফযীলত ও মর্যাদা, দায়িত্ব ও কর্তব্য'**; এ খণ্ডের উল্লেখযোগ্য শিরোনাম হলো, কুরআন মাজীদ শিক্ষাদানের গুরুত্ব, দ্বীনী মাদরাসাসমূহ দ্বীন রক্ষার দুর্গ, দ্বীনী মাদরাসার নেসাব ও শিক্ষাব্যবস্থা, 'উলামায়ে কিরামের চিন্তা করার এখনই সময়, মাদরাসা কর্তৃপক্ষের খেদমতে : দ্বীনী মাদরাসার জন্য কয়েকটি প্রস্তাবনা, মোল্লা ও দ্বীনী মাদরাসা, 'উলামায়ে কিরামের দায়িত ও কর্তব্য 'ইলম ও 'উলামার ফযীলত, আধুনিক অর্থনৈতিক লেনদেন : 'আলেম সমাজের দায়িত্ব, 'উলামায়ে কিরামের আদব ও সম্মান, দু'টি ধারা : কিতাবুল্লাহ ও রিজালুল্লাহ, সময়ের দাবি, গবেষণা না অপব্যাখ্যা, ইসলামের নূতন ব্যাখ্যা, 'উলামা ও পোপতন্ত্র, হাদীসশাস্ত্র ও 'উলামায়ে হাদীস, 'ইলম অনুযায়ী আমল করুন, চাই দ্বীনের তীব্র অনুসন্ধিৎসা, দ্বীন শেখা ও শেখানোর পদ্ধতি, দরস ও তাদরীসের সাথে আমলের ইসলাহ, মহিলাদের দ্বীন-শিক্ষা প্রসঙ্গ, বুখারী শরীফের সর্বশেষ হাদীসের দরস, ইসলামী শরী'আতে হাদীসের গুরুত্ব ও মর্যাদা, 'উলামায়ে কিরাম এবং দ্বীনের অনুসরণ, দারুল-'উলূম দেওবন্দ এক আদর্শ দ্বীনী শিক্ষা-প্রতিষ্ঠান, 'হাসাদ' ও তার প্রতিকার, অহংকার ও তার প্রতিকার, ইত্যাদি।

দ্বীনী মাদরাসা হলো দ্বীনের দুর্গ। উলামায়ে কেরাম ও তলাবায়ে ইযাম সেই দুর্গের সেনাপতি ও সৈনিক। আর তাদের মাধ্যমেই আল্লাহ পাকের দ্বীনের প্রচার-প্রসার ও হেফাযত যুগ যুগ ধরে হয়ে আসছে। সুতরাং যতদিন পর্যন্ত দ্বীনী মাদরাসা, উলামায়ে কেরাম ও তলাবায়ে ইযামের এ পবিত্র জামাআত পৃথিবীতে থাকবে, পৃথিবীও ততদিন টিকে থাকবে। সুতরাং গুরুত্বপূর্ণ এ বিষয়টি সম্পর্কে সম্যক অবগতিলাভের জন্য এই গ্রন্থ পাঠ করা সকল মুমিনের জন্য জরুরি।

ইসলাম ও আমাদের জীবন-১৪

ইসলাম ও আধুনিক যুগ

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম
পৃষ্ঠা : ৩৮৪
মূল্য : ৩৬০.০০ টাকা মাত্র

এ সিরিজের চতুর্দশ খণ্ডের নাম **'ইসলাম ও আধুনিক যুগ'**; এ খণ্ডের উল্লেখযোগ্য শিরোনাম হলো, বিশ্বজগতের বস্তুরাজি থেকে উপকার লাভের ইসলামী দৃষ্টিভঙ্গি, ইসলামে বিচারক-পদ গ্রহণ সম্পর্কিত নির্দেশনা, ইসলাম ও আধুনিকতা, ইসলাম ও শিল্পবিপ্লব, ইসলামের আধুনিক ব্যাখ্যা, বিজ্ঞান ও ইসলাম, ইসলাম ও ট্রাফিক, নারী-স্বাধীনতার ধোঁকা, নারীসমাজ ও পর্দা, পর্দা নারীর অলংকার, পর্দাহীনতার সয়লাব, পুঁজিবাদী অর্থ-ব্যবস্থা ও পর্দা, নারীর মর্যাদা ও তার কর্মক্ষেত্র, মসজিদে মহিলাদের উপস্থিতি, অশ্লীলতার সয়লাব : আমাদের করণীয়, অশ্লীলতার অভিশাপ : এইডস, মুসলিম উম্মাহ্ আজ কোথায় দাঁড়িয়ে, মন্দ সরকারের আলামত, মুসলমানদের উপর আক্রমণকালে আমাদের করণীয়, সরকার ও জনগণের পারস্পরিক সম্পর্ক, নির্বাচন ও জনগণের দায়িত্ব, ইসলামে ভোটের গুরুত্ব, মুসলিম জাতীয়তার ধারণা ও সরকারের কর্মপন্থা, দেশপ্রেম ও জাত্যভিমান, প্রাদেশিক জাত্যভিমান : কারণ ও প্রতিকার, মুসলিমবিশ্বের মূল ব্যাধি, নিজেদের সরলতাও দেখ এবং দেখ অন্যদের চাতুর্য, শরী'আতের দৃষ্টিতে জিহাদ, মসজিদ নির্মাণের গুরুত্ব, মতপ্রকাশের স্বাধীনতা : শর্ত ও সীমারেখা, অপরাধ ও অপরাধ প্রতিরোধ, পত্রিকা সম্পাদকের সমীপে, ইজতিহাদ, শরী'আতের দৃষ্টিতে ছবি, সূর্যগ্রহণ, এপ্রিল ফুল ইত্যাদি।

এ কিতাবে হযরত শাইখুল ইসলাম দামাত বারাকাতুহুম বিভিন্ন আধুনিক বিষয় নিয়ে জ্ঞানগর্ভ আলোচনা করেছেন। বিশেষত বিভিন্ন বৈজ্ঞানিক আবিষ্কার সম্পর্কে ইসলামের দৃষ্টিভঙ্গি এবং পৃথিবীর বস্তুরাজি থেকে উপকৃত হওয়ার বিধান সুন্দরভাবে বাতলে দিয়েছেন। সুতরাং আধুনিক বিষয়াবলির ইসলামী বিধান সম্পর্কে অবগতিলাভের জন্য এ কিতাবটি সকল মুমিনের পাঠ করা দরকার।

আমার দেখা পৃথিবী ১–৪

মূল : শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৩৫২ (১ম খণ্ড) ৩৪৪ (২য় খণ্ড) ৪০০ (৩য় খণ্ড) ৩০৪ (৪র্থ খণ্ড)
মূল্য : ৩২০.০০ (প্রতি খণ্ড) ১২৮০.০০ (পূর্ণ সেট) টাকা মাত্র

মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাতই সফলতার একমাত্র পথ। পক্ষান্তরে দ্বীনের নামে নব-আবিষ্কৃত বিষয় যা বেদ'আত নামে পরিচিত যা মানুষকে পথভ্রষ্ট করে। ঈদে মীলাদুন্নবী উদ্‌যাপন ও প্রচলিত মীলাদ যা আমাদের সমাজে ব্যাপকভাবে ছড়িয়ে আছে তা যে বেদ'আতেরই অংশ এ কথাটি সংক্ষেপে প্রামাণিকভাবে এ পুস্তিকায় উপস্থাপিত হয়েছে।

হৃদয়ের আলো [ঈমানদীপ্ত পত্রাবলী]

মূল : শাইখ বদীউয যামান সাঈদ নূরসী রহ.

অনুবাদ : মাওলানা যাইনুল আবিদীন

পৃষ্ঠা : ১২৮

মূল্য : ১৪০.০০ টাকা মাত্র

তুরস্কের বিপ্লবী মুজাদ্দিদ বদীউয যামান সাঈদ নূরসী রহ. কর্তৃক তুরস্কের মুসলমানদের দুর্দিনে দ্বীন বাঁচানোর গোপন তৎপরতা ও দ্বীনের ওপর অটল-অবিচল থাকার জন্য আত্মোৎসর্গে উৎসাহিত করার জন্য যে সকল চিঠি বিভিন্ন ভক্ত ও ব্যক্তিত্বকে লিখেছেন সে সকল ঈমানী চিঠির বিস্তারিত বিবরণ।

মাল্টিলেভেল মার্কেটিং : তাত্ত্বিক বিশ্লেষণ ও শরয়ী হুকুম

রচনা : মুফতী আবুল হাসান মুহাম্মাদ আব্দুল্লাহ
মুদীর : মারকাযুদ দাওয়াহ্ আলইসলামিয়া ঢাকা
পৃষ্ঠা : ৪৮
মূল্য : ৫০ টাকা মাত্র

মারকাযুদ দাওয়াহ আলইসলামিয়া ঢাকা-এর সম্মানিত মুদীর এবং ফিকহুল মু'আমালাহর অনন্য মাহের ব্যক্তিত্ব জনাব মুফতী আবুল হাসান মুহাম্মাদ আবদুল্লাহ দামাত বারাকাতুহুম-এর তিনটি মুহাযারাহ-এর লেখ্যরূপ আমাদের বর্তমান আয়োজন 'মাল্টিলেভেল মার্কেটিং : তাত্ত্বিক বিশ্লেষণ ও শরঈ হুকুম।'

এ কিতাবে তিনি বর্তমান সময়ের আলোচিত ও সাধারণ মানুষের অর্থ হাতিয়ে নেওয়ার প্রতিযোগিতায় লিপ্ত এমএলএম কোম্পানিগুলোর স্বরূপ উন্মোচন ও শরঈ দৃষ্টিতে এ সকল কোম্পানির কারবার হারাম হওয়ার বিষয়টি বিস্তারিতভাবে দালীলিক আলোচনার মাধ্যমে নিশ্চিত করেছেন। একথাও এক বাস্তব সত্য যে, ব্যবসায়ী নামে পরিচয়দানকারী এ সকল প্রতারক-চক্রের লোকেরা অনেক বছর আগে যখন প্রথম প্রথম স্বভাববিরোধী অতি মুনাফার প্রলোভন দেখিয়ে এ ধরনের কারবার এদেশে আরম্ভ করে, তখনই সচেতন উলামায়ে কেরাম সতর্ক করেছিলেন। কিন্তু অন্যান্য বিষয়ের মতো এ ব্যাপারটিও উপেক্ষার শিকার হয়েছে। হ্যাঁ, পানি যখন মাথার উপর দিয়ে গড়িয়ে গেল, তখন সরকার ও দায়িত্বশীলদের টনক নড়ল। অতি দরিদ্র জনসাধারণের যে অপূরণীয় ক্ষতি হওয়ার ছিল, সেটা হয়েই গেল। এ পুস্তিকাও মূলত সেই সতর্ক করণেরই একটি ক্ষুদ্র প্রয়াস।

সুন্নাতের অর্থ

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ রহ. বলেন : সুন্নাতের অর্থ হচ্ছে পরিপূর্ণ আমল, বিশুদ্ধ আমল।
(মাজালিসে আবরার : ১৭০)

হযরত হাফেজ্জী হুজুর এবং শীর্ষস্থানীয় ওলামায়ে কেরামের পক্ষ থেকে [জামায়াতে ইসলামীর পথভ্রষ্টতা সম্পর্কে] সতর্কবাণী

সংকলন : মাওলানা মুহাম্মাদুল্লাহ হাফেজ্জী হুজুর রহ.
পৃষ্ঠা : ৩২; মূল্য : ৩০.০০ টাকা মাত্র

বর্তমান যুগ 'ফেতনার যুগ'; এই যুগে বুযুর্গানে দ্বীনের পদাঙ্ক অনুসরণ করে নিজের দ্বীন ও ঈমানের হেফাজত করা সবচেয়ে জরুরি কাজ। এই ফেতনার যুগে কোনো কোনো ফেতনা তো এমন রয়েছে, যা প্রকাশ্য কুফর ও শিরক হওয়ার কারণে মুসলমানদের পক্ষে তা থেকে আত্মরক্ষা করা সহজ হয়, যেমন, খৃষ্টান মিশনারি ফেতনা এবং কাদিয়ানী ফেতনা। কিন্তু অনেক ফেতনার বাহ্যিক ইসলামী আবরণের কারণে সাধারণ মানুষ তার প্রকৃত রূপ সহজে ধরতে সক্ষম হয় না।

এমনি একটি জটিল-প্রকৃতির ফেতনা বর্তমানে দেশে মাথা চাড়া দিয়ে উঠেছে, যাকে ওলামায়ে কেরাম "মওদুদী ফেতনা" নামে আখ্যায়িত করেছেন। মওদুদী ফেতনা অত্যন্ত জটিল একটি ফেতনা এবং মওদুদী সাহেবের "জামায়াতে ইসলামী" প্রকৃতপক্ষে ইসলামের মূল চেতনা পরিপন্থি একটি দল। ইসলামের নাম ভাঙিয়ে ক্ষমতা-দখলই এই দলের মূল লক্ষ্য। অতি সংক্ষেপে এ কিতাবে এ দলের মুখোশ উন্মোচন করা হয়েছে। যাতে তাদের সম্পর্কে সতর্কতা অবলম্বন করা যায়।

ফাসেক ব্যক্তির সাদৃশ্য অবলম্বনের ক্ষতি

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ (রহ.) বলেন : বাহ্যিক বেশভূষা আল্লাহওয়ালাদের মত রাখা বাতেনের হিফাযাতের তালা। যেমনিভাবে দোকানের ভেতরে যদি মাল থাকে আর বাইরের দরজায় তালা না থাকে তবে চোর সে দোকানে হানা দেয় আর দোকানের ভেতরের মালামালের ক্ষতিসাধন করে, ঠিক সে রকমভাবে যদি বাহ্যিক বেশভূষা আল্লাহওয়ালা বুযুর্গদের ন্যায় না হয় তবে ভেতরের অবস্থাও ভালো থাকে না। ফাসেকদের সাদৃশ্য ও সূরত অবলম্বনের দ্বারা বাস্তব ফাসেকীও চলে আসে। (মাজালিসে আবরার : ১৩১)

আহকামুন নিসা

রচনা : মাওলানা মুহাম্মাদ হেমায়েত উদ্দীন
পৃষ্ঠা : ৬২৪
মূল্য : ৫৫০/= (অফসেট) ৩৬০/= (হোয়াইট প্রিন্ট)

নারীদের জন্য প্রয়োজনীয় ফাযায়েল, মাসায়েল, মাছনূন দুআ-দুরূদ, নসীহত ও নেক বিবিদের কাহিনী সম্বলিত ঘর ও মজলিসে তালীমের উপযোগী কিতাব, যা এ পর্যন্ত অনেকবার মুদ্রিত হয়ে এদেশের সকল শ্রেণির, সকল বয়সের নারীর দ্বীনী ইলমের চাহিদাপূরণে সহায়তা করে মুসলিম নারীদের আস্থা অর্জন করেছে।

এ কিতাবটি দুই ধরনের কাগজে ছাপা হয়েছে সাধারণ কাগজ ও অফসেট পেপার। অফসেট পেপারে মুদ্রিত, গিফ্ট বক্স সম্বলিত এ সংস্করণ বিভিন্ন অনুষ্ঠান ও উপলক্ষ্যে প্রদানযোগ্য উত্তম হাদিয়া।

আলোর দিগন্তে হযরত উমর রাযি.

মূল : শাইখ আলী তানতাভী রহ.
অনুবাদ : মাওলানা ইয়াহইয়া ইউসুফ নদভী
পৃষ্ঠা : ৮০
মূল্য : ৯০.০০ টাকা মাত্র

ফারুকে আযম হযরত উমর ইবনুল খাত্তাব রাযি.-এর কুফরীর আঁধার থেকে ঈমান ও ইসলামের শাশ্বত আলোর ভুবনে প্রবেশের অপূর্ব কাহিনী, যা প্রতিটি মানুষের ঈমানের নূরকে বৃদ্ধি করে ঈমানের উপর অটল-অবিচল থাকার প্রেরণা জোগায়।

আশরাফ চরিত

মূল : খাজা আযীযুল হাসান মাজযূব রহ.
অনুবাদ : মাওলানা প্রফেসর গিয়াসুদ্দীন আহমাদ
পৃষ্ঠা : ৮০০
মূল্য : ৭৯০.০০ টাকা মাত্র

আধ্যাত্মিক জগতের রাহ্‌বার হাকীমুল উম্মত, মুজাদ্দিদে মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর জীবন ও খেদমতের বিস্তারিত বিবরণসহ তাসাওউফ, ইহসান ও সুলূকের আকর গ্রন্থ 'আশরাফুস সাওয়ানেহ্'-এর বাংলা অনুবাদ, যুগ যুগ ধরে যা আল্লাহর পথের পথিকের পাথেয় হিসেবে পরিগণিত হয়ে আসছে। এ কিতাব কেবল জীবন ও কর্মের বিবরণ সম্বলিতই নয়। বরং এতে জীবন সৌন্দর্যের বিষয়াবলির আলোচনা ও তা অবলম্বনের উপায়ও বাতলানো হয়েছে।

সুন্নাত অনুযায়ী নামায আদায়ের ফায়েদা

হযরতওয়ালা মুহিউস্ সুন্নাহ রহ. বলেন : সুন্নাত অনুযায়ী নামায আদায় করলে অন্তরে নূর সৃষ্টি হবে। অতঃপর আনন্দ হাসিল হবে। আর যদি নূরই সৃষ্টি না হয়, তাহলে আনন্দ আসে কীভাবে? (মাজালিসে আবরার : ১৮১)

ইসলামে মধ্যপন্থা ও পরিমিতিবোধ

রচনা : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম
পৃষ্ঠা : ২৪০
মূল্য : ২৯০ টাকা মাত্র

অনেক ব্যাপারে আমরা হয়তো বাড়াবাড়ির শিকার। আবার কোনো কোনো ব্যাপারে চরম শৈথিল্যের শিকার। আমাদের আশপাশের লোকদের অবস্থাও ব্যতিক্রম নয়। এটি আমাদের জাতীয় সমস্যা। অথচ এ সমস্যা এমন মারাত্মক যে এ থেকে বের হয়ে আসা ব্যতীত ব্যক্তি, পরিবার ও সমাজ কেউই দ্বীনদারীর কাঙ্ক্ষিত সুফল লাভ করতে পারবে না। সে বিবেচনায় ইসলামে মধ্যপন্থা ও পরিমিতিবোধের গুরুত্ব শিরোনামে মাসিক আলকাউসারে যে লেখাগুলো ছাপা হয়েছে তার একটি গ্রন্থবদ্ধ রূপ আমরা দিয়েছি। এটি এ বিষয়ের প্রথম খণ্ড। পরবর্তীতে ইনশাআল্লাহ আরো কিছু লেখা এ বিষয়ে লেখা হবে বলে গ্রন্থকার আশ্বাস দিয়েছেন।

এ রচনাটির উপকারিতা তো অনেক পাঠক ও সচেতন উলামায়ে কেরামসহ সমাজের গণ্য-মান্য অনেকেই উপলব্ধি করেছেন। সাহিত্যমান সম্পর্কেও বর্তমান সময়ের সচেতন পাঠকদের অনেকের কথা ও মন্তব্য আমার জানার সৌভাগ্য হয়েছে। তা ছাড়া এ লেখাটি ইসলামের সৌন্দর্য ও উপযোগিতার যে স্তরের প্রতিনিধিত্ব করছে তার দাবিও হলো এটা গ্রন্থাকারে প্রকাশকালে তার ভাব-গাম্ভীর্য ও উচ্চমান বজায় রাখা। আমরা আমাদের সাধ্যমতো সে বিষয়ে চেষ্টা করেছি। এ কিতাব পাঠ করলে দ্বীনী ও দুনিয়াবী অনেক ব্যাপারেই আমাদের বাড়াবাড়ি ও শৈথিল্য দৃষ্টিগোচর হবে, সাথে সাথে সে সকল বিষয়ের মধ্যপন্থা ও পরিমিতিবোধ সম্পর্কেও ধারণা হবে। ফলে ইসলামী বিধান জেনে সেমতে আমলের মাধ্যমে কাঙ্ক্ষিত ফল লাভ করে, দুনিয়া ও আখেরাতের শান্তি, সম্মান ও সুখ লাভ সম্ভব হবে ইনশাআল্লাহ্।

মাযহাব না মানার পরিণতি

মূল : হযরত মাওলানা মুফতী আবুল কাসেম নো'মানী
মুহতামিম, দারুল উলূম দেওবন্দ
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ১৯২
মূল্য : ১৮০.০০ টাকা মাত্র

বিভিন্ন আইম্মায়ে মুজতাহিদের মাধ্যমে আল্লাহ পাক কুরআন এবং সুন্নাহ্‌র যুগোপযোগী আমলী রূপ উম্মাতের সামনে পেশ করেছেন।

১৪০০ বছর ধরে উম্মত এর উপর আমল করে আসছে। এখন থেকে দেড়-দুইশ বছর পূর্ব পর্যন্ত এর মধ্যে উল্লেখযোগ্য কোনো মতবিরোধ দেখা দেয়নি। কিন্তু প্রায় দেড়শ বছর পূর্বে একটি দল আত্মপ্রকাশ করে। তারা হাদীসের উপর আমল করার দাবি তুলে উম্মতের সম্মিলিত রুচি-প্রকৃতি ও পথ-পদ্ধতি থেকে বিচ্যুতির ঘোষণা দেয়। উম্মত এই দলের নাম দিয়েছে 'গায়রে মুকাল্লিদ' আর তারা নিজেরা নিজেদের বলে থাকে 'আহলে হাদীস'। এই দলটি তাদের আবির্ভাবের সূচনা থেকেই উম্মতের মধ্যে বিভক্তি ও বিশৃঙ্খলার কারণ হয়ে আসছে। এই দলের চিন্তা-চেতনার উপর সমীক্ষা চালালে সুস্পষ্ট প্রতিভাত হয় যে, তারা উম্মতের উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত রুচি-প্রকৃতি ও পথ-পদ্ধতি থেকে সম্পূর্ণরূপে বিচ্ছিন্ন।

সুতরাং ফিক্‌হ ও তাসাওউফকে তো তারা সম্পূর্ণরূপে অস্বীকার করেই। কালামশাস্ত্রে তাদের চিন্তার দৌড় সাধারণত আল্লাহর সিফাত বিষয়ে সীমাবদ্ধ। এ বিষয়ে তাদের চিন্তা-চেতনার সঙ্গে ভিন্নমত পোষণকারীদের নির্দ্বিধায় মুশরিক বা বিদআতী সাব্যস্ত করা তাদের স্বভাব। হাদীস গ্রহণ ও বর্জন বিষয়ে তাদের কর্মপদ্ধতি শুধু ফকীহগণ নয়, বরং সালাফ মুহাদ্দিসগণ থেকেও ভিন্ন।

তাদের বিচ্যুতির এ বিষয়টি এ কিতাবে খুব সহজভাবে উপস্থাপন করা হয়েছে। সাথে মাযহাব ও তাকলীদের যৌক্তিকতা এবং আমল-আখলাকের ভারসাম্যপূর্ণ পথ ও পন্থা বাতলে দিয়ে সীরাতে মুস্তাকীমের রাহনুমায়ী করা হয়েছে। যাতে সঠিক মত ও পথে থেকে সফলতা লাভ করা যায়।

কুরআনে হাকীম ও আমাদের যিন্দেগী

হযরত মাওলানা উবায়দুল হক রহ.
সাবেক খতীব : বায়তুল মোকাররম জাতীয় মসজিদ
পৃষ্ঠা : ২৪৮
মূল্য : ২৫০.০০ টাকা মাত্র

ঢাকা আলিয়ার সাবেক প্রধান মাওলানা ও বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সাবেক সম্মানিত খতীব ছাহেব রহ.-এর অর্ধ শতাধিক সংক্ষিপ্ত ও জ্ঞানগর্ভ উর্দু নিবন্ধের বাংলা অনুবাদ, যা রেডিও পাকিস্তান থেকে তৎকালে প্রচারিত হয়ে ব্যাপক সাড়া জাগিয়েছিল। উলামায়ে কেরাম, তালেবানে ইলম, খতীব-ইমাম, ওয়ায়েজসহ সর্বস্তরের মুসলমানের জন্য ঈমান ও আমলের প্রেরণা দানকারী।

বড়দের ছেলেবেলা

মূল : শহীদ মাওলানা মুহাম্মাদ আসলাম শেখোপুরী রহ.
অনুবাদ : মাওলানা হাসান সিদ্দীকুর রহমান
পৃষ্ঠা : ১২৮
মূল্য : ১২০.০০ টাকা মাত্র

বিখ্যাত মনীষীদের শৈশবের গল্প এবং তাদের গড়ে ওঠার অপূর্ব কাহিনী। ছাত্র-শিক্ষক ইমাম-খতীব ওয়ায়েজসহ সবার জন্য এবং সকল বয়সের পাঠকের জন্য সমানভাবে উপকারী। এতে যেমন আছে সাহিত্যরস তেমনি আছে আত্মার আলো।

যে কথায় পাথর গলে

সংকলন : হযরত মাওলানা ডক্টর হাবীবুল্লাহ মুখতার শহীদ রহ.
অনুবাদ : মাওলানা আতীকুর রহমান
পৃষ্ঠা : ৯৬
মূল্য : ৯০.০০ টাকা মাত্র

মেশকাত শরীফের 'কিতাবুর রাকায়েক' অধ্যায়ে বর্ণিত হৃদয় গলানো হাদীসসমূহের বাংলা অনুবাদ, যা মানব মনে দুনিয়ার অসারতা ও অস্থায়িত্বের কথা জাগ্রত করে, দুনিয়া ও দুনিয়ার বস্তু-সামগ্রীর প্রতি অনীহা সৃষ্টি করে আখেরাতের সঞ্চয়ের প্রতি মনোযোগী করে। সেই সাথে হৃদয়কে বিগলিত করে আখেরাতের ফিকির পয়দা করে। যা মুমিনমাত্রের জন্যই অবশ্যপাঠ্য।

নারীর মর্যাদা ও অধিকার

বয়ান : আল্লামা নূরুল ইসলাম ওলীপুরী
পৃষ্ঠা : ১২০
মূল্য : ১২০.০০ টাকা মাত্র

এ গ্রন্থে নারী-পুরুষের দায়িত্ব ও কর্তব্য এবং অধিকার ও কর্মক্ষেত্রের পার্থক্যের বিষয় পরিষ্কার করার সাথে সাথে আকর্ষণীয় বাক্যশৈলীতে, নারী নেতৃত্বের অসারতা ও সমঅধিকারের প্রতারণাপূর্ণ শ্লোগানের মুখোশ উন্মোচন বিস্তারিতভাবে উদাহরণ দিয়ে চমৎকার উপায়ে করা হয়েছে, যা পাঠকমাত্রকেই নতুনভাবে চিন্তা করতে বাধ্য করবে। সাথে সাথে নারীর সঠিক অবস্থান সম্পর্কে জ্ঞান দান করবে ইনশাআল্লাহ্।

হায়াতে মুহাদ্দিস

হযরত মাওলানা হেদায়েতুল্লাহ ছাহেব রহ.-এর জীবন ও কর্ম

সংকলন : মাওলানা আহমাদুল্লাহ

সম্পাদক : মাওলানা আবু তাহের মেছবাহ ও
মাওলানা উবায়দুর রহমান খান নদভী

পৃষ্ঠা : ৬৮০

মূল্য : ৫৯০ টাকা মাত্র

উপমহাদেশের অন্যতম হাদীস-বিশারদ আধ্যাত্মিক জগতের নীরব সাধক হযরত মাওলানা হেদায়েতুল্লাহ ছাহেব রহ. যিনি মুহাদ্দিস ছাহেব হুজুর নামে উলামায়ে কেরাম ও তলাবায়ে ইযাম-এর অঙ্গনে পরিচিত ছিলেন। তাঁর ব্যক্তিত্বই এমন ছিল যে, তাঁকে দেখলেই আল্লাহ পাকের কথা স্মরণ হতো। তিনি কখনো কোনো ছাত্রকে ধমক দিয়েছেন বলেও আমাদের জানা নেই, কিন্তু মাদরাসায় তাঁর অবস্থান করাটাই মাদরাসার সবকিছুকে সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত করত। ক্ষণজন্মা এই যুগশ্রেষ্ঠ মহামনীষী, যার শোণিতধারায় প্রবহমান ছিল আরব রক্ত, অনেক বড় সৌভাগ্য নিয়ে এই পৃথিবীতে আগমন করেছিলেন। যার ফলে তিনি ছাত্রজীবন থেকেই দেশে ও বিদেশে উস্তায হিসেবে পেয়েছেন সে যুগের শ্রেষ্ঠ হক্কানী উলামায়ে কেরামকে। ফারেগ হওয়ার পূর্ব ও পরে লাভ করেছেন হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর একান্ত সোহবত এবং পরবর্তীতে হযরত মাওলানা যফর আহমাদ উসমানী রহ.-এর প্রত্যক্ষ তত্ত্বাবধান। যা তাঁর জীবনকে গড়ে তুলেছিল পূর্ণাঙ্গতার এক প্রতীকরূপে। ফলে তিনি আধ্যাত্মিকতার মাকামসমূহ অতিক্রম করে এমন স্তরে পৌঁছেছেন যে তাঁকে দেখলেই কিতাবপত্রে পড়া থানাভবনের খানকাহ্‌র ছবি হৃদয়পটে জাগ্রত হয়।

এ কিতাব মূলত তাঁর জীবন ও কর্মের বিস্তারিত বিবরণ ও স্মারক।

বিশ্ববিখ্যাত নয়জন মুহাদ্দিস ও তাঁদের সংকলিত কিতাবুল হাদীস পরিচিতি

মূল : শাইখুল হাদীস হযরত মাওলানা সালীমুল্লাহ খান রহ.

অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ২৭২

মূল্য : ২৪০ টাকা মাত্র

উলূমুল হাদীস বিস্ময়কর এক নি'আমত। এ উম্মতের বিস্ময়কর এক অবদান। যার মাধ্যমে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতিটি কথা, কর্ম ও সমর্থন এমনভাবে সংরক্ষিত হয়েছে যে, চিন্তা করলে যার কোনো কূল-কিনারা খুঁজে পাওয়া যায় না। মুহাদ্দিসীনে ইযাম তাঁদের সকল সামর্থ্যকে ব্যয় করে এমনভাবে এ ইলমকে সংরক্ষিত ও সুবিন্যস্ত করেছেন যে, উম্মতের পক্ষ থেকে তাঁদের এ মহান কর্মের প্রতিদান দেওয়া কোনোভাবেই সম্ভব নয়। এ কিতাবে বিশ্ববিখ্যাত নয়জন মুহাদ্দিস [ইমাম বুখারী রহ. ও তাঁর সংকলিত সহীহ বুখারী শরীফ, ইমাম মুসলিম রহ. ও তাঁর সংকলিত সহীহ মুসলিম শরীফ, ইমাম নাসায়ী রহ. ও তাঁর সংকলিত সহীহ নাসায়ী শরীফ, ইমাম আবু দাউদ রহ. ও তাঁর সংকলিত সহীহ আবু দাউদ শরীফ, ইমাম তিরমিযী রহ. ও তাঁর সংকলিত সহীহ তিরমিযী শরীফ, ইমাম ইবনে মাজাহ রহ. ও তাঁর সংকলিত সহীহ ইবনে মাজাহ শরীফ, ইমাম মালেক রহ. ও তাঁর সংকলিত সহীহ মুয়াত্তায়ে মালেক, ইমাম মুহাম্মাদ রহ. ও তাঁর সংকলিত মুয়াত্তায়ে মুহাম্মাদ ও ইমাম তহাবী রহ. ও তাঁর সংকলিত তহাবী শরীফ] ও তাঁদের সংকলিত কিতাবুল হাদীস পরিচিতি বিস্তারিত বিবরণসহ সুন্দরভাবে পেশ করা হয়েছে। ইলমপিপাসু সকলের জন্য বিশেষত মেশকাত, দাওরা ও উলূমুল হাদীস সম্পর্কে আগ্রহীদের জন্য বিশেষ হাদিয়ারূপে গণ্য।

আপনার সমীপে আপনার আমানত

মূল : হযরত মাওলানা কালীম সিদ্দীকী
অনুবাদ : মাওলানা আস'আদুদ্দীন মাহদী
পৃষ্ঠা : ৩২
মূল্য : ৪০.০০ টাকা মাত্র

ঈমান ও ইসলাম আল্লাহ পাকের সর্বশ্রেষ্ঠ নি'আমত। যার ঈমান ও ইসলাম লাভ হয়েছে, সে যদি অন্য সকল নি'আমত হতে বঞ্চিতও হয়, তবুও তার জীবন সফল। পক্ষান্তরে কেউ যদি ঈমান ও ইসলাম থেকে বঞ্চিত হয়, আর অন্যান্য নি'আমতের পূর্ণ ভাণ্ডারও তার লাভ হয়, তবুও সে বঞ্চিত, হতভাগা, সর্বহারা।

আল্লাহ পাক মুসলিম উম্মাহ্কে এই সর্বশ্রেষ্ঠ নি'আমতে ভূষিত করেছেন।

কাজেই মুসলিম উম্মাহ্র দায়িত্ব হলো, আল্লাহ পাকের এই শ্রেষ্ঠ নি'আমত—ঈমান ও ইসলামের দাওয়াত অপরাপর সকল মানুষের নিকট যথাযথভাবে পৌঁছে দেওয়া। কিন্তু আমাদের নিজেদের অবস্থা এতই নাজুক যে আমরা ঘর গোছানো ও বাঁচানোর কাজেই এত ব্যস্ত যে অন্যদের দাওয়াত দেওয়ার জন্য ফুরসত পাচ্ছি না। আমাদের মুসলিম ভাইদের ঈমান-ইসলামই এখন ঝুঁকিপূর্ণ হয়ে গেছে। অন্যদের ইসলামের দাওয়াত দেওয়ার কথা যেন আমরা ভুলেই গেছি।

আল্লাহ পাক জাযায়ে খায়র দান করুন হযরত মাওলানা কালীম সিদ্দীকী দামাত বারাকাতুহুমকে যিনি হিন্দুস্তানের মতো শিরকের ঘোর অন্ধকারে নিমজ্জিত ও সাম্প্রদায়িকতার বিষে আক্রান্ত অঞ্চলের অমুসলিমদের মাঝে আল্লাহর নূরকে ছড়িয়ে দেওয়ার জন্য জীবনের ঝুঁকি নিয়ে দরদ-মহব্বত ও হেকমতের সাথে কাজ করে যাচ্ছেন। তাঁর এ মেহনতের বিস্ময়কর ফলাফলও পৃথিবীবাসী বিস্মিতনেত্রে অবলোকন করছে। এক্ষেত্রে তার একটি ক্ষুদ্র পুস্তিকা জীবন্ত দাঈ-এর ভূমিকা পালন করছে। আর তা হলো 'আপনার সমীপে আপনার আমানত'। আমাদের এবারের আয়োজন এই বিস্ময়কর ক্ষুদ্র পুস্তিকাটি।

ছন্দে রচিত
হজযাত্রীর সঙ্গী
ফাযায়িল, মাসায়িল ও আদাব

উম্মে আব্দুল্লাহ
পৃষ্ঠা : ১৪৪
মূল্য : ১২০ টাকা মাত্র

হজ ইসলামের পঞ্চস্তম্ভের মাঝে পঞ্চম। শুরু থেকে শেষ—হজের সমস্ত কাজ ইশ্ক ও তাওহীদ এ দুয়েরই বহিঃপ্রকাশ। একদিকে তা যেমন আল্লাহপ্রেমের নিদর্শন, তেমনি তা খাঁটি ও নির্ভেজাল তাওহীদের উজ্জ্বল উদাহরণ। হজের রয়েছে আত্মিক ও বাহ্যিক বহুবিধ উপকার। হজের ঈমানী ও আখলাকী, দীনী ও দুনিয়াবী ফাওয়ায়েদ ও উপকারিতা অগণিত-বেশুমার। মুমিনের বিশ্বাস ও কর্মে, তার চিন্তা ও নৈতিকতায় এবং ধর্মীয় ও জাগতিক সাংসারিক সকল কর্মকাণ্ডে সেই প্রভাব দৃশ্যমান।

তবে হজের এই উপকারিতা ও সুফললাভের জন্য শর্ত হলো, হজের হাকীকত ও মর্ম অনুধাবন এবং তার আহকাম ও আদাব তথা নিয়ম ও নীতি সম্পর্কে শুদ্ধ ও নির্ভুল জ্ঞান অর্জন।

এই নির্ভুল জ্ঞানদানের জন্যই আমাদের বর্তমান আয়োজন **'হজযাত্রীর সঙ্গী ফাযায়িল মাসায়িল ও আদাব'**।

বইটি এ দিক থেকে বৈশিষ্ট্যের দাবি রাখে যে, এতে বক্তব্যকে পেশ করা হয়েছে কবিতা আকারে। বিচিত্র ছন্দে, নানা তাল-লয়-মাত্রায়, বিষয়বস্তুর সাথে সঙ্গতি রেখে। কোথাও-বা ছন্দায়িত সরল গদ্যে। এতে করে হজ্জ-আলোচনার মতো একটি কঠিন, সূক্ষ্ম ও গুরুগম্ভীর বিষয়ও সহজ, সচিত্র ও প্রাণবন্ত হয়ে উঠেছে। আশা করি পাঠকের ভালো লাগবে এবং উপকার হবে।

তোহফাতুল আখতার

রচনা : মাওলানা আজীজুর রহমান মাদানী
পৃষ্ঠা : ১৬০
মূল্য : ১৮০.০০ টাকা মাত্র
[পরিবর্ধিত ও পরিমার্জিত সংস্করণ যন্ত্রস্থ]

আল্লাহ্ পাকের নৈকট্য লাভের অন্যতম উপায় যিকরুল্লাহ্য় ব্যস্ত থেকে এবং গোনাহ থেকে আত্মরক্ষা করে কীভাবে আল্লাহ্ পাকের ভালোবাসা লাভ করা যায় তার বিবরণ এ কিতাবে বিস্তারিতভাবে প্রদান করা হয়েছে। সাথে সাথে এ আলোচনাও করা হয়েছে যে, তাওবা কেবল একটি গুরুত্বপূর্ণ ইবাদতই নয়, বরং এটি সকল কল্যাণের দ্বার উন্মোচনকারী একটি বিশেষ আমল, জীবনের শেষ দিনগুলোতে এর প্রয়োজনীতা অপরিসীম। তাওবা দ্বারা একজন গুনাহ্গার বান্দাও আল্লাহ তাআলার দোস্তদের সারিতে এসে যায়। এ গুরুত্বপূর্ণ বিষয়টির আলোচনা এই পুস্তকে সংক্ষেপে সুন্দরভাবে করা হয়েছে।

তোহফাতুল আতফাল

সংকলন : মাওলানা আব্দুল হান্নান
পৃষ্ঠা : ৮০
মূল্য : ৮০.০০ টাকা মাত্র

নূরানী মক্তবের শিশুদের বুনিয়াদী দ্বীনি শিক্ষা। যাতে হাদীস, কালিমা, দুআ, মাসনূন আমল, মুনাজাত, তাযবীদ, খুতবা, মাসায়েল, আদাব, ফাযায়েলে তেলাওয়াত, কবীরা গোনাহ, গোনাহের পার্থিব ক্ষতি, নেক কাজের পার্থিব উপকার ও ইসলামের মূল আকীদাসমূহ বর্ণিত হয়েছে। এ কিতাব বিভিন্ন দ্বীনী মাদরাসা ও দ্বীনী শিক্ষা বোর্ডের পাঠ্য তালিকাভুক্ত হয়ে শিশুদের প্রাথমিক দ্বীনী শিক্ষায় বিশেষ ভূমিকা রাখছে।

বুযুর্গানে দ্বীনের সাহচর্যের মর্যাদা

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ (রহ.) বলেন : অনেক সময় শীত লাগে, বৃষ্টি হচ্ছে, অলসতা অনুভব হয়। কিন্তু এক পেয়ালা চা পান করার পর মেযাজ পরিবর্তন হয়ে যায়। এক পেয়ালা চা যদি মেযাজ বদলে দিতে পারে, তবে আল্লাহওয়ালাদের সাহচর্য কি রূহানী অলসতা দূর করতে পারবে না? বুযুর্গানে দ্বীনের সাহচর্যের মর্যাদা কি এক পেয়ালা চায়ের থেকেও কম?

(মাজালিসে আবরার : ২৪৭)

ইসলামের দৃষ্টিতে মোসাফাহ্

মূল : মাওলানা মুহাম্মাদ আমীন সফদর রহ.
অনুবাদ : মাওলানা আজীজুর রহমান মাদানী
পৃষ্ঠা : ১৬
মূল্য : ২০ টাকা মাত্র

যখনই দুই মুসলমান একত্র হবে তখন একে অন্যকে সালাম করবে এবং একে অপরের সাথে দুই হাতে মোসাফাহা করবে। এটা ইবাদত, ভালোবাসা, ভ্রাতৃত্ব ও ঐক্যের প্রতীক। দুই হাতে মোসাফাহ্ করা মুসলমানদের একটি মুতাওয়ারেস (ধারাবাহিক) আমল। ব্রিটিশ আমলের পূর্বে কোনো ইসলামী কিতাবে দুই হাতে মোসাফাহ্ করাকে খেলাফে সুন্নাত বা বিদায়াত বলা হয়নি। আহলে হাদীস বন্ধুরা মুসলমানদের মুতাওয়ারেস (ধারাবাহিক) আমল দুই হাতে মোসাফাহ্ করাকে বিদা'আত ও খেলাফে সুন্নাত বলে আখ্যায়িত করে থাকেন। এটা দলীলবহির্ভূত একটি ভিত্তিহীন দাবি। এ বিষয়টি এ কিতাবে সংক্ষেপে আলোচনা করা হয়েছে।

হাফেজ্জী হুজুর রহ.-এর মজলিস

বেহেশতের পথ ও পাথেয়

হযরত মাওলানা মুহাম্মাদুল্লাহ্ হাফেজ্জী হুযুর রহ. -এর সংক্ষিপ্ত জীবনী ও বাণী সংকলন

সংকলন : জনাব আব্দুর রশীদ রহ.

বিশিষ্ট খলীফা : হযরত হাফেজ্জী হুজুর রহ.

পৃষ্ঠা : ২০৮

মূল্য : ১৭০.০০ টাকা মাত্র

বিস্ময়কর তাওবার রাজনীতির প্রবর্তক হযরত হাফেজ্জী হুযুর রহ. দোলনা থেকে কবর অবধি একটি পবিত্র সফর। সাধনা, সংগ্রাম ও ত্যাগের পথ বেয়ে ধীরে ধীরে গড়ে ওঠা একটি আদর্শ জীবন। তাঁরই মালফূযাত তথা অমিয় বাণীসমূহের মধ্য হতে পঞ্চাশটি বয়ান ও সংক্ষিপ্ত জীবনী নিয়ে এ কিতাব সংকলিত।

ফেরেশতাদের বিস্ময়কর জীবনকথা

মূল : ইমাম জালালুদ্দীন সুয়ূতী রহ.

অনুবাদ : মাওলানা হাসান সিদ্দীকুর রহমান

পৃষ্ঠা : ১৬০

মূল্য : ১৫০.০০ টাকা মাত্র

ফেরেশতা আল্লাহ পাকের এক আজব সৃষ্টি। নূরানী এ মাখলুকের পরিমাণ এত অধিক যে তার সঠিক সংখ্যা ও আকৃতি বিস্তারিতভাবে একমাত্র আল্লাহই জানেন। মুসলমান হওয়ার জন্য যে সকল মৌলিক বিষয়ের উপর ঈমান আনতে হয় তার মধ্যে অন্যতম হলো ফেরেশতা। ফেরেশতা সম্পর্কিত এ কিতাব আমাদের এ ব্যাপারেই সহায়তা করবে ইনশাআল্লাহ।

খৃষ্টধর্ম না পৌলবাদ?

রচনা : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম

পৃষ্ঠা : ৬৪

মূল্য : ৭০ টাকা মাত্র

পৃথিবীতে অনেক ধর্মই প্রচলিত ছিল। সে সকল ধর্মকে দু'ভাগে বিভক্ত করা যায়। এক প্রকার হলো, খোদাপ্রদত্ত ঐশী ধর্ম। আরেক প্রকার মানব-রচিত ভ্রান্ত ধর্ম। ইসলাম ব্যতীত সকল ধর্মই কালের বিবর্তনে চরম বিকৃতির শিকার হয়েছে। তাছাড়া স্বয়ং আল্লাহ পাকও ইসলামধর্ম তথা শরীয়তে মুহাম্মাদী অবতীর্ণ করার মাধ্যমে পূর্বের সকল ঐশী ধর্মকে রহিত করে দিয়েছেন।

ঠিক একই অবস্থা হয়েছে পূর্বের সকল ধর্মগ্রন্থেরও। সে যুগের সুবিধাবাদী দুষ্ট লোকেরা ঐশী ও মানব-রচিত সকলপ্রকার ধর্মগ্রন্থের চরম বিকৃতি সাধন করেছে। এ সকল বিকৃত ধর্মগ্রন্থকে ঐশীগ্রন্থ বলার কোনোই অবকাশ নেই। তা ছাড়া কুরআনুল কারীম অবতীর্ণ হওয়ামাত্রই আল্লাহ পাক পূর্বের সকল ধর্মগ্রন্থকেও রহিত করে দিয়েছেন।

পূর্বের প্রচলিত ধর্মসমূহ ও ঐশীগ্রন্থসমূহের মধ্যে হয়তো সর্বাধিক বিকৃতির শিকার হয়েছে খৃষ্টধর্ম ও তাদের ধর্মীয় কিতাব 'বাইবেল'। মজার ব্যাপার হলো, এই চরম বিকৃত ধর্মের ও বিকৃত কিতাবের অন্ধ অনুসারীরাই নিজেদের পৃথিবীর সংখ্যাগুরু বলে দাবি করে এবং অন্যদের দাবড়িয়ে বেড়ায়। খৃষ্টধর্ম ও তাদের ধর্মগ্রন্থ বাইবেলের বিকৃতির বিষয়টি বিস্তারিতভাবে এ কিতাবে আলোচনা করা হয়েছে। অতএব খৃষ্টধর্মের অসারতা, বিকৃতির আসল হাকীকত সম্পর্কে অবগতিলাভের জন্য এ কিতাবটি পাঠ করা উচিত।

খাঁটি পীর ও ভণ্ড পীরের পার্থক্য

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ (রহ.) বলেন : অনেকে রোগীর রোগ অনুযায়ী চিকিৎসা করেন। আবার অনেকে রোগীর মর্জিমাফিক চিকিৎসা করেন। যারা মুহাক্কিক এবং সৎ পীর, তারা রোগ অনুযায়ী চিকিৎসা দেন। কিন্তু আনাড়ি এবং লোভী পীর রোগীর মর্জি দেখে, যাতে সে পালিয়ে না যায় এবং মুরীদের সংখ্যা কমে না যায়। (মাজালিসে আবরার : ২৮১)

উলামায়ে কেরামের উদ্দেশ্যে হযরত থানভী রহ.-এর বাণী

নির্বাচন ও গ্রন্থনা : জনাব মুহাম্মাদ ইকবাল কুরায়শী
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন
পৃষ্ঠা : ৫৬
মূল্য : ৬০.০০ টাকা মাত্র

উলামায়ে কেরামের উদ্দেশ্যে হযরত থানভী রহমাতুল্লাহি আলাইহির বাণী শীর্ষক কিতাবের উল্লেখযোগ্য কয়েকটি শিরোনাম। হযরত হাকীমুল উম্মত রহ.-এর দৃষ্টিতে ওলামায়ে কেরামের মর্যাদা, আলেমদের নিশ্চিহ্ন করার চিন্তামূলত পৃথিবীকে বিলুপ্ত করার চিন্তা, ওলামায়ে কেরাম দ্বীনী মাদরাসা করে দ্বীনের গুরুত্বপূর্ণ খেদমত সম্পাদন করেছেন, আলেমগণ সাধারণ মানুষকে কাফের বানায় না, ওলামায়ে কেরামের প্রতি শ্রদ্ধা, ওলামায়ে কেরামের ফযীলত নিজেদের উপার্জিত নয়, মুফতী ছাহেবদের উদ্দেশ্যে একটি জরুরি নসীহত, মুফতী ছাহেবের জন্যে সব সময় প্রশ্নের উত্তর দেওয়া জরুরি নয়, নিজেদের সংশোধনের জন্য আলেমগণের অন্য মুহাক্কিক আলেমের শরণাপন্ন হওয়া উচিত, আমলহীন ইলম–ইলম বলার যোগ্য নয়, লেখা ও বক্তৃতায় উলামায়ে কেরামের দক্ষতা অর্জনের প্রয়োজন।

এটি মূলত হাকীমুল উম্মত রহ.-এর বিভিন্ন মালফূযাত থেকে উলামায়ে কেরামের উপযুক্ত কথাগুলো চয়ন করে উলামায়ে কেরামের জন্য সংকলন করা হয়েছে। এ পুস্তিকা উলামায়ে কেরাম, তালাবায়ে ইযাম ও সাধারণ দ্বীনদার সকলের জন্যই উপকারী হবে। ইনশাআল্লাহ্।

সৎ সংসর্গ বনাম অসৎ সংসর্গ

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ রহ. বলেন : পানি নরম এবং হালকা। আর লোহা হলো শক্ত ও ভারী। কিন্তু পানির সাহচর্য লোহার মেযাজ বিগড়ে দেয়, জং মিশ্রিত করে দেয়। আকৃতি ও প্রকৃতি উভয়টিকেই নষ্ট করে দেয়। অসৎ সঙ্গ থেকে খুব সতর্ক থাকা চাই। নিজ তাকওয়ার উপর অহংকার করবে না। ক্ষতিকর বস্তু ভালো জিনিসকেও নষ্ট করে ফেলে। (মাজালিসে আবরার, পৃষ্ঠা : ২৬৯)

ছোটদের হাফেজ্জী হুযুর

রচনা : হাফেজ মুহাম্মাদ খালেদ
পৃষ্ঠা : ৯৬
মূল্য : ১৪০.০০ টাকা মাত্র

বিস্ময়কর তাওবার রাজনীতির প্রবর্তক হযরত হাফেজ্জী হুযূর রহ. দোলনা থেকে কবর অবধি একটি পবিত্র সফর। সাধনা, সংগ্রাম ও ত্যাগের পথ বেয়ে ধীরে ধীরে এগিয়ে যাওয়া কৈশোর, যৌবন, প্রৌঢ়ত্ব এবং বিপুল বৈভবে বর্ণিল বার্ধক্য। ইলম-আমল, ইসলাহ ও দাওয়াতের পুণ্যময় আলোকে উদ্ভাসিত কর্মগাথা। মহিমামণ্ডিত এই জীবন, সৌন্দর্যমণ্ডিত এই সফরের কাহিনী যার তারই শিশু-কিশোরদের উপযোগী জীবনীগ্রন্থ ‘ছোটদের হাফেজ্জী হুযূর’।

নীল দরিয়ার নামে (গল্প সংকলন)

সংকলন : মাওলানা মুহাম্মাদ যাইনুল আবিদীন
পৃষ্ঠা : ৬৪
মূল্য : ৮০.০০ টাকা মাত্র

ইসলামী ইতিহাসের সোনালি যুগের আলো ঝলমল ঈমানদীপ্ত কাহিনীর সংকলন ‘নীল দরিয়ার নামে’। শিশু-কিশোরদের উপযোগী ভাষায় অত্যন্ত হৃদয়গ্রাহী রূপে বিভিন্ন সময়ের ১১টি ঐতিহাসিক কাহিনী স্থান পেয়েছে এই গল্পগ্রন্থে। যা শিশু-কিশোরদের ইসলামী ভাবধারায় গড়ে উঠতে সহযোগিতা করবে। ইনশাআল্লাহ্।

শিশু-কিশোর সীরাতুন্নবী স. সিরিজ (১-১০)

প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

সংকলন : ইয়াহইয়া ইউসুফ নদভী

পৃষ্ঠা : ৫৭৬; মূল্য : ৫৮০.০০ টাকা মাত্র

(ভিন্ন ভিন্ন দশ খণ্ড একটি সুদৃশ্য বক্সে)

মূল্য : ৫০০.০০ টাকা মাত্র (সমগ্র)

আল্লাহ পাকের সন্তুষ্টি লাভ হয় মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অনুসরণ ও অনুকরণের মাধ্যমে। আর মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর যথাযথ অনুসরণ তাঁর সীরাত ও সুন্নাহ সম্পর্কে অবগতি ছাড়া সম্ভব নয়। এ বিষয়টি চিন্তায় রেখে আমরা প্রকাশ করেছি শিশু-কিশোর সীরাত সিরিজ। এ সিরিজটি বাংলা ভাষায় সীরাতচর্চায় একটি ঐতিহাসিক সংযোজন। এ কিতাবটি দুইভাবে প্রকাশ করা হয়েছে। দশ খণ্ড ভিন্ন ভিন্নভাবে এবং সকল খণ্ড একত্রে। সীরাতুন নবী ﷺ সিরিজ ১-১০। একটি সুদৃশ্য বক্সে ভিন্ন ভিন্ন দশ খণ্ডের গ্রন্থ। যার মূল্য পাঁচশত আশি টাকা মাত্র। 'প্রিয়নবী ﷺ' শিশু-কিশোর সীরাত সিরিজের ১০ খণ্ডের একত্র (অখণ্ড) সংকলন। যার মূল্য পাঁচশত টাকা মাত্র। আপনি এর যে কোনোটি সংগ্রহ করতে পারেন।

উন্নতির মাপকাঠি

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ রহ. বলেন : মানুষ প্রত্যেকটা জিনিস উন্নত চায়। বাড়ি উন্নত, দোকান উন্নত, রুটি উন্নত, কান উন্নত, পান উন্নত…। মোটকথা আপনি প্রত্যেকটি জিনিস উন্নত চান কিন্তু আপনি নিজে কেমন? আপনিও কি উন্নত নাকি অনুন্নত? আর আপনি তখনই উন্নত হবেন যখন আপনি প্রতিটি কাজে সুন্নাতের অনুসরণ করবেন উযু-নামায সুন্নাত মুতাবেক আদায় করবেন। আপনার পানাহার এবং সমস্ত আমল সুন্নাত অনুযায়ী হবে। (মাজালিসে আবরার : ২৬৭)

অজানা দ্বীপের কাহিনী

হাদীস শরীফে বর্ণিত বিস্ময়কর ঘটনাবলী

সংকলন : মাওলানা মুহাম্মাদ সাখাওয়াত হুসাইন

পৃষ্ঠা : ৮০

মূল্য : ১০০.০০ টাকা মাত্র

২১টি বিরল, বিচিত্র ও বিস্ময়কর কাহিনী নিয়ে আমাদের এ গ্রন্থ 'অজানা দ্বীপের কাহিনী'। যা পাঠ করে শিশু-কিশোর, যুবক-বৃদ্ধ সকলেই ঈমানের আলোকে নিজ জীবনকে উদ্ভাসিত করে আখেরাতের সফরকে সুগম করে বেহেশতের পথে অগ্রসর হতে পারবেন, ইনশাআল্লাহ।

গায়েবী খাযানা

জীবন গড়ার গল্প

সংকলন : মাওলানা মুহাম্মাদ সাখাওয়াত হুসাইন

পৃষ্ঠা : ৪৮

মূল্য : ৮০.০০ টাকা মাত্র

ইসলামী ইতিহাসের বিরল-বিস্ময়কর ১১টি কাহিনী নিয়ে শিশু-কিশোরদের উপযোগী এ গল্পগ্রন্থ রচিত হয়েছে। যার একাধিক সংস্করণ প্রকাশিত হয়ে পাঠকসমাজের ব্যাপক প্রশংসা কুড়িয়েছে। এ গ্রন্থের গল্পগুলো শিশু-কিশোরের অন্তরে আদর্শ জীবনগঠনের প্রেরণা জোগাবে ইনশাআল্লাহ।

শহীদানের গল্প শোন [১-১০]

মূল : আশরাফ মুহাম্মাদ আলওয়াহ্‌শ
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ যাইনুল আবেদীন
ও
মাওলানা সাখাওয়াত হুসাইন

পৃষ্ঠা : ৪৭২; মূল্য : ৫৮০.০০ টাকা মাত্র
(ভিন্ন ভিন্ন দশ খণ্ড একটি সুদৃশ্য বক্সে)
মূল্য : ৪৪০.০০ টাকা মাত্র (সমগ্র)

দ্বীনের তরে জীবন বিলিয়ে দিয়ে ইসলামের ইতিহাসে রক্ত আখরে যারা নিজেদের নাম লিখিয়ে উম্মাহ্‌র আদর্শ হয়েছেন। এমন দশজন আত্মোৎসর্গী জানবাজ সাহাবীর শাহাদাতলাভের বিস্ময়কর কাহিনী ও তাঁদের জীবনের আরো বহু ঘটনায় সমৃদ্ধ এ কিতাব, যা পাঠ করলে ঈমান বৃদ্ধি পায় এবং দ্বীনের পথে অগ্রসর হওয়ার প্রেরণা লাভ হয়। তাদের শাহাদাতের ঘটনায় সকল মুসলিমের জন্য শিক্ষার উপকরণ রয়েছে। এ কিতাব ভিন্ন ভিন্ন দশ খণ্ডেও যেমন পাওয়া যাচ্ছে, তেমনি দশ খণ্ড একত্রে সমগ্র আকারেও পাওয়া যায়।

কিশোর সাহাবী [১-১০]

মূল : ইব্‌রাহীম মুহাম্মাদ হাসান আলজামাল
ও
মুহাম্মাদ সিদ্দীক আল্‌মানশাবী
অনুবাদ : মুহাক্কেকীন উলামায়ে কেরাম

পৃষ্ঠা : ৫২৮; মূল্য : ৫৮০.০০ টাকা মাত্র
(ভিন্ন ভিন্ন দশ খণ্ড একটি সুদৃশ্য বক্সে)
মূল্য : ৪৪০.০০ টাকা মাত্র (সমগ্র)

শিশু-কিশোরদের আদর্শ মুসলিমরূপে গড়ে তোলা জাতিগঠনের জন্য অত্যন্ত জরুরি। যে সকল কিশোর তাঁদের কৈশোরে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সান্নিধ্য পেয়েছিলেন, তাঁদের জীবনের বিবরণই কিশোর সাহাবী সিরিজ। দশজন বিখ্যাত কিশোর সাহাবীর শৈশব ও কৈশোরের অপূর্ব কাহিনী এ সকল পুস্তকে সন্নিবেশিত হয়েছে। প্রতিটি খণ্ড ভিন্ন ভিন্ন মলাটে। ১-১০ খণ্ডকে একটি সুন্দর ও মজবুত প্যাকেটে পরিবেশন করা হয়েছে। আবার দশ খণ্ড একত্রে এক মলাটে সমগ্র আকারেও পাওয়া যাচ্ছে।

রওযাতুল আহবাব
মহানবী সা. এর প্রিয় দুআ ও আদাব

মূল : হযরত মাওলানা আশেক ইলাহী বুলন্দশহরী – মুহাজিরে মাদানী রহ.
অনুবাদ : মাওলানা আবদুল গাফফার
মুহাদ্দিস, জামেআতুল উলূমিল ইসলামিয়া মুহাম্মাদপুর, ঢাকা

পৃষ্ঠা : ১৬৮
মূল্য : ১৮০.০০ টাকা মাত্র

আল্লাহ পাক ঘোষণা করেছেন : (তরজমা) হে ঈমানদারগণ! তোমরা আল্লাহকে অধিক পরিমাণে স্মরণ করো এবং সকাল-সন্ধ্যায় (অর্থাৎ সর্বক্ষণ) তার পবিত্রতা বর্ণনা করো। (সূরা আহযাব, আয়াত : ৪১-৪২)

আল্লাহর যিকিরের আসল উদ্দেশ্য হলো, আল্লাহ্ তা'আলার স্মরণ অন্তরে স্থায়ী হয়ে যাওয়া। আল্লাহ পাকের মহব্বত অন্তরে বদ্ধমূল হয়ে যাওয়া। তাঁর সঙ্গে সম্পর্ক মজবুত হওয়া। এ বিষয়টি অর্জনের সহজ উপায় হলো, 'কাছরাতে যিকরুল্লাহ' তথা অধিক পরিমাণে আল্লাহ তা'আলার যিকির করা।

যেসব উপায়ে 'কাছরাতে যিকরুল্লাহ' তথা অধিক পরিমাণে আল্লাহর যিক্র-এর লক্ষ্য হাসিল হয়, সেসব উপায়ের একটি হলো, 'আদইয়ায়ে মাছূরাহ' পাঠের প্রতি গুরুত্বারোপ। হুযূর আকদাস সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বড় চমৎকার এক উপায় শিক্ষা দিয়েছেন। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত আমরা জীবনের যে ক্ষেত্র অতিক্রম করে থাকি, সেসবের প্রতিটি ক্ষেত্রের জন্য ভিন্ন ভিন্ন বহু দুআ নির্বাচন করে দিয়েছেন।

আল্লাহ তা'আলার নৈকট্য অর্জনের আরেক সহজ উপায় হলো, সকল অবস্থা ও কাজে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শেখানো আদব-কায়দার অনুসরণ ও অনুকরণ।

আলহামদুলিল্লাহ! আমাদের বর্তমান কিতাব **"রাওযাতুল আহবাব-প্রিয় নবীর ﷺ প্রিয় দু'আ ও আদাব"** উপরিউক্ত জরুরি বিষয় দুটি সম্পর্কেই রচিত।

আমাদের এ কিতাবের সংকলক হযরত মাওলানা আশেক ইলাহী বুলন্দশহরী, মুহাজিরে মাদানী রহ. আল্লাহ পাকের এমন নৈকট্যপ্রাপ্ত অলীদের একজন ছিলেন, দুনিয়ার মোহ যাঁদের স্পর্শও করেনি। যাদের প্রতিটি মুহূর্ত আল্লাহর সন্তুষ্টির পাবন্দ হয়ে আখেরাতের প্রস্তুতির মধ্য দিয়ে অতিবাহিত হয়। তিনি ইল্‌ম ও ফযল, যুহ্‌দ ও তাক্‌ওয়া, সরলতা ও বিনয়ে পূর্বসূরিদের স্মারক ছিলেন। আল্লাহ পাক তাঁর দ্বারা ইল্‌ম ও দ্বীনের অনেক কাজ নিয়েছেন।

হযরত রহ. নিরেট ইলমী ব্যক্তিত্ব। তা ছাড়া তিনি যখন স্থায়ীভাবে মদীনা মুনাওয়ারায় বসবাস আরম্ভ করলেন তখন তাঁর লেখা-জোখায় আরো বেশি মজবুতি ও সতর্কতা দেখা যায়। যার প্রমাণ এ কিতাবের প্রতিটি দু'আ ও আদাবে পরিলক্ষিত হবে। ইনশাআল্লাহ।

এ কিতাবের প্রতিটি দু'আ ও আদাব হাদীসের উদ্ধৃতিসহ লিপিবদ্ধ করা হয়েছে এবং কোনো কোনো হাদীসের ক্ষেত্রে সনদ ও রাবী, হাদীসের মান সম্পর্কেও আলোচনা করা হয়েছে। আশা করি আধুনিক মনস্ক সচেতন পাঠক-পাঠিকাদের বিষয়টি ভালো লাগবে।

আলোর ফোয়ারা

সংকলন : মাওলানা মুহাম্মাদ সাখাওয়াত হুসাইন
পৃষ্ঠা : ৪৮
মূল্য : ৮০.০০ টাকা মাত্র

আরবী শিশু সাহিত্য অবলম্বনে বাংলা ভাষায় রচিত শিশু-কিশোরদের উপযোগী এ গল্পগ্রন্থে ১৬টি আরবী গল্পের বাংলা অনুবাদ স্থান পেয়েছে। যা শিশু-কিশোরদের আদর্শ জীবনগঠনে সহায়তা করবে এবং তাদের মনোজগৎকে ঈমানের আলোকে উদ্ভাসিত করে আমলের পথে এগিয়ে নিয়ে যাবে ইনশাআল্লাহ।

নবীজীর নামায

মূল : ড. শাইখ ইলিয়াস ফয়সাল (মদীনা মুনাওয়ারাহ)
সম্পাদনা ও ভূমিকা : মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক
অনুবাদ : মাওলানা মুহাম্মাদ যাকারিয়া আব্দুল্লাহ
পৃষ্ঠা : ৪৮৮
মূল্য : ৩৬০.০০ টাকা মাত্র

সহীহ হাদীসে উল্লেখিত মাসনূন নামাযের পূর্ণাঙ্গ বিবরণ হাদীস বিশারদগণের উদ্ধৃতি, বিশ্লেষণ ও পর্যালোচনায় সমৃদ্ধ একটি প্রামাণিক উপস্থাপনা, যা থেকে মহানবী স.-এর নামাযের তরীকা পরিষ্কারভাবে জানা যাবে। ফলে আহলুস সুন্নাহ ওয়াল জামাতের সুন্নাহ্সম্মত নামায সম্পর্কে বিভিন্ন মহল থেকে ছড়ানো বিভ্রান্তির অসারতাও বোঝা যাবে ইনশাআল্লাহ।

মুঈনুল হুজ্জাজ (হজ্জ গাইড)

সংকলন : আলহাজ মুহাম্মাদ নূরুল ইসলাম মিয়া
সম্পাদনা : মুফতী মনসূরুল হক ছাহেব
পৃষ্ঠা : ১১২
মূল্য : ১০০.০০ টাকা মাত্র

হজ্জ ও উমরার প্রয়োজনীয় ফাযায়েল, মাসায়েল, হজ্জের প্রস্তুতি-পর্বের করণীয় ও বর্জনীয়, হজ্জ, উমরা, যিয়ারতে মদীনার বিস্তারিত বিবরণ ও হজ্জের প্রয়োজনীয় আসবাবপত্রের তালিকা সম্বলিত এ কিতাব বাইতুল্লাহ্র সকল মুসাফিরের জন্যই গাইড বুক হিসাবে কাজ দেবে, ইনশাআল্লাহ্।

বিশেষ অনুরোধ

আলহামদু লিল্লাহ। মাকতাবাতুল আশরাফ কর্তৃপক্ষ তাদের সাধ্যমতো কুরআন ও হাদীসের মূল্যভাষ্য বিশেষভাবে এবং পূর্ণ কিতাবের অন্যান্য বিষয় সাধারণভাবে ভুল-ত্রুটিমুক্ত মুদ্রণের জন্য সার্বিক প্রয়াস চালিয়ে থাকে। কিন্তু সকল প্রকার সতর্কতা অবলম্বন করা সত্ত্বেও অনেক সময় ছাপা, বাইন্ডিং কিংবা অন্য কোনো ক্ষেত্রে বা কাজের সময় মারাত্মক ধরনের ভুলের শিকার হয়। আমাদের অনুরোধ হলো, এ ধরনের কোনো ভুল-ত্রুটি যদি কারো দৃষ্টিগোচর হয় তাহলে আমাদের জানিয়ে বাধিত করবেন যাতে সংশোধন করা যায়।

বিনীত
প্রকাশক

সর্বপ্রকার যোগাযোগ
মুহাম্মাদ হাবীবুর রহমান খান
স্বত্বাধিকারী, মাকতাবাতুল আশরাফ
ইসলামী টাওয়ার, ১১ বাংলাবাজার, ঢাকা-১১০০
ফোন : ৯৫৩৩৩৮০ (দারুত তাসনীফ) ৯৫৮৯৩০৮ (মাকতাবা)
ই-মেইল: habibkhan.dhaka@gmail.com, support@maktabatulashraf.com

তাফসীর ও উলূমুল কুরআন

- তাফসীরে তাওযীহুল কুরআন - ১-৩ খণ্ড
- ওহী কী ও কেন ?
- আল কুরআনুল কারীম : কতিপয় হক ও আদব এবং অধ্যয়নের পথ ও পন্থা

হাদীস ও উলূমুল হাদীস

- আলফিয়াতুল হাদীস (আরবী-মূলপাঠ)
- ছোটদের সহীহ হাদীস শিক্ষা হাদীসের আলো
- হাদীসে রাসূল সা.
- বিশ্ববিখ্যাত নয়জন মুহাদ্দিস
- যে কথায় পাথর গলে

ফিক্‌হ-ফতোয়া, মাসয়ালা-মাসায়েল

- নবীজীর নামায
- হাদীস ও সুন্নাহ্য় নামাযের পদ্ধতি
- হাদীস ও সুন্নাহয় কাবলাল জুমা
- কুরআন ও সুন্নাহর আলোকে উমরী কাযা
- তারাবীর রাকাত সংখ্যা ও ঈদের নামায
- রমযানুল মুবারকের সাওগাত
- রমযানুল মুবারকের উপহার
- আহকামে যাকাত
- মুঈনুল হুজ্জাজ (হজ্জ গাইড)
- হজ্জযাত্রীর সঙ্গী
- ফাতাওয়ায়ে রাহমানিয়া (প্রথম খণ্ড)
- ফাতাওয়ায়ে রাহমানিয়া (দ্বিতীয় খণ্ড)
- কুরবানীর ফাযায়েল ও মাসায়েল
- মাযহাব ও তাকলীদ কী ও কেন?
- মাযহাব না মানার পরিণতি
- মাযহাবের গোড়ার কথা
- শবে বরাত : করণীয় ও বর্জনীয়
- ঈদে মীলাদুন্নবী সা. ও প্রচলিত মীলাদ
- শেয়ারবাজার : তাত্ত্বিক বিশ্লেষণ ও শরয়ী হুকুম
- মাল্টিলেভেল মার্কেটিং : তাত্ত্বিক বিশ্লেষণ ও শরয়ী হুকুম
- আহকামুন নিসা
- ইসলামের দৃষ্টিতে মোসাফাহ
- বিবাহ ও তালাক

ঈমান ও আকীদা

- ঈমান ও আকীদা
- ইসলামী আকীদা-বিশ্বাস
- ঈমান সবার আগে
- কিতাবুল ঈমান
- ফুরুউল ঈমান
- নবীজীর স. মে'রাজ
- ফেরেশতাদের বিস্ময়কর জীবনকথা
- কিয়ামতের আলামত

ইবাদাত-বন্দেগী

- ইবাদাত-বন্দেগী
- মহানবী সা. যেভাবে নামায পড়তেন
- নামাযের হাকীকত

মু'আমালাত

- ইসলামী মু'আমালাত
- সাফাইয়ে মু'আমালাত
- ইসলামী ব্যাংকিং
- সুদ : পরিষ্কার বিদ্রোহ

মু'আশারাত

- ইসলামী মু'আশারাত
- আদাবুল মু'আশারাত
- ইসলাম ও পারিবারিক জীবন

তাসাউফ, আত্মশুদ্ধি ও আখলাক-চরিত্র

- ইসলাহী নেসাব [১-১১] (এক মলাটে)
- তাসাওউফ কী ও কেন?
- তাসাওউফ তত্ত্ব ও বিশ্লেষণ
- তাসাওউফ ও আত্মশুদ্ধি
- মন্দ চরিত্র ও তার সংশোধন
- উত্তম চরিত্র
- ইসলাহী মাজালিস [১-৬ খণ্ড]
- যিক্‌র ও ফিক্‌র
- অভিশাপ ও রহমত (গোনাহ ও তাওবা)
- হায়াতুল মুসলিমীন
- জাযাউল 'আমাল
- তা'লীমুদ্দীন (দ্বীন শিক্ষা)
- কসদুস সাবীল-আল্লাহ প্রাপ্তির পথ
- আত্মার প্রশান্তি
- বাছায়েরে হাকীমুল উম্মত
- কামালাতে আশরাফিয়া
- মাজালিসে হাকীমুল উম্মত
- আত্মশুদ্ধি
- আল্লাহওয়ালা
- মাজালিসে মুফতীয়ে আযম
- আখেরাতের পাথেয়
- আদর্শ জীবনগঠনের ইসলামী পদ্ধতি
- আমাদের অধঃপতন ও উত্তরণের পথ
- রাসায়েলে আবরার
- মাজালিসে আবরার
- তাযকিরাতুল আখেরাহ্
- কুরআনের ডাক ও আমাদের জীবন
- ইসলামের দাবী ও আমাদের বাস্তব জীবন
- ইসলামের ডাক
- AN APPEAL TO COMMON SENSE
- শাশ্বত সত্যের পয়গাম
- বেহেশতের পথ ও পাথেয়
- মালফূযাতে ফুলপুরী
- মা'আরেফে মাসীহুল উম্মত

জীবন ও কর্ম

- সীরাতে রাসূল সা. ও আমাদের জীবন
- সীরাতুন্নবী সা. সিরিজ
- প্রিয়নবী সা.
- নূরানী কাফেলা
- বরেণ্যদের স্মৃতিচারণ
- আলোর দিগন্তে হযরত উমর রাযি.
- আশরাফ চরিত
- ছোটদের হাফেজ্জী হুযূর রহ.
- হায়াতে মুহাদ্দিস ছাহেব রহ. : জীবন ও কর্ম

শিশু-কিশোর উপযোগী গ্রন্থ, গল্প ও কাহিনী

- নূরানী কায়েদাহ্
- তোহফাতুল আতফাল
- আলোর কাফেলা সমগ্র
- আলোর মিছিল সমগ্র
- কিসরার মুকুট
- বড়দের ছেলেবেলা
- নীল দরিয়ার নামে
- অজানা দ্বীপের কাহিনী
- আলোর ফোয়ারা
- গায়েবী খাযানা
- শহীদানের গল্প শোন সমগ্র
- শহীদানের গল্প শোন সিরিজ
- কিশোর সাহাবী সমগ্র
- কিশোর সাহাবী সিরিজ

ভ্রমণ কাহিনী

- আমার দেখা পৃথিবী : ১-৪ খণ্ড
- আমেরিকা সফর
- নিউজিল্যান্ড সফর

দু'আ, আমল, সুন্নাত, আদাব ও হুকূক

- মহানবী সা. এর প্রিয় দুআ ও আদাব
- ইসলামী জীবনের কল্যাণময় আদব
- দৈনন্দিন কাজে প্রিয়নবীর সা. প্রিয় দু'আ ও আমল
- ইসলামী মাসসমূহ
- পিতা-মাতার খেদমত
- স্বামী-স্ত্রীর অধিকার
- হুকূকুল ইসলাম
- হুকূকুল ওয়ালিদাইন
- মুনাজাতে মাকবুল ও মাসনূন দুআ
- প্রিয় নবীর সা. প্রিয় সুন্নাত
- আমালুস সুন্নাহ
- কিতাবুস সুন্নাহ
- ইসলামে মধ্যপন্থা ও পরিমিতিবোধ

দ্বীনী মাদরাসা, উলামা, তলাবা

- দ্বীনী মাদরাসা, উলামা ও তলাবা
- দরসে নেযামী পাঠদান পদ্ধতি
- উলামায়ে কেরামের উদ্দেশ্যে হযরত থানভী রহ. এর বাণী
- উলামা-তলাবা (ভাষণ সমগ্র-১)
- আলোকিত জীবনের পথ
- রাহে মানযিল
- তালিবানে ইলম : পথ ও পাথেয়
- কওমী মাদরাসা কী ও কেন?

ইসলাম ও আধুনিক যুগ

- ইসলাম ও আধুনিক যুগ
- ইসলাম ও আধুনিকতা

বিবিধ

- দুনিয়ার ওপারে
- জীবনের শ্রেষ্ঠ সম্পদ
- আপন ঘর বাঁচান
- মুমিন ও মুনাফিক
- খৃষ্টধর্মের স্বরূপ
- পারিবারিক কলহ ও তা নিরসনের উপায়
- সন্তানের লালন-পালন
- পরিবার ব্যবস্থা
- আগলাতুল আওয়াম
- ইসলামের সৌন্দর্য [১ম ও ২য় খণ্ড]
- শোনো হে মুমিন
- মালফূযাতে মুজাদ্দিদে দীন
- উন্নতির চাবিকাঠি
- সফলতার পথ
- ইসলাম কী ও কেন?
- ইসলামী যিন্দেগী
- মওদূদী মতবাদ
- ইসলাম খেলাফাত ধ্বংসের প্রকৃত ইতিহাস
- সন্তানের শ্রেষ্ঠ উপহার
- বিভিন্ন ধর্মগ্রন্থে মহানবী সা.
- দাওয়াত ও তাবলীগ (ভাষণ সমগ্র-২)
- মহানবী সা.-এর সভ্য পৃথিবীর ঋণ স্বীকার
- দাওয়াত ও তাবলীগের মূলনীতি
- হেদায়াতের জন্য কিতাবুল্লাহ ও রিজালুল্লাহ উভয়টিই জরুরী
- ঈদবার্তা
- হৃদয়ের আলো
- সতর্কবাণী
- খৃষ্টধর্ম না পৌলবাদ?
- তোহফাতুল আখতার
- কুরআনে হাকীম ও আমাদের যিন্দেগী
- নারীর মর্যাদা ও অধিকার
- আপনার সমীপে আপনার আমানত

অনুমোদিত এজেন্টগণের নাম ও ঠিকানা

ইদ্রিসিয়া কুতুবখানা, মাদানী নগর, নারায়ণগঞ্জ। ০১৯৭১-৩৭৭১৮৯	আল খায়ের প্রকাশনী, ৫০ বাংলাবাজার, ঢাকা। ০১৭১৪-২৬৩৯৪১
হাকীমুল উম্মত প্রকাশনী, ১১ বাংলাবাজার, ঢাকা। ০১৯১৪-৭৩৫৬১৫	আযাদ লাইব্রেরী, ৫০ বাংলাবাজার, ঢাকা। ০১৭৪১-৬৮৯১৭৮
নিউ রাহমানিয়া লাইব্রেরী, মুহাম্মাদপুর, ঢাকা। ০১৬২৮-১০৫৫১১	আল-কুরআন প্রকাশনী, ৫০ বাংলাবাজার, ঢাকা। ০১৭৩৫-২৯২৯৮৯
হক্কানী কুতুবখানা, বড় মসজিদ মার্কেট, ময়মনসিংহ। ০১৭১৯-৯৫৯৮৬৭	আশরাফিয়া বুক হাউস, বাংলাবাজার, ঢাকা। ০১৯১১-০০৬৮০৬
মাকতাবায়ে ইলমিয়্যাহ, মিরপুর-১০, ঢাকা। ০১৯৮২-২৩৩২৯৮	মাকতাবাতুল এহসান, কিতাব মার্কেট, যাত্রাবাড়ী, ঢাকা। ০১৯১৬-৮৩৩৫২৪
তানযিম কুতুবখানা, স্টেশন রোড, নরসিংদী। ০১৭১৪-৩৮৫৯১৯	আনোয়ার লাইব্রেরী, ১১ বাংলাবাজার, ঢাকা। ০১৯১৩-৬৮০০১০
আল-ইসলাম পাবলিকেশন্স, ৫০ বাংলাবাজার, ঢাকা। ০১৮১৫-৮৯৯৮৯৯	মোহাম্মাদী বুক হাউস, ১১ বাংলাবাজার, ঢাকা। ০১৭০৬-৭৬২৯৭২
মাকতাবাতুন নূর, সিটি বাণিজ্যিক ভবন (৩য় তলা), বন্দরবাজার, সিলেট। ০১৭৫৩-৭৬২৮৮০	রকমারী বুক এজেন্ট, ১১ বাংলাবাজার, ঢাকা। ০১৭৮৯-১৮৯৭৬৭
মাকতাবাতুদ দাওয়াহ, বাড়ী: ৫, রো:-১১/এ, সে:-১১, উত্তরা, ঢাকা। ০১৭৪৫-৮৯৯৩৪৭	মাকতাবাতুল আফনান, মাদানী নগর, নারায়ণগঞ্জ। ০১৯১৬-৫৮৪৯৩৯
আশরাফিয়া লাইব্রেরী, হাবীব সুপার মার্কেট, মিরপুর-১০, ঢাকা। ০১৭২৮-৯৬৫৬৬৮	দারুল কুরআন, হেলাতলা, খুলনা। ০১৭১৬-১৫৮৮০৯
কাসেমিয়া কুতুবখানা, বড় মসজিদ মার্কেট, ময়মনসিংহ। ০১৭১৯-৭৮১৭৭১	মাকতাবাতুল আযহার, ১১ বাংলাবাজার, ঢাকা। ০১৭১৫-০২৩১১৮
আল-ইখওয়ান লাইব্রেরী, চৌধুরী বাজার, হবিগঞ্জ। ০১৭৭৫-৬১৭০২৭	মাকতাবাতুশ শামস, জামে মসজিদ মার্কেট, বন্দরবাজার, সিলেট। ০১৭১৮-৩৭৭৪৭৭
বোখারী একাডেমী, ৫০ বাংলাবাজার, ঢাকা। ০১৯১৮-৮৮০৩৮৭	মাকতাবাতুর রাশীদ, মধ্যবাড্ডা, ঢাকা। ০১৮১১-৪৪৫৫৪৪

মাকতাবাতুল আশরাফ

مكتبة الأشرف

ইসলামী টাওয়ার, ১১ বাংলাবাজার, ঢাকা-১১০০। ফোন: +৮৮-০২-৯৫৮৯৩০৮, ০১৭১২-৮৯৫৭৮৫

 support@maktabatulashraf.com www.maktabatulashraf.com www.facebook.com/maktabatulashraf